যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের আওতায় ২০১৭-২০১৮ অর্থ বছরের এডিপিভুক্ত সমাপ্ত প্রকল্পের মূল্যায়ন প্রতিবেদনের সার-সংক্ষেপ :

ক্রঃ নং	মন্ত্রণালয়ের নাম	মোট সমাপ্ত প্রকল্পের সংখ্যা	সমাপ্ত প্রকল্পের ধরণ			মূল সময় ও ব্যয়ের তুলনায়				
			বিনিয়োগ প্রকল্পের সংখ্যা	কারিগরি প্রকল্পের সংখ্যা	জেডিসিএফ ভুক্ত প্রকল্পের সংখ্যা	সময় ও ব্যয় উভয়ই অতিক্রান্ত প্রকল্পের সংখ্যা	সময় অতিক্রান্ত প্রকল্পের সংখ্যা	সময় অতিক্রান্তের শতকরা হার (%) সর্বনিম্ন - সর্বোচ্চ	ব্যয় অতিক্রান্ত প্রকল্পের সংখ্যা	ব্যয় অতিক্রান্তের শতকরা হার (%) সর্বনিম্ন - সর্বোচ্চ
১।	যুব ও ক্রীড়া মন্ত্রণালয়	০৭টি	০৭টি	০০টি	০০টি	০৫টি	০৪টি	১ বছর ২০% ৪৫ মাস (৫০%)	০১টি	৮৫.৬০ (৭.২৫%) ৪৭৮.৫৩ (১৯.৯৪%)

১। সমাপ্ত প্রকল্পের সংখ্যা: ০৭টি

২। সমাপ্তকৃত প্রকল্পের প্রকৃত ব্যয় ও মেয়াদকাল

ক্র: নং	প্রকল্পের নাম	প্রকৃত ব্যয় (লক্ষ টাকায়)	প্রকৃত বাস্তবায়নকাল
১।	**যুব অধিদপ্তরঃ** “কর্মসংস্থান ও আত্মকর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে উপজেলা পর্যায়ে প্রশিক্ষণ কার্যক্রম জোরদারকরণ (সংশোধিত)” শীর্ষক প্রকল্প।	১০২৬১.৭৬	জানুয়ারি, ২০১২ হতে ডিসেম্বর, ২০১৭
২।	**জাতীয় ক্রীড়া পরিষদঃ** “নীলফামারী ও নেত্রকোনা জেলা স্টেডিয়াম উন্নয়ন ও রংপুর বিভাগে মহিলা ক্রীড়া কমপ্লেক্স নির্মাণ (সংশোধিত)” শীর্ষক প্রকল্প।	৯২৯৩.৫৯	অক্টোবর, ২০১৪ হতে জুন, ২০১৮
৩।	“মাওলানা ভাসানী হকি স্টেডিয়ামের ফ্লাড লাইট স্থাপন এবং ড্রেনেজ সিস্টেমের আধুনিকায়ন (১ম সংশোধিত)” শীর্ষক প্রকল্প।	১৭৮৩.৫২	জানুয়ারি,২০১৭ হতে জুন,২০১৮
৪।	“কুমিল্লা শহীদ ধীরেন্দ্রনাথ দত্ত স্টেডিয়াম (কুমিল্লা স্টেডিয়াম) উন্নয়ন এবং সুইমিংপুল নির্মাণ (১ম সংশোধিত)” শীর্ষক প্রকল্প।	২৮৬৬.২৩	জানুয়ারি,২০১৬ হতে জুন,২০১৮
৫।	“চট্টগ্রাম বিভাগীয় সদরে সুইমিংপুল নির্মাণ” শীর্ষক প্রকল্প।	১২৬৫.৬৮	ফেব্রুয়ারি, ২০১৬ হতে জুন, ২০১৮
৬।	**বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠানঃ** “বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠানে নতুন অন্তর্ভুক্ত ৫টি গেমের অবকাঠামো ও ক্রীড়া সুবিধাদির উন্নয়ন (সংশোধিত”) শীর্ষক প্রকল্প।	২৩৮১.৩৬	জানুয়ারি, ২০১৬ হতে জুন,২০১৮
৭।	‘বিকেএসপির হকি টার্ফ স্থাপন এবং বিদ্যমান সিনথেটিক ট্র্যাক প্রতিস্থাপন ’ শীর্ষক প্রকল্প।	২৪২২.০৯	জুলাই, ২০১৬ হতে জুন, ২০১৮

৩। সমাপ্ত প্রকল্পের ব্যয় ও মেয়াদ বৃদ্ধির কারণ

প্রকল্পের নাম	মেয়াদ বৃদ্ধির কারণ
(১)মাওলানা ভাসানী হকি স্টেডিয়ামে ফ্লাড লাইট স্থাপন এবং ড্রেনেজ সিস্টেমের আধুনিকায়ন (১ম সংশোধিত) প্রকল্প (২)কুমিল্লা ধীরেন্দ্রনাথ দত্ত স্টেডিয়াম (কুমিল্লা স্টেডিয়াম) উন্নয়ন ও সুইমিং পুল নির্মাণ (১ম সংশোধিত) প্রকল্প	(ক) প্রকল্পের অনুকূলে বছর ভত্তিক প্রযোজনীয় বরাদ্দ না পাওয়া; (খ) চুক্তি মোতাবেক কর্মপরিকল্পনার আলোকে ঠিকাদার প্রতিষ্ঠান কর্তৃক যথাসময়ে কাজ সম্পন্ন না করা।

৪। সমাপ্তকৃত প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে প্রধান প্রধান সমস্যা ও সুপারিশ

ক্রমিক নং	সমস্যাসমূহ	সুপারিশসমূহ
১.	১) আলোচ্য প্রকল্পের আওতায় গৃহীত কার্যক্রম বাস্তবায়নের জন্য যুব উন্নয়ন অধিদপ্তরে র নিয়োজিত বিদ্যমান জনবলের অতিরিক্ত দায়িত্ব পালনের জন্য প্রকল্প হতে তাদের জন্য প্রণোদনামূলক আর্থিক কোন সুবিধা বরাদ্দ না থাকা; ২) রাজস্ব কার্যক্রম/প্রকল্পের কার্যক্রম বাস্তবায়নে যুব উন্নয়ন অধিদপ্তরের বিদ্যমান ক্রেডিট সুপারভাইজারদের (সি.এস) জন্য মোটর সাইকেল না থাকা/ভ্রমণ ভাতা পর্যাপ্ত না থাকা; ৩) প্রতি ব্যাচে প্রশিক্ষণার্থীর লক্ষ্যমাত্রা ৪০ জন নির্ধারিত থাকায় সবসময় লক্ষ্যমাত্রা অনুযায়ী প্রশিক্ষণার্থী না পাওয়া (বিশেষ করে পার্বত্য এলাকায়), ৪০ জন প্রশিক্ষণার্থীদের জন্য প্রশিক্ষণ উপযোগি ভেন্যু না পাওয়া এবং সর্বোপ রি প্রশিক্ষণের গুণগত মান বজায় রাখা কষ্টসাধ্য; ৪) প্রায় ৪ ঘন্টাব্যাপি এ প্রশিক্ষণে প্রশিক্ষণার্থীর জন্য দৈনিক ভাতা এবং যাতায়াত ভাতাসহ টিফিনের কোন সংস্থান না থাকা; ৫) প্রতিটি প্রশিক্ষণে ব্যবহারিক পাঠদানের আবশ্যকতাসহ এ খাতে প্রয়োজনীয় বরাদ্দ না থাকা এবং পর্যাপ্ত প্রশিক্ষণ উপকরণের সরবরাহ না থাকা; ৬) প্রকল্পে মোট বরাদ্দকৃত ঋণ তহবিলের বিপরীতে নির্ধারিত ঋণীর সংখ্যার আনুপাতিক বিশ্লেষণে দেখা যায় যে, উপজেলাওয়ারি ২,১৬০ জন প্রশিক্ষণার্থীর বিপরীতে উপজেলাওয়ারি প্রায় ১৫ জনের জন্য ২৫ হাজার টাকা করে প্রায় ৩.৭৫ লক্ষ টাকা ঋণ প্র দানের সংস্থান প্রয়োজনের তুলনায় অত্যন্ত অপ্রতুল; ৭) প্রকল্পের আওতায় উপজেলাওয়ারি ঋণীর সংখ্যা এবং ঋণীদের মাথাপিছু বিতরণকৃত ঋণের পরিমাণে পরিলক্ষিত অসামঞ্জস্যতা/তারতম্য; ৮) স্থানীয় চাহিদার ভিত্তিতে এবং কর্মসংস্থান উপযোগি ট্রেড নির্বাচন না হওয়া , দক্ষ প্রশিক্ষক নিয়োগ এবং ট্রেডের মেয়াদ যৌক্তিক পর্যায়ে নির্ধারণ না হওয়া; ৯) প্রশিক্ষণ পরবর্তী কোন ফলো-আপ না থাকা; ১০) রাজস্ব বাজেটের আওতায় সি .এস.দের জন্য নির্ধারিত বাৎসরিক ঋণের সিলিং -এর মধ্যে প্রকল্পের আওতায় প্রদেয় ঋণের পরিমাণ অন্তর্ভুক্ত না থাকা;	১) ভবিষ্যতে এ জাতীয় প্র কল্পের আওতায় গৃহীত কার্যক্রম যুব উন্নয়ন অধিদপ্তরের নিয়োজিত বিদ্যমান জনবল দ্বারা পরিচালিত হলে অতিরিক্ত দায়িত্ব পালনের জন্য প্রকল্প হতে তাদের জন্য প্রণোদনামূলক আর্থিক সুবিধার সংস্থান রাখা যেতে পারে। এর পাশাপাশি রাজস্ব বাজেটের আওতায় পরিচালিত কার্যক্রমের যথা সম্ভব সমন্বয় ঘটাতে হবে; ২) রাজস্ব কার্যক্রম /প্রকল্পের কার্যক্রম বাস্তবায়নে যুব উন্নয়ন অধিদপ্তরের বিদ্যমান ক্রেডিট সুপারভাইজারদের (সি.এস) জন্য আলাদা কোন মোটর সাইকেল না থাকায় /ভ্রমণ ভাতা পর্যাপ্ত না থাকায় প্রশিক্ষণার্থী নির্বাচন, ঋণ বিতরণ, ঋণ আদায়সহ অন্যান্য আনুষঙ্গিক কার্যক্রম বাস্তবায়ন কষ্টসাধ্য বিধায় প্রয়োজনানুসারে এ খাতে যৌক্তিক সংস্থান রাখা যেতে পারে; ৩) রাজস্ব বাজেটের আওতায় সি .এসদের জন্য নির্ধারিত বাৎসরিক ঋণের সিলিং এর মধ্যে প্রকল্পের আওতায় প্রদেয় ঋণের পরিমাণ অন্তর্ভুক্ত করা যেতে পারে; ৪) প্রতি ব্যাচে প্র শিক্ষণার্থীর লক্ষ্যমাত্রা ৪০ জন নির্ধারিত থাকায় সবসময় লক্ষ্যমাত্রা অনুযায়ী প্রশিক্ষণার্থী পাওয়া যায়না। এ ক্ষেত্রে প্রতি ব্যাচে প্রশিক্ষণার্থীর লক্ষ্যমাত্রা ২০-২৫ জন নির্ধারণ করা যেতে পারে। এতে লক্ষ্যমাত্রা অনুযায়ী প্রশিক্ষণার্থী পাওয়া (বিশেষ করে পার্বত্য এলাকায়), প্রশিক্ষণ উপযোগি ভেন্যু পাওয়া এবং সর্বোপরি প্রশিক্ষণের গুণগত মান বজায় রাখা সম্ভব হবে মর্মে প্রতীয়মান হয়; ৫) প্রায় ৪ ঘন্টাব্যাপি পরিচালিত এ জাতীয় প্রশিক্ষণে প্রশিক্ষণার্থীর জন্য দৈনিক ভাতা/যাতায়াত ভাতাসহ ন্যূনতম টিফিনের সংস্থান রাখা যেতে পারে; ৬) প্রতিটি প্রশিক্ষণে বিশেষ করে ১৪/২১ দিন মেয়াদি ট্রেডে ব্যবহারিক পাঠদানের আবশ্যকতাসহ এ খাতে প্রয়োজনীয় বরাদ্দ রাখতে হবে। পাশাপাশি ট্রেডভিত্তিক পর্যাপ্ত প্রশিক্ষণ উপকরণ সরবরাহ নিশ্চিত করতে হবে ; ৭) সমাপ্ত এ প্রকল্পে উপজেলাওয়ারি প্রশিক্ষিতের সংখ্যা বিবেচনায় বরাদ্দকৃত ঋণ তহবিলের পরিমাণ ও সংখ্যা অপ্রতুল এবং উপজেলাওয়ারি ঋণীর সংখ্যা , ব্যক্তিভিত্তিক বিতরণকৃত ঋণের পরিমাণে অসামঞ্জস্যতা পরিলক্ষিত হয়। ভবিষ্যতে এ জাতীয় প্রকল্প গ্রহণের সময় এ বিষয়গুলো সঠিকভাবে চিহ্নিত করে উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করতে হবে ; ৮) প্রশিক্ষণের ক্ষে ত্রে স্থানীয় চাহিদা , কর্মসংস্থান ও সময় উপযোগি ট্রেড নির্বাচন , দক্ষ প্রশিক্ষক নিয়োগ এবং ট্রেডের মেয়াদ যৌক্তিক পর্যায়ে নির্ধারণের বিষয়ে প্রাধান্য দিতে হবে। এছাড়া কর্মসংস্থান ও আত্মকর্মসংস্থান সৃষ্টিতে প্রশিক্ষণের ভূমিকা / অবদান রাখার লক্ষ্যে নির্দিষ্ট সময় অন্তর প্রশিক্ষণ পরবর্তী ফলো -আপের সংস্থান রাখতে হবে এবং নিয়মিত আপডেট করতে হবে ; ৯) প্রায় সারা দেশব্যাপি গৃহীত এ প্রকল্পের (৫৭টি জেলার ৪৪২টি উপজেলা) আওতায় প্রকল্প কার্যক্রমের প্রসারতা অনেক বেশি ছিল বিধায় এ জাতীয় প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে যুব উন্নয়ন অধিদপ্তরে র সংশ্লিষ্ট জেলা/উপজেলা এবং প্রকল্প বাস্তবায়ন ইউনিটের সক্ষমতা বৃদ্ধি করতে হবে; এবং ১০) ভবিষ্যতে এ জাতীয় প্রকল্পের পরিকল্পনা প্রণয়নের ক্ষেত্রে প্রকল্পের প্রাক্কলিত ব্যয়ের মধ্যে অভিষ্ট জনগোষ্ঠী (End Users) এর জন্য বরাদ্দের পরিমাণ ও গুণগত ব্যয়ের বিষয়টি যথোপযু ক্তভাবে নিশ্চিত করতে হবে ;

ক্রমিক নং	সমস্যাসমূহ	সুপারিশসমূহ
২.	১) প্রকল্পটি জিওবি অর্থায়নে বাস্তবায়িত এবং সরকারের অর্থের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণে অডিট কার্যক্রম সম্পন্ন করা আবশ্যক। কিন্তু প্রকল্পের আওতায় কোন এক্সটারনাল অডিট কার্যক্রম সম্পন্ন হয়নি।	১) অনুমোদিত আরডিপিপি অনুযায়ী ৯৩৫১.৩৯ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে প্রকল্পটি অক্টোবর,২০১৪ হতে জুন,২০১৮ মেয়াদে বাস্তবায়িত হয়। প্রাক্কলিত ব্যয়ের বিপরীতে আর্থিক অগ্রগতি ৯২৯৩.৫৯ লক্ষ টাকা (৯৯.৩৮%) এবং বাস্তব অগ্রগতি ১০০%। প্রকল্পের আওতায় সকল কার্যক্রম নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করা হয়েছে মর্মে পিসিআর এ উল্লেখ রয়েছে এবং অব্যয়িত অর্থ সরকারী কোষাগারে (সুদসহ) চালানের মাধ্যমে জমা প্রদান করা হয়েছে মর্মে পিসিআর এ উল্লেখ করা হয়েছে। ভবিষ্যতে প্রকল্পের কার্যক্রম গতিশীল করতে সকলকে আরো উদ্যোগী হতে হবে ; ২) প্রকল্প সমাপ্তির ৩ (তিন) মাসের মধ্যে পিসিআর প্রেরণ করার বিধান রয়েছে। কিন্তু পিসিআরটি ১ বছর ৬ মাস পর প্রেরণ করা হয়েছে। ভবিষ্যতে প্রকল্প সমাপ্তির ৩ (তিন) মাসের মধ্যে পিসিআর প্রকল্প কর্তৃপক্ষের নিকট প্রেরণ নিশ্চিত করতে হবে ; ৩) প্রকল্পটি জিওবি অর্থায়নে বাস্তবায়িত এবং সরকারের অর্থের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণে দ্রুত অডিট কার্যক্রম সম্পন্ন করে অডিট রিপোর্ট এ বিভাগে প্রেরণ নিশ্চিত করতে হবে ।
৩.	১) **ব্যয় বৃদ্ধি :** প্রকল্প বাস্তবায়নে প্রকল্পের প্রাক্কলিত ব্যয় বৃদ্ধি হয়েছে । ভবিষ্যতে প্রকল্পের নির্ধারিত প্রাক্কিলত ব্যয় ও বরাদ্দের মধ্যে সকল কাজ সম্পন্ন করা বাঞ্ছনীয় হবে । ২) **পূর্ত কাজ :** পরিদর্শনকালে ড্রেসিং রুমের দেয়ালের কিছু অংশ ধসে যাওয়া, গ্যালারী শেডের কিছু অংশ ভেঙ্গে যাওয়া, গ্যালারী শেডের কিছু অংশে চেয়ার ভেঙ্গে যাওয়া, রং নষ্ট হয়ে যাওয়া দৃষ্টিগোচর হয়েছে। সেগুলো পুনঃরায় সংস্কার বা মেরামত করা প্রয়োজন। ৩) **পিসিআর (PCR) প্রেরণে বিলম্ব** : প্রকল্প সমাপ্তির ১ (এক) বছর পর পিসিআর প্রেরণ করা হয়েছে। ভবিষ্যতে প্রকল্প সমাপ্তির ৩ মাসের মধ্যে পিসিআর প্রেরণ নিশ্চিত করতে হবে ।	১) প্রকল্পের আওতায় আরডিপিপিতে প্রাক্কলিত ব্যয় ১৭৮৪.৮৪ লক্ষ টাকার সংস্থান ছিল, এর বিপরীতে প্রকৃত ব্যয় হয়েছে ১৭৮৩.৫২ লক্ষ টাকা, অব্যয়িত রয়েছে ০১.৩২ লক্ষ টাকা । অর্থাৎ আর্থিক অগ্রগতি ৯৯.৯৩% ও বাস্তব অগ্রগতি ১০০%। তবে অব্যয়িত অর্থের মধ্যে চালান নং ৪০২, তারিখঃ ০৯/১০/২০১৮ এর মাধ্যমে জাতীয় ক্রীড়া পরিষদ কর্তৃক সরকারী কোষাগারে ৪৮,৩১৯/-টাকা (আটচল্লিশ হাজার তিনশত উন্নিশ) জমা করা হয়েছে। অবশিষ্ট অব্যয়িত ৮৩,৬৮১.০০ টাকা কোথায় কি অবস্থায় আছে সে সম্পর্কে কোন তথ্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষ প্রদান করেন নাই। বিষয়টি মন্ত্রণালয় খতিয়ে দেখে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে পারে ; ২) প্রকল্পের আওতায় আভ্যন্তরীণ অডিট হয়েছে। কিন্তু External অডিট হয়নি। External অডিট সম্পন্ন করা আবশ্যক; ৩) পরিদর্শনকালে ড্রেসিং রুমের দেয়ালের কিছু অংশ ধসে যাওয়া, গ্যালারী শেডের কিছু অংশ ভেঙ্গে যাওয়া, গ্যালারী শেডের কিছু অংশে চেয়ার ভেঙ্গে যাওয়া, রং নষ্ট হয়ে যাওয়া দৃষ্টিগোচর হয়েছে। সেগুলো পুনঃরায় সংস্কার বা মেরামত করা প্রয়োজন। এ বিষয়ে মন্ত্রণালয় খতিয়ে দেখে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা আবশ্যক; ৪) প্রকল্প সমাপ্তির ১ (এক) বছর পর পিসিআর প্রেরণ করা হয়েছে। ভবিষ্যতে প্রকল্প সমাপ্তির ৩ মাসের মধ্যে পিসিআর প্রেরণ নিশ্চিত করতে হবে ; ৫) ভবিষ্যতে প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে প্রকল্পের প্রাক্কলিত ব্যয় সীমার মধ্যে বাস্তবায়ন নিশ্চিত করার বিষয়ে সচেতন থাকতে হবে;
৪.	১) প্রকল্পটি জুন,২০১৮ মাসে সমাপ্ত হলেও পিসিআর প্রেরণ করা হয়েছে ০৯ সেপ্টেম্বর,২০১৯ তারিখে। প্রকল্প সমাপ্তির ০৩ (তিন) মাসের মধ্যে পিসিআর প্রেরণের বাধ্যবাধকতা থাকলেও যুব ও ক্রীড়া মন্ত্রণালয় কর্তৃক প্রকল্প সমাপ্তির ১৫ মাস বা ১ বছর ৩ মাস পর পিসিআর প্রেরণ করা হয় যা নীতিমালার পরপন্থি ; ২) প্রকল্পের আওতায় স্টেডিয়ামের মূল গেইটের উপরের অংশে ফোটা ফোটা দাগ পড়ে আছে বা রং নষ্ট হয়ে গেছে যা দেখতে দৃষ্টিকটুর লাগছে। পুনঃরায় মূল গেইটটি রং করা প্রয়োজন ; ৩) প্রকল্পের আওতায় স্টেডিয়ামের ভিতরে মাঠের চারিদিকে ড্রেন নির্মাণ করা হয়েছে, ড্রেনের উপরে যে ঢাকনা দেয়া হয়েছে তা অত্যন্ত পুরাতন ও অপরিস্কার এবং দৃষ্টিকটুর বলে প্রতীয়মান হয়েছে ; ৪) প্রকল্প বাস্তবায়নে সময় ও ব্যয় বৃদ্ধি পাওয়ায় সুফল প্রাপ্তিতে বিলম্ব হয়েছে ; ৫) প্রকল্পের আওতায় কিছু কিছু জায়গায় যেমন-সুইমিং পুল ভবনের ড্রেসিং রুম, পাশের দেয়াল, প্যাভিলিয়ন ভবনে	১) আরডিপিপি ও পিসিআর অনুযায়ী প্রকল্পটির প্রাক্কলিত ব্যয় ছিল ২৮৭৮.৪৮ লক্ষ টাকা এর বিপরীতে প্রকৃত ব্যয় হয়েছে ২৮৬৬.২৩ লক্ষ টাকা, অর্থাৎ আর্থিক অগ্রগতি ৯৯.৫৭% এবং বাস্তব অগ্রগতি ১০০% । অব্যয়িত রয়েছে ১২.১৫ লক্ষ টাকা যা কোন খাতে ব্যয় করা হয়েছে সে সম্পর্কে কোন তথ্য কর্তৃপক্ষ প্রদান করেন নাই। বিষয়টি মন্ত্রণালয় খতিয়ে দেখে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে পারে ; ২) প্রকল্পটি জুন,২০১৮ মাসে সমাপ্ত হলেও পিসিআর প্রেরণ করা হয়েছে ০৯ সেপ্টেম্বর,২০১৯ তারিখে। প্রকল্প সমাপ্তির ০৩ (তিন) মাসের মধ্যে পিসিআর প্রেরণের বাধ্যবাধকতা থাকলেও যুব ও ক্রীড়া মন্ত্রণালয় কর্তৃক প্রকল্প সমাপ্তির ১৫ মাস বা ১ বছর ৩ মাস পর পিসিআর প্রেরণ করা হয় যা নীতিমালার পরপন্থি। ভবিষ্যতে প্রকল্প সমাপ্তির ৩ মাসের মধ্যে পিসিআর প্রেরণ নিশ্চিত করতে যত্নবান হতে হবে ; ৩) প্রকল্পের আওতায় স্টেডিয়ামের মূল গেইটের উপরের অংশ, সুইমিং পুল ভবনের ড্রেসিং রুম, প্যাভিলিয়ন ভবনের দেয়াল, মিডিয়া রুমের দেয়াল ও পাবলিক টয়লেটসহ বিভিন্ন জায়গায় যে ত্রুটি বিচ্যুতি রয়েছে তার মেরামত/সংস্কার করার উদ্যোগ নিতে হবে; ৪) প্রকল্পের আওতায় স্টেডিয়ামের ভিতরে মাঠের চারিদিকে ড্রেন নির্মাণ করা হয়েছে, ড্রেনের উপরে যে ঢাকনা দেয়া হয়েছে তা অত্যন্ত

ক্রমিক নং	সমস্যাসমূহ	সুপারিশসমূহ
	দেয়াল, মিডিয়া রুমের দেয়াল এবং পাবলিক টয়লেটের দেয়ালে রং উঠে খোসা খোসা ধসের দাগ রয়েছে যা দেখতে দৃষ্টিকটুর মনে হয়েছে। সেগুলো পুনঃরায় সংস্কার করা যেতে পারে ; ৬ পিসিআর এ বিভিন্ন তথ্যে বা আইটেমসমূহের হি সাবে ভুল পাওয়া গেছে। ভবিষ্যতে সঠিক ও নির্ভূল পিসিআর প্রেরণে সতর্কতা অবলম্বন করা আবশ্যক।	পুরাতন ও অপরিস্কার এবং দৃষ্টিকটু বলে প্রতীয়মান হয়েছে । এ বিষয়ে কর্তৃপক্ষ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে পারে ; ৫) ভবিষ্যতে প্রকল্প নির্ধারিত সময় ও ব্যয়ের মধ্যে সম্পন্ন করার বিষয়ে যত্নবান হতে হবে। সেই সাথে সঠিক ও নির্ভুল পিসিআর প্রেরণের বিষয়ে সতর্কতা অবলম্বন করতে হবে ; ৬) প্রকল্পের আওতায় আভ্যন্তরীণ অডিট হয়েছে। কিন্তু External অডিট হয়নি। External অডিট সম্পন্ন করা আবশ্যক (অনুচ্ছেদ ১২)।
৫.	১) যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের রাজস্ব বাজেটের আওতায় পরিচালন ও রক্ষণাবেক্ষণ ব্যয়ের জন্য পর্যাপ্ত বরাদ্দ প্রাপ্তি নিশ্চিত হয় না। নির্মিত অবকাঠামোর পরিচালন ও রক্ষণাবেক্ষণ খাতে খুব অল্প পরিমা ণে বাৎসরিক বরাদ্দ প্রদান করা হয়ে থাকে যা দিয়ে প্রয়োজনীয় সংস্কার ও মেরামত কার্যক্রম সম্পন্ন করা সম্ভব হয় না। ২) প্রকল্পটি সমাপ্ত হওয়ার ১ (এক) বছর পরও কোন টুর্ণামেন্ট আয়োজন /প্রশিক্ষণের লক্ষ্যে নির্মিত এ অবকাঠামোটি (সুইমিংপুল) অদ্যাবধি ব্যবহার হয়নি। ৩) প্রকল্পের আওতায় নির্মিত সুইমিংপুলসহ অবকাঠামো রক্ষণাবেক্ষণের জন্য প্রয়োজনীয় সংখ্যক জনবল প্রয়োজন। বর্তমানে সংশ্লিষ্ট জেলা ক্রীড়া সংস্থার পর্যাপ্ত জনবল নেই/নিয়োগ প্রক্রিয়াধীন বিধায় প্রয়োজনীয় পরিস্কার পরিচ্ছন্নতা কার্যক্রম পরিচালিত হয়নি। ৪) মোট ১২৬৫.৬৯ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়সম্বলিত প্রকল্পের কার্যক্রম বাস্তবায়নের সময়/সমাপ্তির পর নির্মিত এ অবকাঠামোয় কোন নামফলক স্থাপন করা হয়নি। ৫) পরিদর্শনের সময় সুইমিংপুলের পানি দীর্ঘদিন ব্যবহার না করার কারণে অপরিস্কার পরিলক্ষিত হয় এবং পুলের টাইলসে শ্যাওলা জমে থাকতে দেখা যায়। এ ছাড়া সুইমিংপুলে দীর্ঘদিন পানি সংরক্ষণের কারণে ফিলট্রেশন প্লান্টের সমস্যা হতে পারে। ৬) প্রকল্পের আওতায় নির্মিত ভবনের দু-এক জায়গায় এবং সীমানা প্রাচীরের এক জায়গায় হেয়ার ক্র্যাক পরিদর্শনের সময় পরিলক্ষিত হয়। এছাড়া সুইমিংপুলের পানি উপচে পড়ে পুল সংলগ্ন কলাপসিবল গেটে দীর্ঘদিন পানি জমে থাকার কারণে সেখানে হালকা মরিচা পরিলক্ষিত হয়। ৭) প্রকল্পটি জিওবি অর্থায়নে বাস্তবায়িত এবং সরকারের অর্থের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণে অডিট কার্যক্রম সম্পন্ন করা আবশ্যক। কিন্তু প্রকল্পের আওতায় কোন ইন্টারনাল ও এক্সটারনাল অডিট কার্যক্রম সম্পন্ন হয়নি।	১) যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের আওতায় নির্মিত অবকাঠামোর প্রয়োজনীয় সংস্কার ও মেরামতের লক্ষ্যে রাজস্ব বাজেটের আওতায় পরিচালন ও রক্ষণাবেক্ষণ ব্যয়ের জন্য পর্যাপ্ত বরাদ্দ প্রাপ্তি নিশ্চিত করতে হবে। এক্ষেত্রে প্রতিষ্ঠানের নিজস্ব আয়ের বিষয়টিও বিবেচনায় নিতে হবে ; ২) টুর্ণামেন্ট আয়োজন /প্রশিক্ষণের লক্ষ্যে নির্মিত এ অবকাঠামোদি (সুইমিংপুল) প্রকল্প সমাপ্ত হওয়ার ১ (এক) বছর পরও অদ্যাবধি কেন ব্যবহার হয়নি এ বিষয়ে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক আইএমইডিকে অবহিত করতে হবে ; ৩) প্রকল্পের আওতায় নির্মিত সুইমিংপুলসহ অবকাঠামো র ক্ষণাবেক্ষণ এবং প্রয়োজনীয় পরিস্কার পরিচ্ছন্নতার জন্য সংশ্লিষ্ট জেলা ক্রীড়া সংস্থা কর্তৃক অতি সত্বর প্রয়োজনীয় সংখ্যক জনবল নিয়োগ প্রক্রিয়া সম্পন্নপূর্বক প্রতিষ্ঠানটির নিয়মিত কার্যক্রম পরিচালনার উদ্যোগ গ্রহণ করতে হবে ; ৪) বাস্তবায়িত এ প্রকল্পের মাধ্যমে নির্মিত অবকাঠামোর দৃশ্যমান কোন জায়গায় নামফলক স্থাপনের লক্ষ্যে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে ; ৫) প্রকল্পের মাধামে স্থাপিত ফিলট্রেশন প্লান্টের কার্যকারিতা বৃদ্ধির লক্ষ্যে এবং পুলের ব্যবহারকারিদের স্বাস্থ্য সুরক্ষা নিশ্চিতকল্পে সুইমিংপুলে নির্দ্দিষ্ট সময়ের পর পানি পরিবর্তন করতে হবে। সুইমিংপুলটি সচল রাখা এবং এর প্রয়োজনীয় রক্ষণাবেক্ষণ ব্যয় নির্বাহের লক্ষ্যে সংশ্লিষ্ট জেলা ক্রীড়া সংস্থার বিশেষ উদ্যোগ নিতে হবে ; ৬) প্রকল্পের আওতায় নির্মিত ভবনের দু -এক জায়গায় এবং সীমানা প্রাচীরের এক জায়গায় পরিদর্শিত হেয়ার ক্র্যাক এ বং সুইমিংপুলের পানি উপচে পড়ে পুল সংলগ্ন কলাপসিবল গেটে দীর্ঘদিন পানি জমে থাকার কারণে সেখানে পরিলক্ষিত হালকা মরিচা নিরসনসহ অন্যান্য সমস্যা (যদি থাকে) সমাধানকল্পে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে ; ৭) জাতীয় ক্রীড়া পরিষদ কর্তৃক নির্মিত অবকাঠামোর (স্টেডিয়াম, ইনডোর স্টেডিয়াম , সুইমিংপুল, ক্রীড়া কমপ্লেক্স) যথাযথ ব্যবহার নিশ্চিতকরণে টুর্ণামেন্ট আয়োজন , প্রশিক্ষণ ক্যালেন্ডার প্রণয়ন এবং প্রয়োজনীয় সংখ্যক জনবল নিয়োগের মাধ্যমে অবকাঠামো সচল রাখাসহ সার্বিক বিষয়ে যুব ও ক্রীড়া মন্ত্রণালয় কর্তৃক প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করা যেতে পারে ।
৬.	১) বিকেএসপির রাজস্ব বাজেটের আওতায় প্রত্যেক বছর তৃণমূল পর্যায় হতে ক্রীড়া প্রতিভাবানদের অন্বেষণপূর্বক স্বল্পমেয়াদি প্রশিক্ষণ প্রদানের লক্ষ্যে কার্যক্রম বাস্তবায়িত হচ্ছে। এর মাধামে প্রতি বছর বিকেএসপিতে নতুনভাবে অন্তর্ভুক্ত ৫টি গেম (টেবিল, টেনিস, তায়কোয়ানডো, কারাতে, উশু এবং ভলিবল) এ সম্ভাবনাময় প্রশিক্ষণার্থী (সীমিত আকারে) অন্তর্ভুক্ত হচ্ছে। তবে এ ৫টি গেমের ক্রীড়ী অবকাঠামোগত সুবিধাদি এবং প্রশিক্ষণের সুবিধাদি বিকেএসপির আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্রে /অন্যান্য ক্রীড়া সংগঠনে না থাকা /খুবই সীমিত আকারে থা কার কারণে সম্ভাবনাময় প্রতিভাবান প্রশিক্ষণার্থী /আগ্রহীর সংখ্যা তুলনামূলক অনেক কম পরিলক্ষিত হচ্ছে। ২) বিকেএসপি-তে নতুনভাবে অন্তর্ভুক্ত ৫টি গেম (টেবিল, টেনিস, তায়কোয়ানডো, কারাতে, উশু এবং ভলিবল) এ প্রতিবছর ২০০ জনকে প্রশিক্ষণ প্রদান করার লক্ষ্যমাত্রার	১) বিকেএসপিতে নতুনভাবে অন্তর্ভুক্ত ৫টি গেম (টেবিল টেনিস , তায়কোয়ানডো, কারাতে, উশু এবং ভ বিবল)সহ বিদ্যমান ১৭টি ডিসিপ্লিনে সম্ভাবনাময় প্রতিভাবান প্রশিক্ষণার্থী /শিক্ষার্থীর সংখ্যা বৃদ্ধির লক্ষ্যে রাজস্ব বাজেটের আওতায় প্রতি বছর তৃণমূল পর্যায় হতে ক্রীড়া প্রতিভাবানদের অন্বেষণের নিমিত্ত স্বল্পমেয়াদি প্রশিক্ষণ প্রদান কার্যক্রমের পাশাপাশি অন্যান্য ফলপ্র সু কার্যক্রম বাস্তবায়নের কার্যকরী উদ্যোগ গ্রহণ করা যেতে পারে ; ২) বিকেএসপিতে নতুন অন্তর্ভুক্ত ৫টি গেম (টেবিল টেনিস , তায়কোয়ানডো, কারাতে, উশু এবং ভবিবল) এ প্রতি বছর ২০০ জনকে প্রশিক্ষণ প্রদান করার লক্ষ্যমাত্রা অর্জনের পাশাপাশি গুণগত এবং টেকসই প্রশিক্ষণ প্র দানের লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের ওপর আরো বেশি গুরুত্বারোপ করতে হবে ; ৩) প্রয়োজনীয় অর্থ বরাদ্দের সুযোগ সীমিত থাকার কারণে দীর্ঘমেয়াদী কোচ নিয়োগ সম্ভব না হলে সাময়িকভাবে আন্তর্জাতিক কোচ নিয়োগ করা হলে আন্তর্জাতিক মানদন্ড অনুযায়ী দক্ষ খেলোয়াড় তৈরি এবং

ক্রমিক নং	সমস্যাসমূহ	সুপারিশসমূহ
	কথা প্রক ল্পের আরডিপিপিতে প্রণীত লগফ্রেমে উল্লেখ থাকলেও প্রকল্প সমাপ্তির এ পর্যায়েও তা পূরণ হয়নি। বাস্তবায়নকারি সংস্থা কর্তৃক প্রদত্ত তথ্য অনুযায়ী টেবিল টেনিস-৩৭ জন, তায়কোয়ানডো-৩০ জন, কারাতে-২৮ জন, উশু-৩৬ জন এবং ভলিবল -৩৪ জন প্রশিক্ষণার্থী বিদ্যমান রয়েছে। বিদ্যমান প্র শিক্ষণার্থীদের অধিকাংশ অর্থাৎ ৭৪.৮০% তৃণমূল পর্যায় হতে প্রতিভা অন্বেষণ কার্যক্রম হতে সংগৃহীত। ৩) বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান (বিকেএসপি)-তে নতুনভাবে অন্তর্ভুক্ত ৫টি গেম (টেবিল টেনিস , তায়কোয়ানডো, কারাতে উশু এবং ভলিবল) এর বিজ্ঞানসম্মত খেলাধুলা প্রশিক্ষ ণের সুযোগ সৃষ্টির লক্ষ্যে এবং আন্তর্জাতিক মানদন্ড অনুযায়ী দক্ষ খেলোয়াড় তৈরির লক্ষ্যে আন্তর্জাতিক কোচ আবশ্যক। কিন্তু প্রয়োজনীয় অর্থ বরাদ্দের সুযোগ সীমিত থাকার কারণে আন্তর্জাতিক কোচ নিয়োগ করা সম্ভব হয় না। ৪) বিকেএসপি-তে নতুনভাবে অন্তর্ভুক্ত ৫ট গেম (টেবিল টেনিস, তায়কোয়ানডো, কারাতে, উশু এবং ভলিবল) দেশব্যাপি বহুল প্রচলিত /জনপ্রিয় খেলা না হওয়ায় এবং তৃণমূল পর্যায়ে এগুলোর চর্চা /প্রসারতার সুযোগ না থাকায় তৃণমূল পর্যায় হতে ক্রীড়া প্রতিভা অন্বেষণ কার্যক্রম যেমন একদিকে ফলপ্রসু হয়না , অন্যদিকে অভিভাবকরা তাদের সন্তানদের ভ বিষ্যত বিবেচনায় এসব খেলায় সন্তানদের প্রশিক্ষণ গ্রহণে উৎসাহিত হন না। এছাড়া জেলা /উপজেলায় স্কুল পর্যায়ে বিভিন্ন ক্রীড়া প্রতিযোগিতা /টুর্ণামেন্ট আয়োজনের সুযোগ থাকলে এ ধরণের প্রতিভা আরো ব্যাপকভাবে বিস্তৃত/বিকশিত হয়। ৫) অনুমোদিত আরডিপিপিতে অত্যাধুনিক স্টীল স্ট্রাকচারের নির্মিত অবকাঠামোর আকস্মিক দূর্ঘটনা এড়ানোর জন্য প্রাথমিক পর্যায়ের প্রয়োজনীয় কোন ফায়ার ফাইটিং ইক্যুইপমেন্টের সংস্থান ছিল না। ৬) প্রকল্পটি জিওবি অর্থায়নে বাস্তবায়িত এবং সরকারের অর্থের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণে অডিট কার্যক্রম সম্পন্ন করা আবশ্যক। কিন্তু প্রকল্পের আওতায় কোন ইন্টারনাল ও এক্সটারনাল অডিট কার্যক্রম সম্পন্নের তথ্য পিসিআরে সংযোজন করা হয়নি। ৭) খেলাধুলায় প্রশিক্ষণ গ্রহণের পর জাতীয় পর্যায়ে /১ম শ্রেণিভূক্ত খেলোয়াড় হতে না পারলে এসব প্রশিক্ষণার্থী/শিক্ষার্থীদের ভবিষ্যৎ প্রায় অনিশ্চিত হয়ে পড়ে। এছাড়া এদের একাডেমিক ফলাফলও স্বাভাবিকভাবে আশানুরুপ না হওয়ার কারণে চাকরিক্ষেত্রে তারা তেমন সফল হতে পারেন না। ফলে পরবর্তীতে তাদের জীবিকা নির্বাহসহ জীবনযাপন অনেক দুর্বিসহ হয়ে পড়ে।	বিজ্ঞানসম্মত খেলাধুলা প্রশিক্ষণের সুযোগ সৃষ্টির সম্ভাবনার দ্বার উম্মোচিত হবে। এর মাধ্যমে দেশিয় প্রশিক্ষকদেরও রিফ্রেশমেন্ট প্রশিক্ষণের সুযোগ সৃষ্টি হবে। এ লক্ষ্যে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের উদ্যোগ নিতে হবে ; ৪) তৃণমূল পর্যায় হতে ক্রীড়া প্রতিভা অন্বেষণ কার্য ক্রম কার্যকরী ও ফলপ্রসু করার লক্ষ্যে এবং প্রতিভাবান /উপযুক্ত ফিজিক্যাল ফিটনেসধারীদের অভিভাবকদের উৎসাহিত করতে জেলা /উপজেলা স্কুল পর্যায়ে বিভিন্ন ক্রীড়া প্রতিযোগিতা /নিয়মিত টুর্ণামেন্ট আয়োজনের সুযোগ সৃষ্টি/বৃদ্ধির লক্ষ্যে শিক্ষা মন্ত্রণালয়ের সহযোগিতা/সমন্বয়ে যুব ও ক্রীড়া মন্ত্রণালয় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে ; ৫) খেলাধুলায় প্রশিক্ষণ গ্রহণের পর জাতীয় পর্যায়ে /১ম শ্রেণিভুক্ত খেলোয়াড় হতে না পারলে প্রশিক্ষণার্থী /শিক্ষার্থীদের ভবিষ্যৎ প্রায় অনিশ্চিত হয়ে পড়ে। এসব প্রশিক্ষণার্থী /শিক্ষার্থীদের ভবিষ্যৎ কেন্দ্রীয়ভাবে উদ্যোগ গ্রহণের মাধ্যমে নিশ্চিত করা গেলে শিক্ষার্থীদের আগ্রহ/অভিভাবকদের উৎসাহ আরো বৃদ্ধি পেত। এ বিষয়ে সংশ্লিষ্ট মন্ত্রণালয় প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে পারে ; ৬) ভবিষ্যতে স্টীল স্ট্রাকচারের অবকাঠামো নির্মাণসহ বড় আকারের অবকাঠামো নির্মাণে ফায়ার সার্ভিস ও সিভি ল ডিফেন্স অধিদপ্তরের পরামর্শক্রমে আকস্মিক দূর্ঘটনা এড়ানোর জন্য প্রাথমিক পর্যায়ের অত্যাবশ্যকীয় ফায়ার ফাইটিংইক্যুইপমেন্টের সংস্থান রাখতে হবে ; ৭) প্রকল্পের অনুকূলে বরাদ্দকৃত অর্থের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণে এক্সটারনাল অডিট কার্যক্রম সম্পন্ন করে অডিট রিপোর্ট আইএমইডিসহ সংশ্লিষ্ট অন্যান্য দপ্তরে প্রেরণ করতে হবে; ৮) নির্ধারিত মেয়াদে ও অনুমোদিত প্রাক্কলিত ব্যয়ের মধ্যে প্রকল্প সমাপ্তির ধারাবাহিকতা গুড প্র্যাকটিস হিসেবে যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের বাস্তবায়নাধীন অন্য সব প্রকল্পের ক্ষেত্রে অনুসরণীয় হতে পারে ।
৭.	১) বাংলাদেশে হকি ও এ্যাথলেটদের সম্ভাবনা থাকলেও জেলা ও উপজেলা পর্যায়ে অনুশীলনের জন্য প্রয়োজনীয় অবকাঠামো উন্নয়নের পাশাপাশি অনুশীলন /চর্চার জন্য প্রয়োজনীয় উপকরণের সংস্থান খুবই সীমিত থাকার কারণে এ খেলাধুলোর প্রসারতা চাহিদানুযায়ী বৃদ্ধি পাচ্ছে না। ২) জাতীয় হকি দলের সব খেলোয়াড় বিকেএসপি হতে সংগৃহীত মর্মে জানা যায়। বিকেএসপি হল বাংলাদেশের একমাত্র প্রতিষ্ঠান যেখানে আন্তর্জাতিক মানদন্ড অনুযায়ী হকি খেলার জন্য সিনথেটিক টাফ স্থাপন করা হয়েছে এবং প্রশিক্ষণার্থী/শিক্ষার্থীরা আন্তর্জাতিক মানের অবকাঠামো ব্যবহারের পর্যাপ্ত সুবিধা ও সময় পাচ্ছেন। হকি ও এ্যাথলেট খেলোয়াড় তৈরিতে বিকেএসপির পাশাপাশি ফেডারেশনগুলোকেও কার্যকর উদ্যোগ গ্রহণ করতে হবে। শুধুমাত্র জাতীয় পর্যায়ে টুর্ণামেন্ট আয়োজনের মধ্যে	১) বাংলাদেশে হকি ও এ্যাথলেটদের সম্ভাবনা থাকলেও এ খেলাধুলার প্রসারতা চাহিদানুযায়ী বৃদ্ধির লক্ষ্যে পর্যায়ক্রমে জেলা ও উপজেলা পর্যায়ে অনুশীলনের জন্য প্রয়োজনীয় অবকাঠামো উন্নয়নের পাশাপাশি অনুশীলন/চর্চার জন্য প্রয়োজনীয় উপকরণের সংস্থানের লক্ষ্যে ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে। ২) হকি ও এ্যাথলেট খেলোয়াড় তৈরিতে বিকেএসপির পাশাপাশি ফেডারেশনগুলোকেও কার্যকর উদ্যোগ গ্রহণ করতে হবে। এ লক্ষ্যে শুধুমাত্র জাতীয় পর্যায়ে টুর্ণামেন্ট আয়োজনের মধ্যে সীমাবদ্ধ না থেকে ফেডারেশনের উদ্যোগে আন্তঃজেলা/আন্তঃ বিভাগীয় টুর্ণামেন্ট আয়োজন করার লক্ষ্যে সংশ্লিষ্টদের অগ্রণী ভূমিকা নিতে হবে। ৩) প্রকল্পের ডিপিপি তে প্রণীত লগফ্রেম অনুযায়ী প্রতিবছর ২০০ জন হকি এবং এ্যাথলেটদের প্রশিক্ষণের পাশাপাশি ২৫ জন কোচের প্রশিক্ষণ প্রদান করার নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের লক্ষ্যে এবং হকি ও এ্যাথলেটিক্সে খেলোয়াড় ও কোচদের আন্তর্জাতিক মানদন্ড অনুযায়ী

ক্রমিক নং	সমস্যাসমূহ	সুপারিশসমূহ
	সীমাবদ্ধ না থেকে ফেডারেশনের উদ্যোগে আন্তঃজেলা/আন্তঃ বিভাগীয় টুর্ণামেন্ট আয়োজন করা যেতে পারে। ৩) প্রকল্পের ডিপিপিতে প্রণীত লগফ্রেম অনুযায়ী প্রতিবছর ২০০ জন হকি এবং এ্যাথলেটদের প্রশিক্ষণের পাশাপাশি ২৫ জন কোচের প্রশিক্ষণ প্রদান করার লক্ষ্যমাত্রা নির্ধারিত রয়েছে। কিন্তু সীমিত বরাদ্দের কারণে হকি ও এ্যাথলেটিক্সে খেলোয়াড় ও কোচদের আন্তর্জাতিক মানদন্ড অনুযা য়ী প্রশিক্ষণ প্রদানের লক্ষ্যে ভালমানের আন্তর্জাতিক প্রশিক্ষক/কোচ নিয়োগ করা যাচ্ছে না। এ লক্ষ্যে সাময়িকভাবে আন্তর্জাতিক কোচ নিয়োগের লক্ষ্যে রাজস্ব খাতে প্রয়োজনীয় অর্থ বরাদ্দের সংস্থান রাখা আবশ্যক। ৪) ভৌগোলিক অবস্থানগত কারণে তুলনামূলকভাবে কৌশল প্রয়োগকারি ক্রী ড়াঙ্গনে বাংলাদেশের অবদান /অবস্থান গৌরবান্বিত করার সম্ভাবনা অনেক বেশি। বর্তমানে জাতীয় এবং আন্তর্জাতিক পর্যায়ে হকি এবং এ্যাথলেটিক্স খেলায় উল্লেখযোগ্য সাফল্য প্রতিফলিত না হওয়ায় এ ধরণের খেলায় আগ্রহীদের সংখ্যা তুলনামূলক কম প্রতীয়মান হয়। ফলে স্বল্পমেয়াদি প্রশিক্ষ ণ/দীর্ঘমেয়াদি প্রশিক্ষণ সাময়িকভাবে ফলপ্রসু হলেও ভবিষ্যতের সুযোগ /সুবিধার কথা চিন্তা করে এসব খেলোয়াড়দের খেলায় স্থিতি /অবস্থান দীর্ঘমেয়াদি/টেকসই হয় না। ৫) খেলাধুলার সাথে সম্পৃক্ত থাকার কারণে এসব খেলোয়াড়দের একাডেমিক ফলাফল তুলনামূলক ভাল হয়না। ফলে খেলাধুলায় উল্লে খযোগ্য অবস্থান না থাকলে পরবর্তীতে এ জাতীয় কাজের সাথে সম্পৃক্ত চাকরির সুবিধা অনেক সীমিত থাকায় তারা হতাশাগ্রস্থ হয়ে পড়ে। এ লক্ষ্যে সর্বাগ্রে খেলোয়াড়দের ভবিষ্যৎ নিশ্চিতের লক্ষ্যে কেন্দ্রীয় হস্তক্ষেপের মাধ্যমে প্রাথমিকভাবে বিভাগীয় /জেলা পর্যায়ে কোচ/প্রশিক্ষক হিসেবে সম্পৃক্তকরণের প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করা যেতে পারে। এর ফলে খেলোয়াড় তৈরির প্রচেষ্টায়/সফল খেলোয়াড় তৈরিতে প্রতি খেলোয়াড়ের পিছনে সরকারের বিনিয়োগকৃত অর্থের সদ্ব্যবহার নিশ্চিত হবে, দেশব্যাপি খেলাধুলার চর্চা বৃদ্ধি পাবে এবং পাশাপাশি তৃণমূল পর্যায় হতে প্র তিভাবান খেলোয়াড় অন্বেষণ কার্যক্রম আরো ফলপ্রসু হবে। ৬) হকি এবং এ্যাথলেটিক্স ডিসিপ্লিনে অংশগ্রহণকারি খেলোয়াড়দের নিয়মিত প্রশিক্ষণের প্রয়োজন হয়। পাশাপাশি তাদের খেলা উপযোগি ফিজিক্যাল ফিটনেস নিশ্চিতকল্পে একজন পুষ্টিবিদের সার্বক্ষণিক তত্ত্বাবধান আবশ্যক। ৭) প্রকল্পটি জিওবি অর্থায়নে বাস্তবায়িত এবং সরকারের অর্থের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণে অডিট কার্যক্রম সম্পন্ন করা আবশ্যক। কিন্তু প্রকল্পের আওতায় কোন ইন্টারনাল ও এক্সটারনাল অডিট কার্যক্রম সম্পন্ন হয়নি।	প্রশিক্ষণ প্রদানের লক্ষ্যে ভাল মানের আন্তর্জাতিক প্রশিক্ষক /কোচ নিয়োগের লক্ষ্যে রাজস্ব খাতে প্রয়োজনীয় অর্থ বরাদ্দের সংস্থান রাখতে হবে। ৪) ভৌগোলিক অবস্থানগত কারণে কৌশল প্রয়োগকারি ক্রীড়াঙ্গনে বাংলাদেশের অবদান/অবস্থান গৌরবান্বিত করার সম্ভাবনা অনেক বেশি থাকা সত্ত্বেও এ ধরণের খেলায় আগ্রহীদের সংখ্যা বৃদ্ধির লক্ষ্যে খেলোয়াড়দের খেলায় স্থিতি /অবস্থান দীর্ঘমেয়াদি /টেকসইকরণের নিমিত্ত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। ৫) সফল খেলোয়াড় তৈরির প্রচেষ্টায় /সফল খেলোয়াড় তৈরিতে প্রতি খেলোয়াড়ের পিছনে সরকারের বিনিয়োগকৃত অর্থের সদ্ব্যবহার নিশ্চিতকরণ, দেশব্যাপি খে লাধুলার চর্চা বৃদ্ধিকরণ এবং পাশাপাশি তৃণমূল পর্যায় হতে প্রতিভাবান খেলোয়াড় অন্বেষণ কার্যক্রম আরো ফলপ্রসুকরণের লক্ষ্যে সর্বাগ্রে খেলোয়াড়দের ভবিষ্যৎ সুনিশ্চিত করতে হবে। এ লক্ষ্যে কেন্দ্রীয় হস্তক্ষেপের মাধ্যমে প্রাথমিকভাবে বিভাগীয়/জেলা পর্যায়ে কোচ /প্রশিক্ষক হিসেবে এদেরকে সম্পৃক্তকরণের প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণের বিষয়টি কর্তৃপক্ষ বিবেচনা করতে পারে। ৬) হকি এবং এ্যাথলেটিক্স ডিসিপ্লিনে অংশগ্রহণকারি খেলোয়াড়দের নিয়মিত প্রশিক্ষণের পাশাপাশি তাদের খেলা উপযোগি ফিজিক্যাল ফিটনেস নিশ্চিতকল্পে একজন পুষ্টিবিদের সার্বক্ষণিক তত্ত্বাবধান নিশ্চিত করতে হবে। ৭) প্রকল্প প্রণয়ন ও বাস্তবায়ন পর্যায়ে যথাযথভাবে পরিকল্পনার মাধ্যমে গুণগত মান নিশ্চিতপূর্বক নির্ধারিত সময়ের মধ্যে প্রকল্পের কার্যক্রম সমাপ্তির ধারাবাহিকতরা উদ্যোগ বিকেএসপিসহ যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের আওতাধীন সকল সংস্থার বাস্তবা য়নাধীন/বাস্তবায়িতব্য অন্যান্য প্রকল্পের ক্ষেত্রে অনুসরণীয় হতে পারে। ৮) স্থাপিত সিনথেটিক হকি টার্ফ এবং এ্যাথলেটিক টাফ এর দীর্ঘমেয়াদি স্থায়িত্ব নিশ্চিতকল্পে এর পরিচালনা এবং রক্ষণাবেক্ষণের জন্য বাস্তবায়নকারি সংস্থা /উদ্যোগী মন্ত্রণালয় কার্যকরী ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ নিশ্চিত করতে হবে। ৭) প্রকল্পের অনুকূলে বরাদ্দকৃত অর্থের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণে এক্সটারনাল অডিট কার্যক্রম সম্পন্ন করে অডিট রিপোর্ট আইএমইডিসহ সংশ্লিষ্ট অন্যান্য দপ্তরে প্রেরণ করতে হবে।

মাওলানা ভাসানী হকি স্টেডিয়ামের ফ্লাড লাইট স্থাপন এবং ড্রেনেজ সিস্টেমের আধুনিকায়ন(১ম সংশোধিত) শীর্ষক প্রকল্পের **সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন**

(জুন,২০১৮)

১। **প্রকল্পের নাম** : মাওলানা ভাসানী হকি স্টেডিয়ামের ফ্লাড লাইট স্থাপন এবং ড্রেনেজ সিস্টেমের আধুনিকায়ন (১ম সংশোধিত) সমাপ্ত প্রকল্প।

২। **উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ** : যুব ও ক্রীড়া মন্ত্রণালয়।

৩। **বাস্তবায়নকারী সংস্থা** : জাতীয় ক্রীড়া পরিষদ ।

৪। **প্রকল্প এলাকা** : ঢাকা ।

৫। প্রকল্পের ব্যয় ও বাস্তবায়নকাল :

প্রাক্কলিত ব্যয়		প্রকৃত ব্যয়	পরিকল্পিত বাস্তবায়নকাল		প্রকৃত বাস্তবায়নকাল	অতিক্রান্ত ব্যয় (মূল প্রাক্কলিত ব্যয়ের%)	অতিক্রান্ত সময় (অনুমোদিত বাস্তবায়ন কালের%)
মূল (প্রঃসাঃ)	সর্বশেষ সংশোধিত (প্রঃসাঃ) (সংস্থা)		মূল	সর্বশেষ সংশোধিত			
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)	(৮)
১০৪৮.০০ -	১৭৮৪.৮৪ -	১৭৮৩.৫২	জানুয়ারি,২০১৭ থেকে জুন,২০১৮	জানুয়ারি,২০১৭ থেকে জুন,২০১৮	জানুয়ারি,২০১৭ থেকে জুন,২০১৮	৭০.১৮%	-

পিসিআর (PCR) অনুযায়ী তথ্য প্রদান করা হয়েছে।

৬। **সাধারণ পর্যবেক্ষণ :**

৬.১। **পটভূমি :**

দেশি ও আন্তর্জাতিক হকি ম্যাচ/টুর্ণামেন্ট আয়োজনের জন্য মাওলানা ভাসানী হকি স্টেডিয়াম দেশের একমাত্র মানসম্পন্ন হকি স্টেডিয়াম। স্টেডিয়ামটিতে আন্তর্জাতিক মানের দিবা-রাত্রির ম্যাচ আয়োজনসহ নিয়মিত প্রশিক্ষণ ও টুর্ণামেন্ট আয়োজনের জন্য এর আধুনিকায়নের লক্ষ্যে মূল প্রকল্পটি মোট ১০.৪৮ কোটি টাকা প্রাক্কলিত ব্যয়ে জানুয়ারি,২০১৭ থেকে জুন,২০১৮ মেয়াদে বাস্তবায়নের নিমিত্ত গত ২১/০৩/২০১৭ তারিখে মাননীয় পরিকল্পনা মন্ত্রী কর্তৃক অনুমোদিত হয়। বর্তমানে খেলোয়াড়দের ড্রেসিং রুম সংস্কার, পার্কিং জায়গা বর্ধিতকরণসহ সমগ্র স্টেডিয়াম কমপ্লেক্স মেরামত, সংস্কার ও রংকরণ, ভিআইপি জোনের সামনে প্রধান ফটক পেভিং ব্লক, মিরর পলিশ টাইলস স্থাপন, বিদ্যমান মিডিয়া সেন্টার মেরামত, সংস্কার ও সম্প্রসারণ, স্ক্রিন/স্কোরবোর্ড স্থাপন, মিডিয়া সেন্টার, ড্রেসিং রুম, প্রেস কনফারেন্স রুম ও ফেডারেশন অফিস রুমের জন্য এসি স্থাপন এবং আউটার পেরিফেরিক্যাল কেবল, স্ট্রিট লাইট, সিকিউরিটি লাইট স্থাপন কাজ অন্তর্ভুক্তিপূর্বক পরবর্তীতে ১০/০৯/২০১৭ তারিখে মাননীয় পরিকল্পনা মন্ত্রী কর্তৃক প্রকল্পের মেয়াদকাল অপরিবর্তিত রেখে ১ম সংশোধিত প্রাক্কলিত ব্যয় প্রায় ১৭.৮৫ কোটি টাকা নির্ধারণপূর্বক অনুমোদিত হয়। অর্থাৎ ৭.৩৭ কোটি টাকা বৃদ্ধি করা হয়েছে। তারপর মেয়াদকাল ও মোট ব্যয় অপরিবর্তিত রেখে কিছু কিছু অঙ্গের ব্যয় সমন্বয় করা হয়।

৬.২। **উদ্দেশ্য:**

- আন্তর্জাতিক মানের দিবা-রাত্রির ম্যাচ আয়োজনের জন্য বিদ্যমান হকি স্টেডিয়ামের আধুনিকায়ন ;
- আন্তর্জাতিক হকি ফেডারেশনের মানদন্ড অনুসরণ করে মাওলানা ভাসানী হকি স্টেডিয়ামে আন্তর্জাতিক টুর্ণামেন্ট পরিচালনার লক্ষ্যে স্টেডিয়ামটির মান উন্নীতকরণ ;
- স্টেডিয়ামে ফ্লাড লাইট স্থাপন ; এবং
- বিদ্যমান ড্রেনেজ ব্যবস্থার আধুনিকায়ন ।

৬.৩। **প্রকল্পের অনুমোদন ও সংশোধন :**

মূল প্রকল্পটি মোট ১০.৪৮ কোটি টাকা প্রাক্কলিত ব্যয়ে জানুয়ারি,২০১৭ থেকে জুন,২০১৮ মেয়াদে বাস্তবায়নের নিমিত্ত গত ২১/০৩/২০১৭ তারিখে মাননীয় পরিকল্পনা মন্ত্রী কর্তৃক অনুমোদিত হয়। পরবর্তীতে ১০/০৯/২০১৭ তারিখে মাননীয় পরিকল্পনা মন্ত্রী কর্তৃক প্রকল্পের মেয়াদকাল অপরিবর্তিত রেখে ১ম সংশোধিত প্রাক্কলিত ব্যয় প্রায় ১৭.৮৫ কোটি টাকা নির্ধারণপূর্বক অনুমোদিত হয়। অর্থাৎ ৭.৩৭ কোটি টাকা বৃদ্ধি করা হয়েছে। তারপর মেয়াদকাল ও মোট ব্যয় অপরিবর্তিত রেখে কিছু কিছু অঙ্গের ব্যয় সমন্বয় করা হয়।

৬.৪। **মূল কার্যক্রম :**

ক) ড্রেনেজ ব্যবস্থা আধুনিকায়ন, খ) ফ্লাড লাইট স্থাপন, গ) বৈদ্যুতিক কাজ, ঘ) খেলোয়াড়দের ড্রেসিং রুম সংস্কার, ঙ) পার্কিং জায়গা বর্ধিতকরণসহ সমগ্র স্টেডিয়াম কমপ্লেক্স মেরামত, সংস্কার ও রংকরণ, চ) ভিআইপি জোনের সামনে প্রধান ফটক পেভিং ব্লক, মিরর পলিশ টাইলস স্থাপন, ছ) বিদ্যমান মিডিয়া সেন্টার মেরামত, সংস্কার ও সম্প্রসারণ, জ) স্ক্রিন/স্কোরবোর্ড স্থাপন, ঝ) মিডিয়া সেন্টার, ড্রেসিং রুম, প্রেস কনফারন্স রুম ও ফেডারেশন অফিস রুমের জন্য এসি স্থাপন এবং ঞ) আউটার পেরিফেরিক্যাল কেবল, স্ট্রিট লাইট, সিকিউরিটি লাইট স্থাপন।

৬.৫। **প্রকল্প পরিদর্শন :** প্রকল্পটি গত ০৫ আগস্ট,২০১৯ বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগের সহকারী পরিচালক জনাব মোঃ তাজুল ইসলাম কর্তৃক প্রকল্প এলাকা সরেজমিনে পরিদর্শন করা হয়। পরিদর্শনকালে প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।

৬.৬। **প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্য :**

ক্রমিক নম্বর	কর্মকর্তার নাম ও পদবী	পূর্ণকালীন/খন্ডকালীন	সময়কাল
০১.	নারায়ণ চন্দ্র দেবনাথ পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) ও প্রকল্প পরিচালক	খন্ডকালীন	১৩-০৮-২০১৫ থেকে ০৯-০৮-২০১৭ পর্যন্ত।
০২.	মোঃ শুকুর আলী পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) ও প্রকল্প পরিচালক	খন্ডকালীন	০৯-০৮-২০১৭ থেক ৩০-০৬-২০১৮ পর্যন্ত।

পিসিআর (PCR) অনুযায়ী তথ্য প্রদান করা হয়েছে।

৭। প্রকল্পের অঙ্গভিত্তিক আর্থিক ও বাস্তব অগ্রগতি:

(লক্ষ টাকায়)

ক্রমিক নম্বর	অঙ্গের নাম	সর্বশেষ ডিপিপি সমন্বয় অনুযায়ী		জুন,২০১৮ পর্যন্ত (প্রকল্প সমাপ্ত) ক্রমপুঞ্জিত অগ্রগতি	
		পরিমাণ/সংখ্যা	প্রাক্কলিত ব্যয়	বাস্তব (%)	আর্থিক
১.	স্টেশনারী, কম্পিউটার যন্ত্রাংশ	থোক	৩.৫০	১০০%	৩.৫০
২.	টেন্ডার প্রস্তুত, বিজ্ঞপ্তি বিল	থোক	০.৫০	৪৪%	০.২২
৩.	সম্মানী	থোক	৫.০০	১০০%	৫.০০
৪.	বিবিধ	থোক	১.০০	১০০%	১.০০
৫.	পার্কিং জায়গা বর্ধিতকরণসহ সমগ্র স্টেডিয়াম কমপ্লেক্স মেরামত, সংস্কার ও রংকরণ এবং ভিআইপি জোন এর সামনে প্রধান ফটক পেভিং ব্লক, মিরর পলিশ টাইলস স্থাপন	থোক	১৪০.৫৬	১০০%	১৪০.৫৬
৬.	বিদ্যমান মিডিয়া সেন্টার মেরামত, সংস্কার ও সম্পসারণ	থোক	৬৪.৬৯	১০০%	৬৪.৬৭
৭.	ড্রেনেজ ব্যবস্থা আধুনিকায়ন	থোক	১৬১.৩৫	১০০%	১৬১.৩৩
৮.	ফ্লাড লাইট স্থাপন পূর্ত কাজ	৪টি টাওয়ার	৩৫২.৬৪	১০০%	৩৫২.৫৮
৯.	বৈদ্যুতিক কাজ	থোক	৫৫৮.০২	১০০%	৫৫৮.০২
	খেলোয়াড়দের ড্রেসিং রম সংস্কার				

ক্রমিক নম্বর	অঙ্গের নাম	সর্বশেষ ডিপিপি সমন্বয় অনুযায়ী		জুন,২০১৮ পর্যন্ত (প্রকল্প সমাপ্ত) ক্রমপুঞ্জিত অগ্রগতি	
		পরিমাণ/সংখ্যা	প্রাক্কলিত ব্যয়	বাস্তব (%)	আর্থিক
১০.	পূর্ত কাজ	থোক	৪৯.৩৭	১০০%	৪৯.৩২
১১.	অভ্যন্তরীণ স্যানিটারি কাজ	থোক	৫.৫০	১০০%	৫.৩৪
১২.	অভ্যন্তরীণ বৈদ্যুতিক কাজ	থোক	৫.৫০	১০০%	৫.৪৭
১৩.	আসবাবপত্র	থোক	১১.৮৪	১০০%	১১.৮৪
১৪.	বিশাল স্ক্রিন/স্কোরবোর্ড স্থাপন	১টি	১৯৬.৩৪	১০০%	১৯৫.৭০
১৫.	মিডিয়া সেন্টার, ড্রেসিং রুম, প্রেস কনফারেন্স রুম ও ফেডারেশন অফিস রুমের জন্য সিপ্লট টাইপ এসি স্থাপন	থোক	৩১.৭২	১০০%	৩১.৬৮
১৬.	আউটার পেরিফেরিক্যাল কেবল, স্ট্রিট লাইট, সিকিউরিটি লাইট স্থাপন	থোক	৬১.৮১	১০০%	৬১.৮১
১৭.	বিদ্যমান আরসিসি ও ব্রিক ওয়ার্ক অপসারণ	থোক	১.৫০	১০০%	১.৫০
১৮.	লিফট কোর স্থাপন	থোক	১৩.৩২	১০০%	১৩.৩২
১৯.	প্যাসেঞ্জার লিফট স্থাপন	১টি	৫৪.৯৬	১০০%	৫৪.৯৬
২০.	৩য় তলা সম্প্রসারণ কাজ	থোক	৬৫.৭৩	১০০%	৬৫.৭২
	সর্বমোট-		**১৭৮৪.৮৪**	১০০%	**১৭৮৩.৫২**

পিসিআর (PCR) অনুযায়ী তথ্য প্রদান করা হয়েছে।

৮। **পরিদর্শনকালীন পর্যবেক্ষণ:** প্রকল্পটি বিগত ০৫/০৮/২০১৯ তারিখে বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগের পরিবীক্ষণ ও মূল্যায়ন সেক্টর-৬ এর সহকারী পরিচালক জনাব মোঃ তাজুল ইসলাম কর্তৃক সরেজমিনে পরিদর্শন করা হয়। পরিদর্শনকালে সংশ্লিষ্ট কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন। প্রকল্পের আওতায় আরডিপিপিতে প্রাক্কলিত ব্যয় ১৭৮৪.৮৪ লক্ষ টাকার সংস্থান ছিল, এর বিপরীতে প্রকৃত ব্যয় হয়েছে ১৭৮৩.৫২ লক্ষ টাকা, অব্যয়িত রয়েছে ০১.৩২ লক্ষ টাকা। অর্থাৎ আর্থিক অগ্রগতি ৯৯.৯৩% ও বাস্তব অগ্রগতি ১০০%। তবে অব্যয়িত অর্থের মধ্যে চালান নং ৪০২, তারিখঃ ০৯/১০/২০১৮ এর মাধ্যমে জাতীয় ক্রীড়া পরিষদ কর্তৃক সরকারী কোষাগারে ৪৮,৩১৯/- টাকা (আটচল্লিশ হাজার তিনশত উনিশ) জমা করা হয়েছে। অবশিষ্ট অব্যয়িত ৮৩,৬৮১.০০ টাকা কোথায় কি অবস্থায় আছে সে সম্পর্কে কোন তথ্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষ প্রদান করেন নাই। বিষয়টি মন্ত্রণালয় খতিয়ে দেখে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে পারে।

৮.১। **প্রধান প্রধান অঙ্গের বাস্তবায়ন অগ্রগতির বিবরণ:**

৮.১.১। **ড্রেনেজ ব্যবস্থা আধুনিকায়ন :** প্রকল্পের আওতায় এ অঙ্গের আরডিপিপিতে সংস্থান ছিল ১৬১.৩৫ লক্ষ টাকা, এর বিপরীতে ব্যয় হয়েছে ১৬১.৩৩ লক্ষ টাকা, এক্ষেত্রে আর্থিক অগ্রগতি ৯৯.৯৯% ও বাস্তব অগ্রগতি ১০০%। পরিদর্শনকালে কাজের মান সন্তোজনক বলে প্রতীয়মান হয়েছে।

৮.১.২। **ফ্লাড লাইট স্থাপন পূর্ত কাজ ও বৈদ্যুতিক কাজ :** প্রকল্পের আওতায় এ অঙ্গের আরডিপিপিতে সংস্থান ছিল ৯১০.৫৬ লক্ষ টাকা, এর বিপরীতে ব্যয় হয়েছে ৯১০.৬০ লক্ষ টাকা, এক্ষেত্রে আর্থিক অগ্রগতি ৯৯.৯৯% ও বাস্তব অগ্রগতি ১০০%। ৪টি টাওয়ার স্থাপন, প্রতিটি টাওয়ারে ৩০টি বাতিসহ ফাউন্ডেশন পূর্তকাজ এবং বাতি ও ক্যাবলসহ বৈদ্যুতিক কাজ সম্পন্ন করা হয়েছে। পরিদর্শনকালে কাজের মান সন্তোষজনক বলে প্রতীয়মান হয়েছে।

৮.১.৩। **খেলোয়াড়দের ড্রেসিং রুম সংস্কার :** প্রকল্পের আওতায় এ অঙ্গের আরডিপিপিতে সংস্থান ছিল ৭২.২১ লক্ষ টাকা, এর বিপরীতে ব্যয় হয়েছে ৭১.৯৭ লক্ষ টাকা, এক্ষেত্রে আর্থিক অগ্রগতি ৯৯.৯৭% ও বাস্তব অগ্রগতি ১০০%। পূর্ত কাজ, অভ্যন্তরীণ স্যানিটারি কাজ, অভ্যন্তরীণ বৈদ্যুতিক কাজ সম্পন্ন করা হয়েছে। পরিদর্শনকালে দেখা গেছে যে,

খেলোয়াড়দের ড্রেসিং রুমের পূর্ত কাজ ভাল হয়নি। কোথাও কোথাও ড্রেসিং রুমের দেয়াল ফাটল ও ধসে রয়েছে। তবে অভ্যন্তরীণ স্যানিটারি কাজ ভাল হয়েছে বলে পরিলক্ষিত হয়েছে।

৮.১.৪। **পার্কিং জায়গা বর্ধিতকরণসহ সমগ্র স্টেডিয়াম কমপ্লেক্স মেরামত, সংস্কার ও রংকরণ এবং ভিআইপি জোন এর সামনে প্রধান ফটক পেভিং ব্লক, মিরর পলিশ টাইলস স্থাপন :** প্রকল্পের আওতায় এ অঙ্গের আরডিপিপিতে সংস্থান ছিল ১৪০.৫৬ লক্ষ টাকা, এর বিপরীতে ব্যয় হয়েছে ১৪০.৫৬ লক্ষ টাকা, এক্ষেত্রে আর্থিক অগ্রগতি ও বাস্তব অগ্রগতি ১০০% হয়েছে। পরিদর্শনকালে কাজের মান মোটামুটি ভাল/এভারেজ বলে মনে হয়েছে।

৮.১.৫। **বিশাল স্ক্রিন/স্কোরবোর্ড স্থাপন :** প্রকল্পের আওতায় এ অঙ্গের আরডিপিপিতে সংস্থান ছিল ২২৮.০৬ লক্ষ টাকা, এর বিপরীতে ব্যয় হয়েছে ২২৭.৩৮ লক্ষ টাকা, এক্ষেত্রে আর্থিক অগ্রগতি ৯৯.৯৭% ও বাস্তব অগ্রগতি ১০০%। বিশাল স্ক্রিন/স্কোরবোর্ড স্থাপন, মিডিয়া সেন্টার, ড্রেসিং রুম, প্রেস কনফারেন্স রুম ও ফেডারেশন অফিস রুমের জন্য স্পিলিট টাইপ এসি স্থাপন কাজ সম্পন্ন করা হয়েছে। পরিদর্শনকালে কাজের মান মোটামুটি ভাল/এভারেজ বলে মনে হয়েছে। তবে ড্রেসিং রুমসমূহ কিছু কিছু জায়গায় ধসে গেছে বা রং উঠে গেছে বলে প্রতীয়মান হয়েছে।

৮.১.৬। **বিদ্যমান মিডিয়া সেন্টার মেরামত, সংস্কার ও সম্প্রসারণ :** প্রকল্পের আওতায় এ অঙ্গের আরডিপিপিতে সংস্থান ছিল ৬৪.৬৯ লক্ষ টাকা, এর বিপরীতে ব্যয় হয়েছে ৬৪.৬৭ লক্ষ টাকা, এক্ষেত্রে আর্থিক অগ্রগতি ৯৯.৭০% ও বাস্তব অগ্রগতি ১০০% হয়েছে। পরিদর্শনকালে কাজের মান মোটামুটি ভাল/এভারেজ বলে মনে হয়েছে।

৮.১.৭। **বিদ্যমান আরসিসি ও ব্রিক ওয়ার্ক অপসারণ, লিফট কোর স্থাপন, প্যাসেঞ্জার লিফট স্থাপন, ৩য় তলা সম্প্রসারণ কাজ :** প্রকল্পের আওতায় এ অঙ্গের আরডিপিপিতে সংস্থান ছিল ১৩৫.৫১ লক্ষ টাকা, এর বিপরীতে ব্যয় হয়েছে ১৩৫.৫০ লক্ষ টাকা, এক্ষেত্রে আর্থিক অগ্রগতি ৯৯.৯৯% ও বাস্তব অগ্রগতি ১০০% হয়েছে। পরিদর্শনকালে কাজের মান মোটামুটি ভাল/এভারেজ বলে মনে হয়েছে।

৮.১.৮। **আউটার পেরিফেরিক্যাল কেবল, স্ট্রিট লাইট, সিকিউরিটি লাইট স্থাপন :** প্রকল্পের আওতায় এ অঙ্গের আরডিপিপিতে সংস্থান ছিল ৬১.৮১ লক্ষ টাকা, এর বিপরীতে ব্যয় হয়েছে ৬১.৮১ লক্ষ টাকা, এক্ষেত্রে আর্থিক ও বাস্তব অগ্রগতি ১০০% হয়েছে। পরিদর্শনকালে কাজের মান মোটামুটি ভাল/এভারেজ বলে মনে হয়েছে।

৯। **প্রকল্পের প্রকিউরমেন্ট সংক্রান্ত তথ্য:**

Procurement of goods, Works and Consultancy Services:
Goods & Works of the Project Costing above TK. 100.00 lakh and Consultancy above TK. 100.00 lakh:

Description of procurement (goods/works/ Consultancy) as per bid document	Tender/Bid/Proposal Cost (In Lakh Taka)		Tender/Bid/Proposal		Date of Completion of works/services and supply of goods	
	As per DPP	Contracted Value	Invitation date	Contract signing/ I.C opening date	As per contract	Actual
1	2	3	4	5	6	7
W-1. (Supply, Installation Testing & Commissioning of Flood light in/c 2000 KVA Sub-Station).	872.70	872.30	03/04/17	12/07/17	12/01/18	26/06/18
W-2. (Development of Existing Drain System).	161.50	160.95	09/10/17	24/12/17	11/01/18	08/03/18
W-3. (Development of Existing Players dresing Rood, Extension of Media Center, Construction of Main Gate & Parking area	290.00	286.89	09/10/17	07/12/17	05/12/17	26/06/18

Description of procurement (goods/works/ Consultancy) as per bid document	Tender/Bid/Proposal Cost (In Lakh Taka)		Tender/Bid/Proposal		Date of Completion of works/services and supply of goods	
	As per DPP	Contracted Value	Invitation date	Contract signing/ I.C opening date	As per contract	Actual
1	2	3	4	5	6	7
Electical & other work of Dressing Room, Media Center & Vip Room).						
W-4. (Supplyc Installation, Testing 2 & commissioning of Giant Screen/Swre boad & A/C for score board & control room).	196.37	195.88	09/10/17	10/12/17	05/12/17	09/03/18
W-5. (Construction of lift core with supply & installation of lift in/c revovation of 2nd floor of existing pavilion building).	84.42	84.42	09/10/17	10/12/17	05/12/17	08/03/18
W-6.(Supply & Installation of street light with G.I pole & camera stand, repair of existing boundary wall and supply of furnifure).	58.54	58.43	09/10/17	24/12/17	05/12/17	08/03/18
W-7. (Construction of Rcc parking area & Painting work of internal & external Stadium).	50.24	49.99	09/10/17	24/12/17	05/12/17	08/03/18
W-8. (Internal decoration work for WIP room, main gate, main sign board and others work).	34.43	34.27	09/12/17	10/12/17	05/12/17	08/03/18

পিসিআর (PCR) অনুযায়ী তথ্য প্রদান করা হয়েছে।

১০। **প্রকল্পের উদ্দেশ্য অর্জন:**

পরিকল্পিত উদ্দেশ্য	**প্রকৃত অর্জন**
১) আন্তর্জাতিক হকি ফেডারেশনের মানদন্ড অনুসারণ করে মাওলানা ভাসানী হকি স্টেডিয়ামে আন্তর্জাতিক টুর্ণামেন্ট পরিচালনার লক্ষ্যে স্টেডিয়ামটির মান উন্নীতকরণ ; ২) স্টেডিয়ামে ফ্লাড লাইট স্থাপন ; এবং ৩) বিদ্যমান ড্রেনেজ ব্যবস্থার আধুনিকায়ন ।	প্রকল্পের উদ্দেশ্য অর্জিত হয়েছে মর্মে প্রতীয়মান হয়।

পিসিআর (PCR) অনুযায়ী তথ্য প্রদান করা হয়েছে।

১১। **অডিট সংক্রান্ত তথ্য :** আভ্যন্তরীণ অডিট হয়েছে। External অডিট হয় নাই মর্মে জানা যায় ।

১২। **চিত্র ও বর্ণনা :**

চিত্র













বর্ণনা

চিত্র নম্বর ১ : "মাওলানা ভাসানী হকি স্টেডিয়ামে ফ্লাড লাইট স্থাপন এবং ড্রেনেজ সিস্টেমের আধুনিকায়ন" শীর্ষক প্রকল্পের আওতায় স্টেডিয়ামের নামের সাইনবোর্ড ও প্রকল্পের কার্যক্রম সরেজমিনে পরিদর্শন।

চিত্র নম্বর ২ : "মাওলানা ভাসানী হকি স্টেডিয়ামে ফ্লাড লাইট স্থাপন এবং ড্রেনেজ সিস্টেমের আধুনিকায়ন" শীর্ষক প্রকল্পের আওতায় স্টেডিয়ামের রবিউদ্দিন গেইট মাওলানা ভাসানীর ছবি ও প্রকল্পের কার্যক্রম সরেজমিনে পরিদর্শন।

চিত্র নম্বর ৩ : "মাওলানা ভাসানী হকি স্টেডিয়ামে ফ্লাড লাইট স্থাপন এবং ড্রেনেজ সিস্টেমের আধুনিকায়ন" শীর্ষক প্রকল্পের আওতায় স্টেডিয়ামের ভিতরে সংশ্লিষ্ট কর্মকর্তাসহ প্রকল্পের কার্যক্রম সরেজমিনে পরিদর্শন।

চিত্র নম্বর ৪ : "মাওলানা ভাসানী হকি স্টেডিয়ামে ফ্লাড লাইট স্থাপন এবং ড্রেনেজ সিস্টেমের আধুনিকায়ন" শীর্ষক প্রকল্পের আওতায় স্টেডিয়ামের ভিতরে খেলোয়াড়দের বিশ্রাম ও ড্রেসিং রুমের প্রকল্পের কার্যক্রম সরেজমিনে পরিদর্শন।

চিত্র নম্বর ৫ : "মাওলানা ভাসানী হকি স্টেডিয়ামে ফ্লাড লাইট স্থাপন এবং ড্রেনেজ সিস্টেমের আধুনিকায়ন" শীর্ষক প্রকল্পের আওতায় স্টেডিয়ামের ভিতরে ড্রেসিং রুমের সাথে অভ্যন্তরীণ স্যানিটেশন প্রকল্পের কার্যক্রম সরেজমিনে পরিদর্শন।

চিত্র নম্বর ৬ : "মাওলানা ভাসানী হকি স্টেডিয়ামে ফ্লাড লাইট স্থাপন এবং ড্রেনেজ সিস্টেমের আধুনিকায়ন" শীর্ষক প্রকল্পের আওতায় স্টেডিয়ামের ভিতরে ফ্লাড লাইটের বৈদ্যুতিক জেনারেটর স্থাপন প্রকল্পের কার্যক্রম সরেজমিনে পরিদর্শন।

চিত্র নম্বর ৭ : "মাওলানা ভাসানী হকি স্টেডিয়ামে ফ্লাড লাইট স্থাপন এবং ড্রেনেজ সিস্টেমের আধুনিকায়ন" শীর্ষক প্রকল্পের আওতায় স্টেডিয়ামের ভিতরে ফ্লাড লাইট স্থাপন প্রকল্পের কার্যক্রম সরেজমিনে পরিদর্শন।

চিত্র	বর্ণনা
	চিত্র নম্বর ৮ : "মাওলানা ভাসানী হকি স্টেডিয়ামে ফ্লাড লাইট স্থাপন এবং ড্রেনেজ সিস্টেমের আধুনিকায়ন" শীর্ষক প্রকল্পের আওতায় স্টেডিয়ামের ভিতরে হকি খেলোয়াড়দের মাঠ ও ড্রেইনেজ প্রকল্পের কার্যক্রম সরেজমিনে পরিদর্শন।

১৩। **বাস্তবায়ন সমস্যা:**

১৩.১। **ব্যয় বৃদ্ধি :** প্রকল্প বাস্তবায়নে প্রকল্পের প্রাক্কলিত ব্যয় বৃদ্ধি হয়েছে । ভবিষ্যতে প্রকল্পের নির্ধারিত প্রাক্কিলত ব্যয় ও বরাদ্দের মধ্যে সকল কাজ সম্পন্ন করা বাঞ্ছনীয় হবে ।

১৩.২। **পূর্ত কাজ :** পরিদর্শনকালে ড্রেসিং রুমের দেয়ালের কিছু অংশ ধসে যাওয়া, গ্যালারী শেডের কিছু অংশ ভেঙ্গে যাওয়া, গ্যালারী শেডের কিছু অংশে চেয়ার ভেঙ্গে যাওয়া, রং নষ্ট হয়ে যাওয়া দৃষ্টিগোচর হয়েছে। সেগুলো পুনঃরায় সংস্কার বা মেরামত করা প্রয়োজন।

১৩.৩। **পিসিআর (PCR) প্রেরণে বিলম্ব** : প্রকল্প সমাপ্তির ১ (এক) বছর পর পিসিআর প্রেরণ করা হয়েছে। ভবিষ্যতে প্রকল্প সমাপ্তির ৩ মাসের মধ্যে পিসিআর প্রেরণ নিশ্চিত করতে হবে ।

১৪। **মতামত/সুপারিশ :**

১৪.১। প্রকল্পের আওতায় আরডিপিপিতে প্রাক্কলিত ব্যয় ১৭৮৪.৮৪ লক্ষ টাকার সংস্থান ছিল, এর বিপরীতে প্রকৃত ব্যয় হয়েছে ১৭৮৩.৫২ লক্ষ টাকা, অব্যয়িত রয়েছে ০১.৩২ লক্ষ টাকা । অর্থাৎ আর্থিক অগ্রগতি ৯৯.৯৩% ও বাস্তব অগ্রগতি ১০০%। তবে অব্যয়িত অর্থের মধ্যে চালান নং ৪০২, তারিখঃ ০৯/১০/২০১৮ এর মাধ্যমে জাতীয় ক্রীড়া পরিষদ কর্তৃক সরকারী কোষাগারে ৪৮,৩১৯/-টাকা (আটচল্লিশ হাজার তিনশত উন্নিশ) জমা করা হয়েছে। অবশিষ্ট অব্যয়িত ৮৩,৬৮১.০০ টাকা কোথায় কি অবস্থায় আছে সে সম্পর্কে কোন তথ্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষ প্রদান করেন নাই। বিষয়টি মন্ত্রণালয় খতিয়ে দেখে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে পারে (অনুচ্ছেদ-৮) ;

১৪.২। প্রকল্পের আওতায় আভ্যন্তরীণ অডিট হয়েছে। কিন্ত External অডিট হয়নি। External অডিট সম্পন্ন করা আবশ্যক (অনুচ্ছেদ-১১);

১৪.৩। পরিদর্শনকালে ড্রেসিং রুমের দেয়ালের কিছু অংশ ধসে যাওয়া, গ্যালারী শেডের কিছু অংশ ভেঙ্গে যাওয়া, গ্যালারী শেডের কিছু অংশে চেয়ার ভেঙ্গে যাওয়া, রং নষ্ট হয়ে যাওয়া দৃষ্টিগোচর হয়েছে। সেগুলো পুনঃরায় সংস্কার বা মেরামত করা প্রয়োজন। এ বিষয়ে মন্ত্রণালয় খতিয়ে দেখে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা আবশ্যক (অনুচ্ছেদ-১৩.২);

১৪.৪। প্রকল্প সমাপ্তির ১ (এক) বছর পর পিসিআর প্রেরণ করা হয়েছে। ভবিষ্যতে প্রকল্প সমাপ্তির ৩ মাসের মধ্যে পিসিআর প্রেরণ নিশ্চিত করতে হবে (অনুচ্ছেদ-১৩.৩) ;

১৪.৫। ভবিষ্যতে প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে প্রকল্পের প্রাক্কলিত ব্যয় সীমার মধ্যে বাস্তবায়ন নিশ্চিত করার বিষয়ে সচেতন থাকতে হবে;

১৪.৬। অনুচ্ছেদ ১৪.১ থেকে ১৪.৫ এর সুপারিশের আলোকে গৃহীত ব্যবস্থা সম্পর্কে আগামী ১ (এক) মাসের মধ্যে বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো।

কুমিল্লা শহীদ ধীরেন্দ্রনাথ দত্ত স্টেডিয়াম (কুমিল্লা স্টেডিয়াম) উন্নয়ন এবং সুইমিংপুল নির্মাণ (১ম সংশোধিত) প্রকল্পের সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন

(সমাপ্ত: জুন, ২০১৮)

১.০ **প্রকল্পের অবস্থান** : কুমিল্লা সদর উপজেলা, কুমিল্লা জেলা, চট্টগ্রাম বিভাগ।

২.০ **বাস্তবায়নকারী সংস্থা** : জাতীয় ক্রীড়া পরিষদ ।

৩.০ **প্রশাসনিক মন্ত্রণালয়** : যুব ও ক্রীড়া মন্ত্রণালয় ।

৪.০ **প্রকল্পের বাস্তবায়ন সময় ও ব্যয় :**

(লক্ষ টাকায়)

প্রাক্কলিত ব্যয়		প্রকৃত ব্যয়	পরিকল্পিত বাস্তবায়নকাল		প্রকৃত বাস্তবায়নকাল	অতিক্রান্ত ব্যয় (মূল প্রাক্কলিত ব্যয়ের%)	অতিক্রান্ত সময় (অনুমোদিত বাস্তবায়ন কালের%)
মূল মোট টাকা (প্রঃসাঃ)	সর্বশেষ সংশোধিত মোট টাকা (প্রঃসাঃ) (সংস্থা)	মোট টাকা প্রকল্প সাহায্য	মূল	সর্বশেষ সংশোধিত			
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)	(৮)
২৩৯৯.৯৫ -	২৮৭৮.৪৮ -	২৮৬৬.২৩	জানুয়ারি,২০১৬ হতে জুন,২০১৭ (১৮ মাস)	জানুয়ারি,২০১৬ হতে জুন,২০১৮ (৩০ মাস)	জানুয়ারি,২০১৬ হতে জুন,২০১৮ (৩০ মাস)	৪৭৮.৫৩ (১৯.৯৪%)	১২ মাস (৬৬.৬৬%)

পিসিআর অনুযায়ী প্রদত্ত।

৫.০ **প্রকল্পের অঙ্গভিত্তিক বাস্তবায়ন (শিক্ষা মন্ত্রণালয় হতে প্রাপ্ত প্রকল্প সমাপ্তি প্রতিবেদন (পিসিআর)-এর ভিত্তিতে)**

(লক্ষ টাকায়)

ক্রমিক নম্বর	অনুমোদিত মূল/সংশোধিত ডিপিপি অনুযায়ী কাজের অঙ্গের নাম	একক	পরিকল্পিত লক্ষ্যমাত্রা		প্রকৃত বাস্তবায়ন	
			বাস্তব	আর্থিক	বাস্তব (%)	আর্থিক (%)
(ক)	**মূলধনঃ কুমিল্লা জেলা স্টেডিয়াম উন্নয়ন**					
(১)	বিদ্যমান গ্যালারি ভেঙ্গে ফেলা	ঘঃ মিঃ	৭৬৯	১৭.৫৯	৭৬৯	১৬.৬০
(২)	১০” থিক ব্রিক ওয়ার্ক ভেঙ্গে ফেলা	ঘঃ মিঃ	২৪৮	১.৭৫	২৪৮	১.৭৫
(৩)	১২৫ এম এম থিক ব্রিক ওয়ার্ক ভেঙ্গে ফেলা	বঃ মিঃ	৪২৮	০.১৫	৪২৮	০.১৫
(৪)	সাইট ডেভেলপমেন্ট ওয়ার্ক	ঘঃ মিঃ	৪৫৩১	৯.৮৪	৪৫৩১	৯.৮৪
(৫)	পালিসেডিং ওয়ার্ক	বঃ মিঃ	৫৫৮	১৫.০১	৫৫৮	১৫.০১
	উপমোট-			**৪৪.৩৪**		**৪৩.৩৫**
	খেলার মাঠ উন্নয়ন					
(৬)	এল্যুভাইয়াল সয়েল উইথ স্প্রেডিং	ঘঃ মিঃ	৭৭৩৪	৫২.৭৫	৭৭৩৪	৫২.৭৫
(৭)	টার্ফিং	বঃ মিঃ	১৬৯১৫	৬.৯৩	১৬৯১৫	৬.৯৩
	উপমোট-			**৫৯.৬৮**		**৫৯.৬৮**
	সাধারণ গ্যালারি নির্মাণ					
(৮)	পাইলসহ ফাউন্ডেশন	বঃ মিঃ	১১৬০	২০০.২৯	১১৬০	১৯৯.১৯
(৯)	সুপারস্ট্রাকচার	বঃ মিঃ	১১৬০	১৮৮.৫৮	১১৬০	১৮৮.১৮
	উপমোট-			**৩৮৮.৮৭**		**৩৮৭.৩৭**
	সাধারণ গ্যালারি নির্মাণ					
(১০)	ফাউন্ডেশন	বঃ মিঃ	২৬৮৪	১৯৮.৪৩	২৬৮৪	১৯৭.৫০
(১১)	খোয়া বিছানো	ঘঃ	৬১৮	২২.৫৭	৬১৮	২২.৫৭

ক্রমিক নম্বর	অনুমোদিত মূল/সংশোধিত ডিপিপি অনুযায়ী কাজের অঙ্গের নাম	একক	পরিকল্পিত লক্ষ্যমাত্রা		প্রকৃত বাস্তবায়ন	
			বাস্তব	আর্থিক	বাস্তব (%)	আর্থিক (%)
		মিঃ				
(১২)	সুপারস্ট্রাকচার	বঃ মিঃ	২৬৮৪	৪৩৬.৩৪	২৬৮৪	৪৩৫.২৬
	উপমোট-			**৬৫৭.৩৪**		**৬৫৫.৩৩**
	মিডিয়া সেন্টার নির্মাণ					
(১৩)	ফাউন্ডেশন	বঃ মিঃ	২৯৮	২৫.৫৬	২৯৮	২৫.৫৬
(১৪)	খোয়া বিছানো	ঘঃ মিঃ	২৫০	৯.১৩	২৫০	৯.১৩
(১৫)	গ্রাউন্ড ফ্লোর	বঃ মিঃ	২৯৮	৫৪.৪৪	২৯৮	৫৪.৪৪
(১৬)	২য় তলা	বঃ মিঃ	২৯৮	৫১.৬৬	২৯৮	৫১.৬৬
(১৭)	৩য় তলা	বঃ মিঃ	২৯৮	৫২.৪৩	২৯৮	৫২.৪৩
(১৮)	চিলেকোঠা	বঃ মিঃ	২৩	৪.১১	২৩	৪.১১
(১৯)	সেনিটারি কাজ	বঃ মিঃ	৮৯৪	১০.৪২	৮৯৪	১০.৪২
(২০)	বৈদ্যুতিক কাজ	বঃ মিঃ	৮৯৪	১৪.৮৭	৮৯৪	১৪.৮৭
	এসি স্থাপন					
(২১)	২২৫০০-২৪০০০ বিটিইউ	সংখ্যা	১০টি	১৬.১২	১০টি	১৬.১২
১৭.৩। প্রকল্পটি জিওবি অর্থায়নে বাস্তবায়িত এবং সরকারের অর্থের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণে দ্রুত অডিট কার্যক্রম সম্পন্ন করে অডিট রিপোর্ট এ বিভাগে প্রেরণ নিশ্চিত করতে হবে (অনুচ্ছেদ ১২) ; এবং

১৭.৪। অনুচ্ছেদ ১৭.১-১৭.৩ সুপারিশ এর আলোকে গৃহীত ব্যবস্থা সম্পর্কে আগামী ১ (এক) মাসের মধ্যে বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগকে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

কর্মসংস্থান ও আত্মকর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে উপজেলা পর্যায়ে প্রশিক্ষণ কার্যক্রম জোরদারকরণ (সংশোধিত) শীর্ষক প্রকল্পের সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন

(সমাপ্তঃ ডিসেম্বর, ২০১৭)

১.	**প্রকল্পের নাম**	**:**	"কর্মসংস্থান ও আত্মকর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে উপজেলা পর্যায়ে প্রশিক্ষণ কার্যক্রম জোরদারকরণ (সংশোধিত)"।
২.	**উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ**	**:**	যুব ও ক্রীড়া মন্ত্রণালয়।
৩.	**বাস্তবায়নকারী সংস্থা**	**:**	যুব উন্নয়ন অধিদপ্তর।
৪.	**প্রকল্পের অবস্থান**	**:**	৫৭টি জেলার (রংপুর, কুড়িগ্রাম, লালমনিরহাট, গাইবান্ধা, নীলফামারী, পঞ্চগড় ও নাটোর ব্যতীত) ৪৪২টি উপজেলা।
৫.	**প্রকল্প বাস্তবায়ন সময় ও ব্যয়**	**:**	

(লক্ষ টাকায়)

প্রাক্কলিত ব্যয়		প্রকৃত ব্যয়	প্রকল্পের বাস্তবায়নকাল		প্রকল্পের প্রকৃত বাস্তবায়নকাল	অতিক্রান্ত ব্যয় (মূল প্রাক্কলনের %)	অতিক্রান্ত মেয়াদ (মূল বাস্তবায়ন কালের %)
মূল	সংশোধিত		মূল	সংশোধিত			
৯৯৯৯.৪১	১০৫৮২.৬১	১০২৬১.৭৬	জানুয়ারি, ২০১২ হতে ডিসেম্বর, ২০১৬	জানুয়ারি, ২০১২ হতে ডিসেম্বর, ২০১৭	জানুয়ারি, ২০১২ হতে ডিসেম্বর, ২০১৭	+ ২৬২.৩৫* (২.৬২%)	১ বছর (২০%)

*প্রকৃত ব্যয়ের সাথে মূল প্রাক্কলনের তুলনা বিবেচনায় অতিক্রান্ত ব্যয় নির্ধারণ করা হয়েছে।

৬. সাধারণ পর্যবেক্ষণঃ

৬.১ প্রকল্পের উদ্দেশ্যঃ

ক) স্থানীয় চাহিদার ভিত্তিতে দক্ষতা বৃদ্ধিমূলক প্রশিক্ষণের মাধ্যমে বেকার যুবদের মানব সম্পদে পরিণত করা ;
খ) প্রশিক্ষণের মাধ্যমে আত্মকর্মসংস্থানে নিয়োজিত হয়ে দারিদ্র্য ও বেকারত্ব দূরীকরণ;
গ) প্রশিক্ষণপ্রাপ্ত যুবদের উদ্যোক্তা উন্নয়নের মাধ্যমে স্ব-কর্মসংস্থানে নিয়োজিত করা ; এবং
ঘ) জাতি গঠনমূলক কার্যক্রমে যুবদের অংশগ্রহণে সহায়তা প্রদান ও উদ্বুদ্ধকরণ।

৬.২ প্রকল্প গ্রহণের পটভূমিঃ

গ্রাম অঞ্চলের দরিদ্র যুবদের পক্ষে জেলা সদরে এসে প্রশিক্ষণ গ্রহণ করা সম্ভব হয় না। জেলা সদরে অবস্থান করে প্রশিক্ষণ গ্রহণ অথবা প্রতিদিন যাতায়াত করে প্রশিক্ষণ গ্রহণে যে ব্যয় হয় তা তাদের পক্ষে বহন করা সম্ভব হয় না। এজন্য গ্রামাঞ্চলের দরিদ্র বেকার যুবদের নিজ নিজ এলাকায় প্রশিক্ষণ সুবিধা সম্প্রসারণের মাধ্যমে তাদের দক্ষতা বৃদ্ধি ও স্থানীয় সম্পদ ব্যবহার করে কর্মসংস্থান ও আত্মকর্মসংস্থান সৃষ্টির মাধ্যমে তাদের স্বাবলম্বী করে গড়ে তোলার জন্য এ প্রকল্প গ্রহণ করা হয়েছে। স্থানীয় চাহিদা ভিত্তিক স্বল্প মেয়াদী প্রশিক্ষণ কর্মসূচি যুবদের আত্মকর্মসংস্থান ও দারিদ্র বিমোচনে সহায়ক ভূমিকা পালন করায় বেকার যুবদের জন্য অধিক হারে প্রশিক্ষণ ও আত্মকর্মসংস্থানের সুযোগ সৃষ্টির উপর গুরত্ব আরোপ করে প্রতি বছর প্রতি উপজেলায় ৪৪০ জন বেকার যুব ও যুব মহিলাকে ৭, ১৪ ও ২১ দিন মেয়া দি দক্ষতা বৃদ্ধিমূলক প্রশিক্ষণের ব্যবস্থা রয়েছে। এ প্রকল্পে স্থানীয় স্কুল, মাদ্রাসা, কলেজ ও ইউনিয়ন পরিষদ ইত্যাদি স্থানে প্রাপ্ত সুবিধা ব্যবহার করে প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনা করা হচ্ছে। মাঠ পর্যায়ে যুব উন্নয়ন অধিদপ্তরের নিজস্ব জনবল দ্বারা প্রকল্পের কার্যক্রম বাস্তবায়ন করা হবে। এ প্রকল্প বা স্তবায়নের ফলে বেকার যুবরা দক্ষতা বৃদ্ধিমূলক প্রশিক্ষণ গ্রহণের মাধ্যমে স্বাবলম্বী হওয়ার সুযোগ প্রদানের মাধ্যমে দেশে দারিদ্র বিমোচন ও অর্থনৈতিক উন্নয়নে অবদান রা খার লক্ষ্যে প্রকল্পটি গ্রহণ করা হয়।

৬.৩ প্রকল্পের অনুমোদন অবস্থাঃ

মূল প্রকল্পটি ৯৯৯৯.৪১ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে জানুয়ারি, ২০১২ হতে ডিসেম্বর, ২০১৬ মেয়াদে বাস্তবায়নের জন্য ২৪/০১/২০১২ তারিখে একনেক কর্তৃক অনুমোদিত হয়। পরবর্তীতে মন্ত্রণালয় কর্তৃক প্রথম সংশোধনে বাস্তবায়ন মেয়াদ এক বছর বৃদ্ধি করে জানুয়ারি, ২০১২ হতে ডিসেম্বর, ২০১৭ এবং প্রাক্কলিত ব্যয় ১০৫৮২.৬১ লক্ষ টাকা নির্ধারণ করে অনুমোদন করা হয়।

৬.৪ প্রকল্পের মূল কার্যক্রম ও অনুমোদিত আরডিপিপি অনুযায়ী প্রাক্কলিত ব্যয়ঃ

প্রকল্পের আওতায় মূল কার্যক্রম এবং এর বিপরীতে অনুমোদিত আরডিপিপি অনুযায়ী ব্যয় প্রাক্কলন নিম্নে প্রদর্শিত হলঃ

ক্রঃনং	প্রধান অংগের বিবরণ	সংখ্যা/পরিমাণ	প্রাক্কলিত ব্যয় (ব্যয়ের %)
১.	সরবরাহ ও সেবা (প্রশিক্ষণ ও অন্যান্য)	৯,৭২,৪০০ জন	৭২০৪.০০ (৬৮.০৮%)
২.	আবর্তক ঋণ তহবিল	৬,৭০০ জন	১৬৭৪.০০ (১৫.৮২%)
৩.	জীপ ও মটর সাইকেল ক্রয়	১টি জীপ ও ৪৪২টি মটর সাইকেল	৭১৫.০৫ (৬.৭৬%)
৪.	মেরামত ও রক্ষণাবেক্ষণ	১৮৩৬টি	৩০০.০০ (২.৮৪%)

৬.৫ প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্যঃ

নং	কর্মকর্তার নাম ও পদবী	দায়িত্বের ধরণ	মেয়াদকাল
১.	ড. শেখ হারুনুর রশিদ আহমেদ, উপ-সচিব	পূর্ণকালীন	০৮/১১/২০১২ হতে ০৭/০৫/২০১৫
২.	জনাব শিশির কুমার রায়, যুগ্ম-সচিব	খন্ডকালীন/অতিরিক্ত দায়িত্বে	০৭/০৫/২০১৫ হতে ১৪/০৫/২০১৫
৩.	জনাব এ .এইচ.এম সামছুজ্জামান , যুগ্ম-সচিব	পূর্ণকালীন	১৪/০৫/২০১৫ হতে ৩১/১২/২০১৭

৬.৬ প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতিঃ

প্রকল্পের অনুমোদিত মোট ব্যয় প্রাক্কলন ১০৫৮২.৬১ লক্ষ টাকার বিপরীতে মোট ১০২৬১.৭৬ লক্ষ টাকা ব্যয় হয়েছে যা অনুমোদিত মোট প্রকল্প ব্যয়ের ৯৬.৯৭% এবং বাস্তব কাজ ১০০% সম্পন্ন হয়েছে মর্মে পিসিআর হতে জানা যায়।

৬.৭ বছর ভিত্তিক আরএডিপি বরাদ্দ, অবমুক্তি এবং এর বিপরীতে ব্যয়ের হিসাবঃ

(লক্ষ টাকা)

অর্থ বছর	এডিপি/আরএডিপি বরাদ্দ			অর্থ ছাড়	ব্যয়			বাস্তব অগ্রগতি
	মোট	টাকা	প্রঃসাঃ		মোট	টাকা	প্রঃসাঃ	(%)
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯
২০১১-২০১২	২৭৬.৯৪	২৭৬.৯৪	-	২৮২.২৪	২৭৬.৯৫	২৭৬.৯৫	-	২.৭০%
২০১২-২০১৩	১১০৫.০১	১১০৫.০১	-	১১২৫.০০	১১০৫.০১	১১০৫.০১	-	১০.৭৭%
২০১৩-২০১৪	৯৯৮.১৫	৯৯৮.১৫	-	১০০০.০০	৯৯৩.৮৫	৯৯৩.৮৫	-	৯.৬৯%
২০১৪-২০১৫	২৬৮৩.৯৭	২৬৮৩.৯৭	-	২৪২২.৭২	২৩৫৯.২১	২৩৫৯.২১	-	২২.৯৯%
২০১৫-২০১৬	২১৮৮.৯৪	২১৮৮.৯৪	-	২৩৬৬.০০	২৩৩৮.৯৮	২৩৩৮.৯৮	-	২২.৭৯%
২০১৬-২০১৭	২২৪৩.৪৩	২২৪৩.৪৩	-	২১১৫.০০	২১০২.৭৬	২১০২.৭৬	-	২০.৪৯%
২০১৭-২০১৮	১০৮৬.১৭	১০৮৬.১৭	-	১২৭১.৩২	১০৮৫.০০	১০৮৫.০০	-	১০.৫৭%
মোটঃ	১০৫৮২.৬১	১০৫৮২.৬১	-	১০৫৮২.২৮	১০২৬১.৭৬	১০২৬১.৭৬	-	১০০%

৬.৮ প্রকল্পের বিভিন্ন অংগের বাস্তবায়ন অগ্রগতি (পিসিআর-এ প্রদত্ত তথ্যের ভিত্তিতে):

সংশ্লিষ্ট মন্ত্রণালয় থেকে প্রাপ্ত পিসিআর এর ভিত্তিতে প্রকল্পটির অঙ্গভিত্তিক বরাদ্দ ও বাস্তবায়ন অগ্রগতি নিম্নে দেয়া হলঃ

(লক্ষ টাকায়)

ক্রঃ নং	আরডিপিপি অনুযায়ী খাতওয়ারী বিবরণ	আরডিপিপি অনুযায়ী পরিকল্পিত লক্ষ্যমাত্রা	প্রকৃত অগ্রগতি

		বাস্তব	আর্থিক	বাস্তব	আর্থিক
১	২	৩	৪	৫	৬
	(ক) রাজস্বঃ				
১	কর্মকর্তাদের বেতন	৩ জন	৭০.৩৭	০৩	৬৯.৭৩
২	কর্মচারীদের বেতন	৬ জন	২৮.৮৭	০৬	২৩.২১
৩	ভাতা	৯ জন	৮৬.৬৬	০৯	৮৩.২৬
৪	যাতায়াত ভাতা	৮৯০ জন	৫৯৭.৭০	৮৯০	৫৮২.৯০
৫	পোস্টেজ	৫০০	২৩.৮৫	৫০০	৯.৮৫
৬	টেলিফোন	০৫	৪.৮৩	০৫	১.৯৭
৭	ফ্যাক্স এবং ইন্টারনেট	০১	২.০২	০১	০.২৬
৮	পেট্রোল লুব্রিকেন্ট	৪৪৩	৬৮৯.৪১	৪৪৩	৬২০.১৮
৯	প্রিন্টিং এন্ড বাইন্ডিং	৯,৭৩,০০০	১৭১.১৭	৯,৭৩,০০০	১৩১.৬৯
১০	স্টেশনারী এবং সীল	৫০০	৩৭৭.৭৪	৫০০	৩৭৫.০০
১১	বিজ্ঞাপন	০১	১০.০০	০১	৭.৮৫
১২	প্রশিক্ষণ	৯,৭২,৪০০	৭২৯.৩০	৯,৭২,৪০০	৭২৯.০৪
১৩	সম্মানী	২৪৩১০	৪২১১.৩০	২৪৩১০	৪২০৮.৫৫
১৪	মডিউল/কারিকুলাম উন্নয়ন	-	৩.৫১	-	২.৩২
১৫	অন্যান্য	৫০০	৩৮২.৮৫	৫০০	৩৭২.৯০
১৬	মেরামত এবং রক্ষণাবেক্ষণ	১৮৩৬	৩০০.০০	১৮৩৬	২৪৯.৫৭
	উপমোট (রাজস্ব)		**৭৬৮৯.৫৮**		**৭৪৬৮.২৮**
	(খ) মূলধনঃ				
১৭	জীপ	০১ টি	৫৯.৯৪	০১ টি	৫৯.৯৪
১৮	মোটর সাইকেল	৪৪২টি	৬৫৫.১১	৪৪২টি	৬৫২.৫১
১৯	মেশিনারি এন্ড ইকুইপমেন্ট	১৫টি	১২.১৮	১৫টি	১২.১৮
২০	কম্পিউটার সামগ্রী	৪৪৫টি	৩৫৬.০০	৪৪৫টি	২৫৯.১৮
২১	আসবাবপত্র	৯৩৩টি	১৩৫.৮০	৯৩৩টি	১৩৫.৬৭
২২	রিভলবিং ক্রেডিট ফান্ড	-	১৬৭৪.০০	-	১৬৭৪.০০
	উপমোট (মূলধন)		**২৮৯৩.০৩**		**২৭৯৩.৪৮**
	সর্বমোটঃ		**১০৫৮২.৬১**		**১০২৬১.৭৬**

৬.৯ কাজ অসমাপ্ত থাকলে তার বিবরণঃ

প্রকল্পের আওতায় সমুদয় কাজ সমাপ্ত হয়েছে মর্মে পিসিআর হতে জানা যায়।

৬.১০ ক্রয় সংক্রান্ত তথ্যাদিঃ

প্রকল্পের আওতায় পণ্য হিসেবে ২টি প্যাকেজ এবং কার্য হিসেবে মোট ৮টি প্যাকেজের আওতায় ক্রয় /সংগ্রহ কার্যক্রম সম্পন্নের পরিকল্পনা আরডিপিপিতে অন্তর্ভুক্ত রয়েছে। প্রকল্পের আওতায় সম্পাদিত ক্রয় কার্যক্রমের বিস্তারিত তথ্যাদি সংযোজনী 'খ' তে প্রদত্ত হল।

৭. পরিদর্শন পর্যবেক্ষণঃ

আলোচ্য প্রকল্পে র সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন প্রণয়নের লক্ষ্যে আইএমইডি 'র উপপরিচালক (সামাজিক-৩) কর্তৃক সিলেট সদর উপজেলা, কুষ্টিয়া সদর উপজেলা এবং রাঙ্গামাটি জেলার সদর উপজেলায় প্রকল্পের আওতায় বাস্তবায়িত কার্যক্রমের অংশ হিসেবে প্রশিক্ষণার্থীদের সাথে মতবিনিময় এবং কোন কোন ক্ষে ত্রে তাদের প্রকল্প সরেজমিনে পরিদর্শন করা হয়। নিম্নে পরিদর্শিত এলাকায় প্রকল্পের আওতায় বাস্তবায়িত ও সম্পাদিত প্রধান প্রধান কার্যক্রমের সংক্ষিপ্ত বর্ণনা ও পরিদর্শন পর্যবেক্ষণ প্রদত্ত হলঃ

৭.১ সিলেট জেলা অংশঃ

সমাপ্ত প্রকল্প পরিদর্শনকালের ১ম পর্যায়ে সিলেটের যুব উন্নয়ন প্রশিক্ষণ কেন্দ্রে প্রশিক্ষণপ্রাপ্ত ৬/৭ জন যুবদের সাথে মতবিনিময় করা হয়। প্রশিক্ষণের পর বর্তমানে তারা প্রায় সবাই নিজস্ব উদ্যোগে ছোট বড় উদ্যোগের সাথে সম্পৃক্ত রয়েছেন। এ উপজেলায় ব্লক বাটিক, সেলাই, হাঁস-মুরগী পালন, মোবাইল সার্ভিসিং, সেলাই, গাভী পালন, মাশরুম চাষ, নকশীকাঁথা, মডার্ণ হারবাল মেডিসিন, গরু মোটা তাজাকরণ, নার্সারী বিষয়ক ট্রেডের ওপর ৭ দিন, ১৪ দিন এবং ২১ দিন মেয়াদি প্রশিক্ষণ প্রদান করা হয়। প্রকল্প বাস্তবায়নকালে ২০১১-১২ অর্থ বছরে ৩টি ব্যাচে ১২৫ জন, ২০১২-১৩ অর্থ বছরে ৭টি ব্যাচে ২৮৮ জন, ২০১৩-১৪ অর্থ বছরে ৪টি ব্যাচে ১৩৯ জন, ২০১৪-১৫ অর্থ বছরে ১১টি ব্যাচে ৪৬৫ জন, ২০১৫-১৬ অর্থ বছরে ১১টি ব্যাচে ৪৭১ জন, ২০১৬-১৭ অর্থ বছরে ১২টি ব্যাচে ৪৮০ জন এবং ২০১৭-১৮ অর্থ বছরে (ডিসেম্বর, ১৭) ৫টি ব্যাচে ২০০ জনসহ মোট ২,১৬৮ জনকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে এবং এদের মধ্যে মোট ১,৫৩১ জন আত্মকর্মী হয়েছে যা প্রদত্ত প্রশিক্ষণের তুলনায় প্রায় ৭১%। উল্লেখ্য, অনুমোদিত আরডিপিপি অনুযায়ী প্রশিক্ষণপ্রাপ্তদের মধ্যে ৭০% আত্মকর্মী সৃষ্টির লক্ষ্যমাত্রা নির্ধারিত রয়েছে। প্রকল্পের আওতায় প্রশিক্ষণপ্রাপ্তদের মধ্য থেকে মাত্র ২২ জনকে মোট ১০.৫০ লক্ষ টাকা ঋণ হিসেবে বরাদ্দ প্রদান করা হয়েছে যার বিপরীতে ঋণ আদায়ের হার ১০০% মর্মে জানানো হয়।

পরিদর্শনের ২য় পর্যায়ে আলোচ্য প্রকল্পের আওতায় প্রশিক্ষিত যুব জনাব সাহিদা বেগম কর্তৃক পরিচালিত নূরানী লেডিস টেইলার্স এন্ড ট্রেনিং সেন্টার, মেজর টিলা, ইসলামপুর, সিলেট সদর, সিলেট-এর কার্যক্রম সরেজমিনে পরিদর্শন করা হয়। তাঁর ভাষ্যমতে, এ প্রকল্পের আওতায় প্রশিক্ষণ গ্রহণের পর প্রথমে স্বল্প পরিসরে সেলাই কার্যক্রম আরম্ভ করেন এবং পর্যায়ক্রমে তাঁর গৃহীত উদ্যোগের কলেবর বৃদ্ধি করে তিনি স্বাবলম্বী হয়েছেন। পাশাপাশি তাঁর টেইলার্সে আরও প্রায় ১০/১২ জন যুব মহিলাকে প্রশিক্ষণ দিচ্ছেন মর্মে পরিলক্ষিত হয়। যুব উন্নয়ন অধিদপ্তরের এ উদ্যোগে শুধুমাত্র একজন যুব মহিলাই স্বাবলম্বী হয়নি তার সাথে সাথে আরও অনেক যুব মহিলাকে স্বাবলম্বী হওয়ার সুযোগ সৃষ্টি করে দিয়েছে। এতে অন্য বেকার যুব মহিলাদের স্বাবলম্বী হতে অনুপ্রাণিত করছে বলে তারা অভিমত ব্যক্ত করেন। তবে তাদের সাথে আলাপকালে প্রতীয়মান হয় যে, প্রকল্পের আওতায়/ রাজস্ব বাজেটের আওতায় এ ধরনের চাহিদাসম্পন্ন ট্রেডে আরও বেশি করে প্রশিক্ষণের ব্যবস্থা থাকলে এবং প্রাথমিকভাবে কাজ আরম্ভ করার জন্য প্রয়োজনীয় ঋণ সুবিধা প্রাপ্তি/উপকরণ প্রাপ্তির (প্রযোজ্য ক্ষেত্রে) সুযোগ থাকলে কর্মসংস্থান ও আত্ম-কর্মসংস্থান সৃষ্টিতে আরও সহায়ক হত।

৭.২ কুষ্টিয়া জেলা অংশঃ

সমাপ্ত এ প্রকল্পের আওতায় সম্পাদিত কার্যক্রমের অংশ হিসেবে প্রশিক্ষিত কয়েকজন যুব মহিলার সাথে মতবিনিময় হয় এবং তাদের গৃহীত উদ্যোগ সরেজমিনে পরিদর্শন করা হয়। এরা প্রকল্পের আওতায় পুঁতি দিয়ে বিভিন্ন সামগ্রী তৈরির ওপর প্রশিক্ষণ গ্রহণ করেন এবং প্রশিক্ষণ পরবর্তী সময়ে নিজেরা প্রয়োজনীয় উপকরণ সংগ্রহপূর্বক পুঁতি দিয়ে বিভিন্ন সামগ্রী তৈরি করে এবং স্থানীয় বাজারে বিক্রি করে স্বা বলম্বী হয়েছেন। এরকম দু 'জন আত্মকর্মী কর্তৃক গৃহীত তাদের উৎপাদিত পণ্যের সম্ভার প্রকল্প পরিদর্শনের সময় পরিলক্ষিত হয়। এ ট্রেডটি স্থানীয় চাহিদার ভিত্তিতে নির্বাচন করা হয়েছে এবং প্রকল্পের আওতায় প্রশিক্ষণ গ্রহণের পর প্রশিক্ষণপ্রাপ্ত প্রায় সবাই কম বেশি এ কাজের সা থে জড়িত আছেন মর্মে তারা অবহিত করেন। তবে এ ধরনের কাজে পরিশ্রমের তুলনায় উপযুক্ত বাজার /চাহিদা না থাকার কারণে তারা ন্যায্য মূল্য পাচ্ছেন না মর্মে প্রকল্প গ্রহীতারা জানান। এ উপজেলায় প্রকল্পের আওতায় প্রদেয় প্রশিক্ষণ ও ঋণ সংক্রান্ত সামগ্রিক তথ্য পাওয়া যায়নি বলে তা প্রতিবেদনে সন্নিবেশ করা সম্ভব হয়নি। সমাপ্ত প্রকল্পের অধীনে সম্পাদিত কার্যক্রমের পূর্ণাঙ্গ তথ্য সংস্থার প্রধান কার্যালয়ে/ প্রকল্প দপ্তরে সংরক্ষিত থাকা প্রয়োজন। মূলতঃ সমাপ্ত প্রকল্পের ক্ষেত্রে প্রকল্প সমাপ্তির পর কোন জনবল বিদ্যমান না থাকায় এবং এ কাজের জন্য কোন ব্যক্তি / ব্যক্তিবর্গকে সুনির্দিষ্টভাবে দায়িত্ব প্রদান না করার কারণে প্রকল্প মূল্যায়নের সময় প্রয়োজনীয় তথ্য প্রাপ্তিতে অযথা বিলম্ব হয়। ভবিষ্যতে এ জাতীয় সমস্যা হতে উত্তরণের নিমিত্ত এবং সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন প্রণয়ণের লক্ষ্যে প্রয়োজনীয় তথ্য প্রাপ্তিস হ অন্যান্য সকল ক্ষেত্রে সার্বিক সহযোগিতা কাম্য।

৭.৩ রাঙ্গামাটি জেলা অংশঃ

সমাপ্ত এ প্রকল্পের পিসিআর মূল্যায়নের লক্ষ্যে রাঙ্গামাটি জেলার সদর উপজেলায় বাস্তবায়িত কার্যক্রম পরিদর্শনের নিমিত্ত রাঙ্গামাটি যুব উন্নয়ন কেন্দ্রে ৪/৫ জনের সাথে মতবিনিময় করা হয়। এর মধ্যে প্রশিক্ষণপ্রাপ্ত যুব মহিলা, যবনিকা দেওয়ান হাঁস-মুরগী পালন, শৈল দেওয়ান ও মোঃ সাইফুল ইসলাম পারিবারিক মুরগী পালন এবং সত্যেজ দেওয়ান ছাগল পালনের ওপর প্রকল্প গ্রহণ করেছিল এবং তারা প্রত্যেকে প্রকল্প হতে ৩০ হাজার টাকা করে ঋণ পেয়েছে। তাদের সাথে আলাপচারিতায় জানা যায় যে, প্রকল্প হতে ঋণ হিসেবে প্রাপ্ত ৩০ হাজার টাকা দিয়ে হাঁস-মুরগী খামার/পোল্ট্রি ফার্ম প্রতিষ্ঠা করা এবং পরিচালনা করা খুবই কষ্টসাধ্য। এ ঋণের সিলিং ট্রেডভিত্তিক প্রয়োজনীয়তা সাপেক্ষে যৌক্তিক পর্যায়ে নির্ধারণ বাঞ্চনীয় মর্মে তারা মতামত ব্যক্ত করেন। এছা ড়া এদের মধ্যে একজন প্রয়োজনীয় পুঁজির অভাবে এবং

সামগ্রিকভাবে ঋণগ্রস্থতার কারণে ফার্ম পরিচালনা বন্ধ করে বর্তমানে পুন রায় বেকার জীবনযাপন করছেন। এক্ষেত্রে লক্ষ্যণীয় যে, প্রকল্পের আওতায় প্রশিক্ষণপ্রাপ্ত যুবরা স্বাবলম্বী হলেও পরবর্তীতে বিভিন্ন কারণে তা অব্যাহত রাখা সম্ভব হয়না। এ ধর নের কার্যকলাপ সম্পর্কে অবহিতকরণের লক্ষ্যে প্রশিক্ষণ পরবর্তী ফলো -আপ প্রয়োজন। এছাড়া যুব উন্নয়ন অধিদপ্তর কর্তৃক কর্মসংস্থান ও আত্ম-কর্মসংস্থান সৃষ্টি সংক্রান্ত সংরক্ষিত তথ্যও নির্দিষ্ট সময় অন্তর ফলো-আপের মাধ্যমে নিয়মিতভাবে আপডেট করা হয়না এবং এ ধরনের পরিবর্তন (কর্মসংস্থানে নতুন অ ন্তর্ভুক্তি/ কর্মসংস্থানের সাময়িক অবসান ইত্যাদি) সংরক্ষিত ডাটাবেজে প্রতিফলিত হয়না। পরবর্তীতে প্রকল্পের আওতায় প্রশিক্ষণ সংক্রান্ত প্রাপ্ত তথ্যমতে , ২০১১-১২ অর্থ বছরে ৭ দিন মেয়াদি ৩টি ব্যাচে ১২০ জন, ২০১২-১৩ অর্থ বছরে ৭ ও ১৪ দিন মেয়াদি ৬টি ব্যাচে ২৩০ জন, ২০১৩-১৪ অর্থ বছরে ৭ দিন মেয়াদি ৬টি ব্যাচে ১৮০ জন, ২০১৪-১৫ অর্থ বছরে ৭, ১৪ ও ২১ দিন মেয়াদি ১২টি ব্যাচে ৪৭০ জন, ২০১৫-১৬ অর্থ বছরে ৭, ১৪ ও ২১ দিন মেয়াদি ১২টি ব্যাচে ৪৮০ জন, ২০১৬-১৭ অর্থ বছরে ৭, ১৪ ও ২১ দিন মেয়াদি ১২টি ব্যাচে ৪৮০ জন এবং ২০১৭-১৮ অর্থ বছরে ৭, ১৪ ও ২১ দিন মেয়াদি ৫টি ব্যাচে ২০০ জন সহ মোট ২,১৬০ জনকে বিভিন্ন ট্রেডে ভিন্ন মেয়াদে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। এর মধ্যে ১,৫১২ জন স্বাবলম্বী হয়েছে মর্মে তথ্য সংরক্ষিত রয়েছে যা প্রশিক্ষণপ্রাপ্তদের তুলনায় ৭০%। এসব আত্মকর্মী যুব দের মাসিক আয়ের পরিমাণ ৫ হাজার টাকার উর্ধ্বে ধরা হয়েছে। তবে পরিদর্শিত এ এলাকায় গতানুগতিক ট্রেডের বাইরে স্থানীয় চাহিদার ভিত্তিতে ২টি ট্রেডে (যেমনঃ বাঁশ ও বেতের কাজ এবং মৌমাছি চাষ) প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।

৭.৪ অন্যান্য পর্যবেক্ষণঃ

(ক) প্রকল্পের আওতায় ৭ দিন, ১৪ দিন ও ২১ দিন মেয়াদি প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে ৭০% আত্মকর্মী সৃষ্টির লক্ষ্যমাত্রা নির্ধারণ অনেকটা অমূলক। কারণ স্বাবলম্বী হওয়ার জন্য প্রশিক্ষণই একমাত্র উপকরণ নয় , এর সাথে আরও অন্যান্য আনুষঙ্গিক উপাদানের /কার্যক্রমের যেমনঃ হাতে কলমে প্রশিক্ষণ , প্রতিষ্ঠিত উদ্যোক্তাদের সাথে মতবিনিময় ও যোগাযোগ স্থাপন, মার্কেট লিংকেজ, পরিমিত হারে প্রয়োজনীয় পুঁজি সরবরাহ এবং সংশ্লিষ্ট যুব উন্নয়ন অধিদপ্তর কর্তৃক নির্দিষ্ট সময় অন্তর মনিটরিং শেষে উদ্ভুত সমস্যা (যদি থাকে) মোকাবেলায় প্রয়োজনীয় পরামর্শ /সংশ্লিষ্ট সরকারি অন্যান্য দপ্তরের সাথে সম্পৃক্ততা এবং গুণগত মানসম্পন্ন পণ্য উৎপাদনে জনসচেতনতা সৃষ্টি ইত্যাদি কার্যক্রেমর সংশ্লিষ্টতার প্রয়োজন রয়েছে মর্মে পরিলক্ষিত হয়।

(খ) আলোচ্য সমাপ্ত এ প্রকল্পের অনুরূপ যুব উন্নয়ন অধিদপ্তর কর্তৃক “উত্তরবঙ্গের ৭টি জেলায় বেকার যুবদের কর্মসংস্থা ন ও আত্মকর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে প্রশিক্ষণ কার্যক্রম জোরদারকরণ (২য় পর্যায়)” শীর্ষক শিরোনামে একটি প্রকল্প বাস্তবায়নাধীন রয়েছে। একইভাবে আরও পরিশীলিত অবয়বে পরিকল্পনা প্রণয়নের মাধ্যমে এ প্রকল্পের ২য় পর্যায় গ্রহণ করা যেতে পারে।

(গ) ৪ ঘন্টাব্যাপি এ প্রশি ক্ষণে প্রশিক্ষণার্থীদের জন্য যাতায়াত ভাতা / প্রশিক্ষণ ভাতার সংস্থান ছিলনা। উপরন্তু প্রশিক্ষণ সময়ের জন্য কোন টিফিন ভাতারও সংস্থান ছিলনা। এ জাতীয় প্রশিক্ষণে বেকার যুবদের উদ্বুদ্ধকরণের লক্ষ্যে যাতায়াত ভাতা/ প্রশিক্ষণ ভাতা/ আপ্যায়ন ভাতার সংস্থান রাখা প্রয়োজন।

(ঘ) প্রকল্পে প্রতি ব্যাচে প্রশিক্ষণার্থীর নির্ধারিত সংখ্যা ৪০ জন ছিল। উপজেলা পর্যায়ে ৪০ জন প্রশিক্ষণার্থীদের প্রশিক্ষণ প্রদানের জন্য উপযুক্ত প্রশিক্ষণ ভেন্যু পাওয়া / একসাথে ৪০ জন আগ্রহী যুব সনাক্ত করা / প্রশিক্ষণের গুণগত মান বজায় রাখা অনেক কষ্টসাধ্য ব্যাপার। তাই এ সংখ্যা সর্বোচ্চ ২৫ জনের মধ্যে সীমাবদ্ধ রাখা যেতে পারে।

(ঙ) সমাপ্ত এ প্রকল্পে চাহিদার তুলনায় ঋণের বরাদ্দ অত্যন্ত অপ্রতুল ছিল। এক্ষেত্রে প্রতিটি প্রশিক্ষণার্থীকে প্রাথমিকভাবে কাজটি আরম্ভ করার নিমিত্ত ঋণ প্রদানের লক্ষ্যে ট্রেডভিত্তিক ঋণের সিলিং নির্ধারণ করা যেতে পারে। প্রয়োজনবোধে ক্ষেত্রবিশেষে (গাভী পালন, গরু মোটাতাজাকরণ, পোল্ট্রি পালন) ঋণের সিলিং -এর স র্বোচ্চ সীমা নির্ধারণকরতঃ তা পর্যায়ভিত্তিক বন্টনের সংস্থান রাখা যায়।

(চ) আলোচ্য সমাপ্ত প্রকল্পের কার্যক্রম যুব উন্নয়ন অধিদপ্তরের নিজস্ব জনবল দ্বারা পরিচালিত হয়েছে। কিন্তু পরিদর্শনকালে সংশ্লিষ্টদের সাথে আলাপকালে জানা যায়, সি.এস.দের জন্য রাজস্ব বাজেটের আওতায় ঋণ প্রদানের জন্য বাৎসরিক নির্ধারিত লক্ষ্যমাত্রার মধ্যে প্রকল্পের আওতায় বিতরণকৃত ঋণের পরিমাণ অ ন্তর্ভুক্ত করা হয়নি। ফলে এরা প্রকল্পের আওতায় ঋণ প্রদানে আগ্রহী হয়না। সি. এস.দের জন্য ঋণ প্রদানের বাৎসরিক নির্ধারিত লক্ষ্যমাত্রার মধ্যে পরবর্তীতে প্রকল্পের আওতায় বিতরণকৃত ঋণের পরিমাণ অন্তর্ভুক্ত করা যেতে পারে।

৮. প্রকল্পের উদ্দেশ্য ও অর্জনঃ

নং	প্রকল্পের উদ্দেশ্য	অর্জন
১.	স্থানীয় চাহিদার ভিত্তিতে দক্ষতা বৃদ্ধিমূলক প্রশিক্ষণের মাধ্যমে বেকার যুবদের দক্ষ (skilled) ও অর্ধ দক্ষ (Semi-skilled) মানব সম্পদে পরিণত করা;	প্রাতিষ্ঠানিক অক্ষমতার কারণে বেকার যুবদের দক্ষ (skilled) ও অর্ধ-দক্ষ (Semi-skilled) মানব সম্পদে পরিণত করা র লক্ষ্যে দক্ষতা বৃদ্ধিমূলক প্রশিক্ষণের নির্ধারিত লক্ষ্যমাত্রার অধিকাংশই অর্জিত হয়েছে।
২.	প্রশিক্ষণের মাধ্যমে আত্মকর্মসংস্থানে নিয়োজিত হয়ে দারিদ্র্য ও বেকারত্ব হ্রাসকরণ;	প্রকল্পের আওতায় প্রশিক্ষণপ্রাপ্ত যুবদের মধ্যে ৭০% যুব আত্মকর্মসংস্থানে নিয়োজিত রয়েছে মর্মে প্রকল্প অফিস হতে জানা যায়। প্রাপ্ত তথ্যমতে, এ সংখ্যা ৫,৪৫,২৪৮ জন। সার্বিকভাবে ঐ এলাকার দারিদ্র্য ও বেকারত্ব হ্রাসকরণে এদের ভূমিকা রয়েছে।
৩.	প্রশিক্ষণপ্রাপ্ত যুবদের উদ্যোক্তা উন্নয়নের মাধ্যমে আত্ম-কর্মসংস্থানে নিয়োজিত করা; এবং	প্রশিক্ষণ সমাপ্তির পর নিজস্ব উদ্যোগে আত্মকর্মসংস্থানমূলক কার্যক্রম গ্রহণের মাধ্যমে ৫,৪৫,২৪৮ জন প্রশিক্ষিত যুবরা স্বাবলম্বী হয়েছে মর্মে পিসিআরে উল্লেখ করা হয়েছে।
৪.	জাতি গঠন মূলক কার্যক্রমে যুবদের অংশগ্রহণে সহায়তা প্রদান ও উদ্বুদ্ধকরণ।	প্রকল্প চলাকালীন সময়ে ৯,৫৫,০৮৮ জন যুবকে প্রশি ক্ষণ প্রদান করা হয়েছে যার মধ্যে ৫,৪৫,২৪৮ জন যুব জাতি গঠনমূলক কর্মকান্ডে সম্পৃক্ত রয়েছে মর্মে পিসিআরে উল্লেখ করা হয়েছে।

৯. উদ্দেশ্য পুরোপুরি অর্জিত না হলে উহার কারণঃ

যে উদ্দেশ্যে প্রকল্পটি গ্রহণ করা হয়েছিল তা যথাযথভাবে অর্জিত হয়েছে মর্মে প্রতীয়মান হয়। তবে পিসিআরে প্রদত্ত তথ্য অনুযায়ী আত্ম-কর্মসংস্থানে নিয়োজিত যুবদের সংরক্ষিত তথ্য প্রকল্প সমাপ্তির পর একই আছে কিনা সে বিষয়ে কোন ফলো-আপ কার্যক্রম না থাকায় তা যাচাই করা সম্ভব হয়নি এবং একই তথ্য ডাটাবেজে সংরক্ষিত রয়েছে যা জাতীয়ভাবে বিভিন্ন জায়গায় প্রতিফলিত হচ্ছে।

১০. পরিদর্শনের স্থির চিত্রঃ





ক) সিলেটের সদর উপজেলার আত্মকর্মী সাহিদা বেগমের প্রকল্প পরিদর্শন এবং তাঁর প্রকল্পে সম্পৃক্ত অন্যান্য আত্মকর্মী যুব মহিলা।

	
চিত্রঃ কুষ্টিয়ায় প্রকল্পের প্রশিক্ষণপ্রাপ্ত এক সফল আত্মকর্মীর সাথে।	চিত্রঃ রাঙ্গামাটিতে যুব উন্নয়ন অধিদপ্তরের জনবল এবং প্রশিক্ষিত যুবদের সহিত।

১১. বাস্তবায়ন সমস্যাঃ

১১.১ আলোচ্য প্রকল্পের আওতায় গৃহীত কার্যক্রম বাস্তবায়নের জন্য যুব উন্নয়ন অধিদপ্তরের নিয়োজিত বিদ্যমান জনবলের অতিরিক্ত দায়িত্ব পালনের জন্য প্রকল্প হতে তাদের জন্য প্রণোদনামূলক আর্থিক কোন সুবিধা বরাদ্দ না থাকা ;

১১.২ রাজস্ব কার্যক্রম/প্রকল্পের কার্যক্রম বাস্তবায়নে যুব উন্নয়ন অধিদপ্তরের বিদ্যমান ক্রেডিট সুপারভাইজারদের (সি.এস) জন্য মোটর সাইকেল না থাকা/ভ্রমণ ভাতা পর্যাপ্ত না থাকা;

১১.৩ প্রতি ব্যাচে প্রশিক্ষণার্থীর লক্ষ্যমাত্রা ৪০ জন নির্ধারিত থাকায় সবসময় লক্ষ্যমাত্রা অনুযায়ী প্রশিক্ষণার্থী না পাওয়া (বিশেষ করে পার্বত্য এলাকায়), ৪০ জন প্রশিক্ষণার্থীদের জন্য প্রশিক্ষণ উপযোগি ভেন্যু না পাওয়া এবং সর্বোপরি প্রশিক্ষণের গুণগত মান বজায় রাখা কষ্টসাধ্য;

১১.৪ প্রায় ৪ ঘন্টাব্যাপি এ প্রশিক্ষণে প্রশিক্ষণার্থীর জন্য দৈনিক ভাতা এবং যাতায়াত ভাতাসহ টিফিনের কোন সংস্থান না থাকা;

১১.৫ প্রতিটি প্রশিক্ষণে ব্যবহারিক পাঠদানের আবশ্যকতাসহ এ খাতে প্রয়োজনীয় বরাদ্দ না থাকা এবং পর্যাপ্ত প্রশিক্ষণ উপকরণের সরবরাহ না থাকা;

১১.৬ প্রকল্পে মোট বরাদ্দকৃত ঋণ তহবিলের বিপরীতে নির্ধারিত ঋণীর সংখ্যার আনুপাতিক বিশ্লেষণে দেখা যায় যে , উপজেলাওয়ারি ২,১৬০ জন প্রশিক্ষণার্থীর বিপরীতে উপজেলাওয়ারি প্রায় ১৫ জনের জন্য ২৫ হাজার টাকা করে প্রায় ৩.৭৫ লক্ষ টাকা ঋণ প্রদানের সংস্থান প্রয়োজনের তুলনায় অত্যন্ত অপ্রতুল;

১১.৭ প্রকল্পের আওতায় উপজেলাওয়ারি ঋণীর সংখ্যা এবং ঋণীদের মাথাপিছু বিতরণকৃত ঋণের পরিমাণে পরিলক্ষিত অসামঞ্জস্যতা/তারতম্য;

১১.৮ স্থানীয় চাহিদার ভিত্তিতে এবং কর্মসংস্থান উপযোগি ট্রেড নির্বাচন না হওয়া, দক্ষ প্রশিক্ষক নিয়োগ এবং ট্রেডের মেয়াদ যৌক্তিক পর্যায়ে নির্ধারণ না হওয়া;

১১.৯ প্রশিক্ষণ পরবর্তী কোন ফলো-আপ না থাকা;

১১.১০ রাজস্ব বাজেটের আওতায় সি .এস.দের জন্য নির্ধারিত বাৎসরিক ঋণের সিলিং -এর মধ্যে প্রকল্পের আওতায় প্রদেয় ঋণের পরিমাণ অন্তর্ভুক্ত না থাকা;

১২. মতামত/সুপারিশঃ

১২.১	ভবিষ্যতে এ জাতীয় প্রকল্পের আওতায় গৃহীত কার্যক্রম যুব উন্নয়ন অধিদপ্তরের নিয়োজিত বিদ্যমান জনবল দ্বারা পরিচালিত হলে অতিরিক্ত দায়িত্ব পালনের জন্য প্রকল্প হতে তাদের জন্য প্রণোদনামূলক আর্থিক সুবিধার সংস্থান রাখা

	যেতে পারে। এর পাশাপাশি রাজস্ব বাজেটের আওতায় পরিচালিত কার্যক্রমের যথাসম্ভব সমন্বয় ঘটাতে হবে;
১২.২	রাজস্ব কার্যক্রম/প্রকল্পের কার্যক্রম বাস্তবায়নে যুব উন্নয়ন অধিদপ্তরের বিদ্যমান ক্রেডিট সুপারভাইজারদের (সি.এস) জন্য আলাদা কোন মোটর সাইকেল না থাকায় /ভ্রমণ ভাতা পর্যাপ্ত না থাকায় প্রশিক্ষণার্থী নির্বাচন , ঋণ বিতরণ, ঋণ আদায়সহ অন্যান্য আনুষঙ্গিক কার্যক্রম বাস্তবায়ন কষ্টসাধ্য বিধায় প্রয়োজনানুসারে এ খাতে যৌক্তিক সংস্থান রাখা যেতে পারে;
১২.৩	রাজস্ব বাজেটের আওতায় সি .এসদের জন্য নির্ধারিত বাৎসরিক ঋণের সিলিং এর মধ্যে প্রকল্পের আওতায় প্রদেয় ঋণের পরিমাণ অন্তর্ভুক্ত করা যেতে পারে;
১২.৪	প্রতি ব্যাচে প্রশিক্ষণার্থীর লক্ষ্যমাত্রা ৪০ জন নির্ধারিত থাকায় সবসময় লক্ষ্যমাত্রা অনুযায়ী প্রশিক্ষণার্থী পাওয়া যায়না। এ ক্ষেত্রে প্রতি ব্যাচে প্রশিক্ষণার্থীর লক্ষ্যমাত্রা ২০-২৫ জন নির্ধারণ করা যেতে পারে। এতে লক্ষ্যমাত্রা অনুযায়ী প্রশিক্ষণার্থী পাওয়া (বিশেষ করে পার্বত্য এলাকায়), প্রশিক্ষণ উপযোগি ভেন্যু পাওয়া এবং সর্বোপরি প্রশিক্ষণের গুণগত মান বজায় রাখা সম্ভব হবে মর্মে প্রতীয়মান হয়;
১২.৫	প্রায় ৪ ঘন্টাব্যাপি পরিচালিত এ জাতীয় প্রশিক্ষণে প্রশিক্ষণার্থীর জন্য দৈনিক ভাতা /যাতায়াত ভাতাসহ ন্যূনতম টিফিনের সংস্থান রাখা যেতে পারে;
১২.৬	প্রতিটি প্রশিক্ষণে বিশেষ করে ১৪/২১ দিন মেয়াদি ট্রেডে ব্যবহারিক পাঠদানের আবশ্যকতাসহ এ খাতে প্রয়োজনীয় বরাদ্দ রাখতে হবে। পাশাপাশি ট্রেডভিত্তিক পর্যাপ্ত প্রশিক্ষণ উপকরণ সরবরাহ নিশ্চিত করতে হবে ;
১২.৭	সমাপ্ত এ প্রকল্পে উপজেলাওয়ারি প্রশিক্ষিতের সংখ্যা বিবেচনায় বরাদ্দকৃত ঋণ তহবিলের পরিমাণ ও সংখ্যা অপ্রতুল এবং উপজেলাওয়ারি ঋণীর সংখ্যা, ব্যক্তিভিত্তিক বিতরণকৃত ঋণের পরিমাণে অসামঞ্জস্যতা পরিলক্ষিত হয়। ভবিষ্যতে এ জাতীয় প্রকল্প গ্রহণের সময় এ বিষয়গুলো সঠিকভাবে চিহ্নিত করে উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করতে হবে;
১২.৮	প্রশিক্ষণের ক্ষেত্রে স্থানীয় চাহিদা, কর্মসংস্থান ও সময় উপযোগি ট্রেড নির্বাচন, দক্ষ প্রশিক্ষক নিয়োগ এবং ট্রেডের মেয়াদ যৌক্তিক পর্যায়ে নির্ধারণে র বিষয়ে প্রাধান্য দিতে হবে। এছাড়া কর্মসংস্থান ও আত্মকর্মসংস্থান সৃষ্টিতে প্রশিক্ষণের ভূমিকা/ অবদান রাখার লক্ষ্যে নির্দিষ্ট সময় অন্তর প্রশিক্ষণ পরবর্তী ফলো-আপের সংস্থান রাখতে হবে এবং নিয়মিত আপডেট করতে হবে;
১২.৯	প্রায় সারা দেশব্যাপি গৃহীত এ প্রকল্পের (৫৭টি জেলার ৪৪২টি উপজেলা) আওতায় প্রকল্প কার্যক্রমের প্রসারতা অনেক বেশি ছিল বিধায় এ জাতীয় প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে যু ব উন্নয়ন অধিদপ্তরের সংশ্লিষ্ট জেলা /উপজেলা এবং প্রকল্প বাস্তবায়ন ইউনিটের সক্ষমতা বৃদ্ধি করতে হবে; এবং
১২.১০	ভবিষ্যতে এ জাতীয় প্রকল্পের পরিকল্পনা প্রণয়নের ক্ষেত্রে প্রকল্পের প্রাক্কলিত ব্যয়ের মধ্যে অভিষ্ট জনগোষ্ঠী (End Users) এর জন্য বরাদ্দের পরিমাণ ও গুণগত ব্যয়ের বিষয়টি যথোপযুক্তভাবে নিশ্চিত করতে হবে;
১২.১১	উপরোল্লিখিত সুপারিশের আলোকে গৃহিত পদক্ষেপ প্রতিবেদন প্রাপ্তির ৩০ (ত্রিশ) দিনের মধ্যে এ বিভাগকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো।

সংযোজনী 'ক'

বিভাগ/জেলা/উপজেলাভিত্তিক প্রকল্প এলাকার তথ্য

বিভাগ	জেলা	উপজেলা/ থানা/সিটি কর্পোরেশনের নাম
ঢাকা	ঢাকা	ধামরাই, দোহার, কেরানীগঞ্জ, নবাবগঞ্জ, সাভার।
	ফরিদপুর	আলফাডাঙ্গা, ভাঙ্গা , বোয়ালমারী, চর ভদ্রাসন, ফরিদপুর সদর, মধুখালী, নগরকান্দা, সদরপুর, সালটা।
	গাজীপুর	গাজীপুর সদর, কালিয়াকৈর, কালীগঞ্জ, কাপাসিয়া, শ্রীপুর।
	গোপালগঞ্জ	গোপালগঞ্জ সদর, কাসিয়ানী, কোটালীপারা, মাকসুদপুর, টুঙ্গিপাড়া।
	জামালপুর	বকশীগঞ্জ, দেওয়ানগঞ্জ, ইসলামপুর, জামালপুর সদর, মাদারগঞ্জ, মেলান্দাহ, সরিষাবাড়ি।
	কিশোরগঞ্জ	অষ্টগ্রাম, বাজিতপুর, ভৈরব, হোসাইনপুর, ইটনা, করিমগঞ্জ, কটিয়াদি, কিশোরগঞ্জ সদর, কুলিয়ারচর, মিঠামইন, নিকলী, পাকুন্দিয়া, তাড়াইল।
	মাদারিপুর	কালকিনি, মাদারিপুর সদর, রাজৈর, শিবচর।
	মানিকগঞ্জ	দৌলতপুর, ঘিওর, হরিরামপুর, মানিকগঞ্জ সদর, সাটুরিয়া, শিবালয়, সিঙ্গাইর।
	মুন্সিগঞ্জ	গজারিয়া, লৌহজং, মুন্সিগঞ্জ সদর, সিরাজদিখান, শ্রীনগর, টঙ্গীবাড়ি
	ময়মনসিংহ	ভালুকা, ধোবাউড়া, ফুলবাড়িয়া, ফুলপুর, গফরগাঁও, গৌরীপুর, হালুয়াঘাট, ঈশ্বরগঞ্জ, ময়মনসিংহ সদর, মুক্তাগাছা, নান্দইল, ত্রিশাল
	নারায়ণগঞ্জ	আড়াইহাজার, বন্দর, নারায়ণগঞ্জ সদর, রূপগঞ্জ, সোনারগাঁ
	নরসিংদী	বেলাবো, মনোহরদী, নরসিংদী সদর, পলাশ, রায়পুরা, শিবপুর
	নেত্রকোনা	আটপাড়া, বারহাট্টা, দুর্গাপুর, কলমাকান্দা, কেন্দুয়া, খালিয়াজুরী, মদন, মোহনগঞ্জ, নেত্রকোনা সদর, পূর্বধলা।
	রাজবাড়ী	বালিয়াকান্দি, গোয়ালন্দ, পাংশা, রাজবাড়ী সদর, কালুখালী।
	শরীয়তপুর	ভেদরগঞ্জ, ডামুড্যা, গোসাইরহাট, জাজিরা, নড়িয়া, শরীয়তপুর সদর
	শেরপুর	ঝিনাইগাতী, নকলা, নালিতাবাড়ী, শেরপুর সদর, শ্রীবর্দী
	টাঙ্গাইল	বাসাইল, ভূঁয়াপুর, দেলদুয়ার, ঘাটাইল, গোপালপুর, কালিহাতি, মির্জাপুর, মধুপুর, নাগরপুর, সখীপুর, টাঙ্গাইল সদর, ধনবাড়ী
খুলনা	বাগেরহাট	বাগেরহাট সদর, চিতলমারী, ফকিরহাট, কচুয়া, মোল্লারহাট, মংলা, মরেলগঞ্জ, রামপাল, শরণখোলা
	চুয়াডাঙ্গা	আলমডাঙ্গা, চুয়াডাঙ্গা সদর, ডামুরডা, জীবননগর
	যশোর	অভয়নগর, বাঘেরপাড়া, চৌগাছা, যশোর সদর, ঝিকরগাছা, কেশবপুর, মনিরামপুর, শার্শা ।
	ঝিনাইদহ	কোটচাঁদপুর, হরিণাকুন্ডু, ঝিনাইদহ সদর, কালীগঞ্জ, মহেশপুর, শৈলকুপা
	খুলনা	বটিয়াঘাটা, দাকোপ, দিঘলিয়া, ডুমুরিয়া, ফুলতলা, কয়রা, পাইকগাছা, রূপসা, তেরখাদা, খুলনা সদর, খালিশপুর
	কুষ্টিয়া	ভেড়ামারা, দৌলতপুর, খোকসা, কুমারখালী, কুষ্টিয়া সদর, মিরপুর
	মাগুরা	মাগুরা সদর, মোহাম্মদপুর, শালিখা, শ্রীপুর
	মেহেরপুর	গাংনী, মেহেরপুর সদর, মুজিবনগর
	নড়াইল	কালিয়া, লোহাগড়া, নড়াইল সদর
	সাতক্ষীরা	আশাশুনি, দেবহাটা, কালিগঞ্জ, কলারোয়া, সাতক্ষীরা সদর, শ্যামনগর, তালা
রাজশাহী	বগুড়া	আদমদীঘি, বগুড়া সদর , ধুনট, ধুপচাচিয়া, গাবতলী, কাহালু, নন্দীগ্রাম, সারিয়াকান্দি, শেরপুর, শিবগঞ্জ, সোনাতলা, শাজাহানপুর
	চাঁপাইনবাবগঞ্জ	ভোলাহাট, গোমস্তাপুর, নাচোল, নবাবগঞ্জ সদর, শিবগঞ্জ
	জয়পুরহাট	আক্কেলপুর, জয়পুরহাট সদর, কালাই, ক্ষেতলাল, পাঁচবিবি
	নওগাঁ	আত্রাই, বাদলগাছী, ধামইরহাট, মান্ডা, মহাদেবপুর, নওগাঁ সদর , নিয়ামতপুর, পত্নীতলা, পোরশা রানীনগর, সাপাহার
	পাবনা	আটঘরিয়া, বেড়া, ভাঙ্গুরা, চাটমোহর, ফরিদপুর, ঈশ্বরদী, পাবনা সদর, সাঁথিয়া, সুজানগর
	রাজশাহী	বাঘা, বাগমারা, চরঘাট, দুর্গাপুর, গোদাগাড়ী, মোহনপুর, পবা, পুটিয়া, তানোর, বোয়ালিয়া.
	সিরাজগঞ্জ	বেলকুচি, চৌহালী, কামারখন্দ, কাজীপুর, রায়গঞ্জ, শাহাজাদপুর, সিরাজগঞ্জ সদর, তাড়াশ, উল্লাপাড়া
সিলেট	হবিগঞ্জ	আজমেরীগঞ্জ, বাহুবল, বানিয়াচং, চুনারুঘাট, হবিগঞ্জ সদর, লাখাই, মাধবপুর, নবীগঞ্জ
	মৌলভীবাজার	বড়লেখা, কমলগঞ্জ, কুলাউড়া, মৌলভীবাজার সদর, রাজনগর, শ্রীমঙ্গল, জুরি

	সুনামগঞ্জ	বিশম্ভরপুর, ছাতক, দিরাই, ধর্মপাশা, দোয়ারাবাজার, জগন্নাথপুর, জামালগঞ্জ, সল্লা, সুনামগঞ্জ সদর, তাহেরপুর, দক্ষিণ সুনামগঞ্জ
	সিলেট	বালাগঞ্জ, বিয়ানীবাজার, বিশ্বনাথ, কোম্পানীগঞ্জ, ফেঞ্চুগঞ্জ, গোয়াইনঘাট, গোলাপগঞ্জ, জৈন্তাপুর, জকিগঞ্জ, কানাইঘাট, সিলেট সদর, দক্ষিণ সুরমা
বরিশাল	বরগুনা	আমতলী, বামনা, বরগুনা সদর, বেতাগী, পাথরঘাটা
	বরিশাল	আগৈলঝরা, বাবুগঞ্জ, বাকেরগঞ্জ, বানারীপাড়া, বরিশাল সদর , গৌরনদী, হিজলা, মেহেন্দীগঞ্জ, মুলাদী, উজিরপুর
	ভোলা	ভোলা সদর, বোরহানউদ্দিন, চরফ্যাশন, দৌলতখান, লালমোহন, মনপুরা, তজমুদ্দিন
	ঝালকাঠি	ঝালকাঠি সদর, কাঠালিয়া, নলছিটি, রাজাপুর
	পটুয়াখালী	বাউফল, দশমিনা, দুমকি, গলাচিপা, কলাপাড়া, মির্জাগঞ্জ, পটুয়াখালী সদর
	পিরোজপুর	ভান্ডারিয়া, কাউখালী, মঠবাড়িয়া, নেছারাবাবাদ (স্বরূপকাঠি), নাজিরপুর, পিরোজপুর সদর , জিয়া নগর (ইন্দুরকানী)
চট্টগ্রাম	বান্দরবান	আলি কদম, বান্দরবান সদর, লামা, নাইক্ষ্যাংছড়ি, রোয়ানছড়ি, রুমা, থানচি
	ব্রাহ্মণবাড়িয়া	আখাউড়া, আশুগঞ্জ, বাঞ্ছারামপুর, কসবা, নবীনগর, নাসিরনগর, সরাইল, ব্রাহ্মণবাড়িয়া সদর , বিজয়নগর
	চাঁদপুর	চাঁদপুর সদর, ফরিদগঞ্জ, হাইমচর, হাজীগঞ্জ, কচুয়া, মতলব (দক্ষিণ), মতলব (উত্তর) (ছ্যাঞ্চারচর), শাহরাস্তি
	চট্টগ্রাম	আনোয়ারা, বাঁশখালী, বোয়ালখালী, চন্দনাইশ, ফটিকছড়ি, হাটহাজারী, লোহাগাড়া, মিরসরাই, পটিয়া, রাঙ্গুনিয়া, রাউজান, সন্দ্বীপ, সাতকানিয়া, সীতাকুন্ডু, কোতোয়ালী, পাহাড়তলী
	কুমিল্লা	বরুড়া, ব্রাহ্মণপাড়া, বুড়িচং, চান্দিনা, চৌদ্দগ্রাম, কুমিল্লা সদর , দাউদকান্দি, দ্বেবীদার, হোমনা, লাকসাম, মেঘনা, মুরাদনগর, লাঙ্গলকোট, তিতাস, মনোহরগঞ্জ, কুমিল্লা সদর দক্ষিণ
	কক্সবাজার	চকরিয়া, কক্সবাজার সদর, কুতুবদিয়া, মহেশখালী, পেকুয়া, রামু, টেকনাফ, উখিয়া
	ফেনী	ছাগলনাইয়া, দাগনভুঁইয়া, ফেনী সদর, পরশুরাম, ফুলগাজী, সোনাগাজী
	খাগড়াছড়ি	দীঘিনালা, খাগড়াছড়ি সদর, লক্ষীছড়ি, মহালছড়ি, মানিকছড়ি, মাটিরাঙ্গা, পানছড়ি, রামগড়
	লক্ষীপুর	লক্ষীপুর সদর, রামগতি, রামগঞ্জ, রায়পুর, কমলনগর
	নোয়াখালী	বেগমগঞ্জ, চাটখিল, কোম্পানীগঞ্জ, হাতিয়া, নোয়াখালী সদর (সুধারাম) , সেনবাগ, সোনাইমুড়ি , সুবর্ণচর, কবিরহাট
	রাঙ্গামাটি	বাঘাইছড়ি, বরকল, বিলাইছড়ি, জুরাইছড়ি, কাপ্তাই, কাউখালী, লংগদু, নানিয়ারচর, রাজস্থলি, রাঙ্গামাটি সদর
রংপুর	দিনাজপুর	বিরামপুর, বীরগঞ্জ, বিরল, বোচাগঞ্জ, চিরিরবন্দর, দিনাজপুর সদর, ফুলবাড়ী, ঘোড়াঘাট, হাকিমপুর, কাহারলি, খানসামা, নবাবগঞ্জ, পার্বতীপুর
	ঠাকুরগাঁও	বালিয়াডাঙ্গী, হরিপুর, পীরগঞ্জ, রানীশংকৈল, ঠাকুরগাঁও সদর

সংযোজনী-'খ'

পরিদর্শনকৃত এলাকায় এক নজরে অর্থ বছরওয়ারি প্রশিক্ষণার্থীর সংখ্যা, ট্রেডের নাম ও সংখ্যা, ঋণীর সংখ্যা, বিতরণকৃত ঋণের পরিমাণ, ঋণ আদায়ের পরিমাণ, ঋণ আদায়ের হার, আত্মকর্মীর সংখ্যা,আত্মকর্মীর মাসিক আয়ের পরিমাণ সংক্রান্ত তথ্যঃ

১. সিলেট সদর উপজেলাঃ

অর্থ বছর	প্রশিক্ষণার্থীর সংখ্যা	ট্রেডের সংখ্যা ও নাম	ঋণীর সংখ্যা	বিতরণকৃত ঋণের পরিমাণ	ঋণ আদায়ের পরিমাণ	ঋণ আদায়ের হার	আত্মকর্মীর সংখ্যা	আত্মকর্মীর মাসিক আয়ের পরিমাণ
২০১১-১২	১২৫ জন	ব্লক বাটি ক, হাঁস-মুরগী পালন, মোবাইল সার্ভিসিং	০০	০০	০০	০০	৭২ জন	৬০০০ টাকার উর্দ্ধে
২০১২-১৩	২৮৮ জন	ব্লক বাটিক , সেলাই, হাঁস-মুরগী পালন , গাভী পালন , মর্ডাণ হারবাল , মোবাইল সার্ভিসিং, মাশরুম চাষ , নকশীকাথা	০১	৫০০০০	৫০০০০	১০০%	২০৩ জন	৬০০০ টাকার উর্দ্ধে
২০১৩-১৪	১৩৯ জন	মর্ডাণ হারবাল মেডিসিন , হাঁস-মুরগী পালন , গরু মোটা তাজাকরণ , ব্লক বাটিক	০৩	১৫০০০০	১৫০০০০	১০০%	৯৮ জন	৬০০০ টাকার উর্দ্ধে
২০১৪-১৫	৪৬৫ জন	ব্লক বাটিক , সেলাই, হাঁস-মুরগী পালন , গাভী পালন , মর্ডাণ হারবাল , মোবাইল সার্ভিসিং, মাশরুম চাষ , নকশীকাথা, নার্সারী	০২	১০০০০০	১০০০০০	১০০%	৩২৭ জন	৬০০০ টাকার উর্দ্ধে
২০১৫-১৬	৪৭১ জন	ব্লক বাটিক , সেলাই, হাঁস-মুরগী পালন , গাভী পালন , মর্ডাণ হারবাল , মোবাইল সার্ভিসিং, মাশরুম চাষ , নকশীকাথা, নার্সারী	০৩	১৫০০০০	১৫০০০০	১০০%	৩৩৩	৬০০০ টাকার উর্দ্ধে
২০১৬-১৭	৪৮০ জন	ব্লক বাটিক , সেলাই, হাঁস-মুরগী পালন , গাভী পালন , মর্ডাণ হারবাল , মোবাইল সার্ভিসিং, মাশরুম চাষ , নকশীকাথা, নার্সারী	০৩	১৫০০০০	১৫০০০০	১০০%	৩৪১	৬০০০ টাকার উর্দ্ধে
২০১৭-১৮ (ডিসেম্বর, ১৭)	২০০ জন	ব্লক বাটিক , হাঁস-মুরগী পালন, মোবাইল মেরামত , গরু মোটাতাজাকরণ	১০	৪৫০০০০	৪৫০০০০	১০০%	১৫৭	৬০০০ টাকার উর্দ্ধে

২. কুষ্টিয়া সদর উপজেলাঃ

পরিদর্শিত এ এলাকা হতে সামগ্রিকভাবে কোন তথ্য পাওয়া যায়নি বিধায় তা উপস্থাপন করা যায়নি।

২. রাঙ্গামাটি সদর উপজেলাঃ

অর্থ বছর	প্রশিক্ষণার্থী	ট্রেডের সংখ্যা ও নাম	ঋণীর	বিতরণকৃত	ঋণ	ঋণ	আত্মকর্মী	আত্মকর্মীর

	র সংখ্যা		সংখ্যা	ঋণের পরিমাণ	আদায়ের পরিমাণ	আদায়ের হার	র সংখ্যা	মাসিক আয়ের পরিমাণ
২০১১-১২	১২০ জন	১। মাশরম্নম চাষ, ২। হাঁসমুরগী পালন, ও ৩। নার্সারী	-	-	-	-	৮৪ জন	৫,৩৫০/-
২০১২-১৩	২৩০ জন	১।পারিবারিক সবজি চাষ(২), ২। মাশরম্নম চাষ (৩) , ও ৩। নার্সারী	-	-	-	-	১৬১ জন	৫৪৫০/-
২০১৩-১৪	১৮০ জন	১। পারিবারিক মুরগী পালন(৬)	-	-	-	-	১২৬ জন	৫৭৫০/-
২০১৪-১৫	৪৭০ জন	১।মাশরম্নম চাষ(২), ২।নার্সারি, ৩। ছাগল পালন(৩), ৪।গরম্ন মোটাতাজাকরণ(২), ৫।বয়ন শিল্প(২), ৬। পারিবারিক সবজি চাষ, ও ৭। মোবাইল মেরামত	১০ জন	২,৮৫,০০০/-	২,৮৫,০০০	১০০%	৩২৯ জন	৫৮০০/-
২০১৫-১৬	৪৮০ জন	১। মাশরম্নম চাষ(৩), ২। গরম্ন মোটটতাজাকরণ, ৩। বাঁশ ও বেতের কাজ, ৪। হর্টিকালচার, ৫। গাভী পালন, ৬। বয়ন(৩),৭। ছাগল পালন ও ৮। নার্সারী	-	-	-	-	৩৩৬ জন	৬২০০/-
২০১৬-১৭	৪৮০ জন	১।মাশরম্নম চাষ(৩), ২। বয়ন(৪), ৩। পারিবারিক মুগরী পালন, (২), ৪। ছাগল পালন, ৫। নার্সারী, ও ৬। মৌমাছি চাষ	-	-	-	-	৩৩৬ জন	৬,৩৫০/-
২০১৭-১৮	২০০ জন	১। মুরগী পালন, ২। মাশরম্নম চাষ, ৩। সবজি চাষ, ও ৪। বয়ন	-	-	-	-	১৪০ জন	৬৫৫০/-
মোট	২,১৬০ জন		১০ জন	২,৮৫,০০০		১০০%	১,৫১২ জন	

“বিকেএসপির হকি টার্ফ স্থাপন এবং বিদ্যমান সিনথেটিক এ্যাথলেটিক ট্র্যাক প্রতিস্থাপন” শীর্ষক প্রকল্পের সমাপ্ত মূল্যায়ন প্রতিবেদন
(সমাপ্ত: জুন, ২০১৮)

১. প্রকল্পের নাম	:	“বিকেএসপির হকি টার্ফ স্থাপন এবং বিদ্যমান সিনথেটিক এ্যাথলেটিক ট্র্যাক প্রতিস্থাপন”
২। উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ	:	যুব ও ক্রীড়া মন্ত্রণালয়।
৩। বাস্তবায়নকারী সংস্থা	:	বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান (বিকেএসপি),
৪। প্রকল্পের অবস্থান	:	(বিকেএসপি), জিরানী, সাভার
৫। প্রকল্প বাস্তবায়ন সময় ও ব্যয়	:	

(লক্ষ টাকায়)

প্রাক্কলিত ব্যয়		প্রকৃত ব্যয়	প্রকল্পের বাস্তবায়নকাল		প্রকল্পের প্রকৃত বাস্তবায়নকাল	অতিক্রান্ত ব্যয় (মূল প্রাক্কলনের %)	অতিক্রান্ত মেয়াদ (মূল বাস্তবায়নকালের %)
মূল	সংশোধিত		মূল	সংশোধিত			
২৪৩৫.০০	--	২৪২২.০৯	জুলাই ২০১৬ হতে জুন, ২০১৮	জুলাই ২০১৬ হতে জুন, ২০১৮	জুলাই ২০১৬ হতে জুন, ২০১৮	-	-

৬. সাধারণ পর্যবেক্ষণ:

৬.১ <u>প্রকল্পের উদ্দেশ্য:</u>

(ক) মূল উদ্দেশ্য:

বিকেএসপিতে সিনথেটক হকি টার্ফ স্থাপন এবং সিনথেটিক ট্র্যাক প্রতিস্থাপনের মাধ্যমে দেশের সম্ভাব্য ও প্রতিভাবান হকি ও এ্যাথলেটদের পাশাপাশি জাতীয় দলের খেলোয়াড়দের নিয়মিত বিজ্ঞানসম্মত প্রশিক্ষণ প্রদানের সুযোগ সৃষ্টি করা যাতে তারা পরবর্তীতে জাতীয় ও আন্তর্জাতিক ক্রীড়াঙ্গনে ভূমিকা রাখতে পারে।

(খ) সুনির্দিষ্ট উদ্দেশ্য:

- ধর্ম-বর্ণ নির্বিশেষে দেশের সকল স্তরের জনগণের জন্য বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান (বিকেএসপি) এর বিজ্ঞানসম্মত খেলাধুলা প্রশিক্ষণের সুযোগ সৃষ্টি করা এবং পরবর্তীতে তাদেরকে জাতীয় এবং আন্তর্জাতিক মানদন্ড অনুযায়ী দক্ষ খেলোয়াড় তৈরি করা;
- পদ্ধতিগত ও বিজ্ঞানসম্মত প্রশিক্ষণ প্রদানে বিকেএসপির বিদ্যমান অবকাঠামোর উন্নয়ন।

৬.২ প্রকল্প গ্রহণের পটভূমি:

বিশ্বব্যাপী হকি প্রশিক্ষণ ও প্রতিযোগিতামূলক হকি খেলা সিনথেটিক টার্ফে অনুষ্ঠিত হচ্ছে। বাংলাদেশের হকি আন্তর্জাতিক মানে উন্নয়নের জন্য অন্যান্য দেশের মত ১৯৯০ সালে বিকেএসপি’তে সিনথেটিক হকি টার্ফ করা হয়। বর্তমানে প্রায় ১০০ জন প্রশিক্ষণার্থী একই টার্ফে প্রশিক্ষণ নিচ্ছে যা বিজ্ঞানসম্মত নয়। স্বল্প পরিসরে অধিক সংখ্যক প্রশিক্ষণার্থীর প্রশিক্ষণের ফলে একদিকে যেমন, বিধি অনুসরণ করে প্রশিক্ষণ প্রদান সম্ভব হচ্ছে না, অন্যদিকে দুর্ঘটনা ঘটছে। অনুশীলন ম্যাচে যখন ২৪ জন প্রশিক্ষণার্থীকে ২টি দলে বিভক্ত করে খেলানো হয় তখন বাকী প্রশিক্ষণার্থীরা প্রশিক্ষণের সুযোগ পায়না। তাছাড়া, বাংলাদেশ সেনাবাহিনীর হকি দল সারা বছর এ টার্ফে অনুশীলন করে। বিভিন্ন

প্রথম শ্রেণীর হকি দল টুর্নামেন্টের পূর্বে এখানে অনুশীলন করে এবং বিভিন্ন জাতীয় ও আন্তর্জাতিক হকি প্রতিযোগিতা এ মাঠে অনুষ্ঠিত হয়। এ পরিস্থিতিতে বিকেএসপি'তে আরও একটি হকি টার্ফ স্থাপন করা জরুরি।
বিকেএসপিতে এ্যাথলেটিক্স এর জন্য ১৯৯২ সালে প্রথম সিনথেটিক ট্যাক বসানো হয়। পরবর্তীতে ২০০৪ সালে সর্ব শেষ এ ট্র্যাক পরিবর্তন করা হয়। সাধারণত এ্যাথলেটিক্স ট্র্যাক ৭ বছর ব্যবহার করা যায়। বর্তমানের ব্যবহৃত একলেটিক ট্র্যাকটি প্রায় ১২ বছরের পুরাতন। ট্র্যাকটির উপরের অংশ ব্যাপক ক্ষতিগ্রস্থ হওয়ায় এ্যাথলেটিক প্রশিক্ষণ, অনুশীলন ও বিদ্যমান এ্যাথলেটিক ট্র্যাক প্রতিস্থাপনের জন্য মোট ২৪.৩৫ কোটি টাকা প্রাক্কলিত ব্যয়ে জুলাই, ২০১৬ হতে জুন, ২০১৮ মেয়াদে বাস্তবায়নের লক্ষ্যে প্রকল্পটি গ্রহণ করা হয়েছে।

৬.৩ প্রকল্পের অনুমোদন অবস্থা:

মূল প্রকল্পটি সম্পূর্ণ জিওবি অর্থায়নে ২৪৩৫.০০ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে জুলাই, ২০১৬ হতে জুন, ২০১৮ মেয়াদে বাস্তবায়নের লক্ষ্যে গত ০৭/১২/২০১৬ তারিখে মাননীয় পরিকল্পনা মন্ত্রী কর্তৃক অনুমোদিত হয়।

৬.৪ প্রকল্পের মূল কার্যক্রম ও অনুমোদিত ডিপিপি অনুযায়ী প্রাক্কলিত ব্যয়:

প্রকল্পের আওতায় মূল কার্যক্রম এবং এর বিপরীতে অনুমোদিত ডিপিপি অনুযায়ী ব্যয় প্রাক্কলন নিম্নে প্রদর্শিত হল।

ক্র:নং	অংগের বিবরণ	সংখ্যা/পরিমাণ	প্রাক্কলিত ব্যয় (%)
১	হকি টার্ফ স্থাপন	৫৯৪০ ব: মি:	১১৫০.০০ (৪৭.২৩%)
২	সিনথেটিক এ্যাথলেটিক ট্র্যাক প্রতিস্থাপন	৮০৬৫ ব:মি:	১২৭৫.০০ (৫২.৩৬%)
৩	রাজস্ব ব্যয়	থোক	১০.০০ (০.৪১%)
মোট:			২৪৩৫.০০

৬.৫ প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্য:

ক্র:নং	কর্মকর্তার নাম ও পদবি	দায়িত্বের ধরন	দায়িত্বের মেয়াদকাল	
			আরম্ভ	সমাপ্তি
১	মোঃ মোশারফ হোসেন মোল্লা, পরিচালক	খন্ডকালিন	০১/০৭/২০১৬	০৮/১০/২০১৭
২	এ.বি.এম বুহুল আজাদ, পরিচালক (প্রশাসন ও অর্থ)	খন্ডকালিন	০৯/০৭/২০১৭	১১/১২/২০১৭
৩	হাওলাদার মোঃ রাকিবুল বারি, পরিচালক (প্রশাসন ও অর্থ)	খন্ডকালিন	২৫/০৩/২০১৮	প্রকল্প মেয়াদ সমাপ্তি পর্যন্ত

৬.৬ প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি:

প্রকল্পের অনুমোদিত মোট ব্যয় প্রাক্কলন ২৪৩৫.০০ লক্ষ টাকার বিপরীতে মোট ২৪২২.০৯ লক্ষ টাকা ব্যয় হয়েছে যা অনুমোদিত মোট প্রকল্প ব্যয়ের ৯৯.৪৭% এবং বাস্তব কাজ ১০০% সম্পন্ন হয়েছে মর্মে পিসিআর হতে জানা যায়।

৬.৭ বছর ভিত্তিক আরএডিপি বরাদ্দ এবং এর বিপরীতে ব্যয়ের হিসাব:

অর্থবছর	এডিপি/আরএডিপি বরাদ্দ			অর্থ ছাড়	ব্যয়			বাস্তব অগ্রগতি (%)
	মোট	টাকা	প্র:সা:		মোট	টাকা	প্র:সা:	
২০১৬-১৭	১৪০৪.০০	১৪০৪.০০	-	১৪০৪.০০	১৪০০.০০	১৪০০.০০		৬০%
২০১৭-১৮	১০৩১.০০	১০৩১.০০	-	১০৩১.০০	১০২২.০৯	১০২২.০৯		৪০%
মোট:	২৪৩৫.০০	২৪৩৫.০০	-	২৪৩৫.০০	২৪২২.০৯	২৪২২.০৯		১০০%

৬.৮ প্রকল্পের বিভিন্ন অংগের বাস্তবায়ন অগ্রগতি (পিসিআর এ প্রদত্ত তথ্যের ভিত্তিতে):

সংশ্লিষ্ট মন্ত্রণালয় থেকে প্রাপ্ত পিসিআর এর ভিত্তিতে প্রকল্পটির অঙ্গভিত্তিক বরাদ্দ ও বাস্তবায়ন অগ্রগতি নিম্নে দেয়া হল:

ক্র:নং	ডিপিপি অনুযায়ী অঙ্গের বিবরণ	ডিপিপি অনযায়ী পরিকল্পিত লক্ষ্যমাত্রা		প্রকৃত অগ্রগতি	
		পরিমাণ	টাকা	আর্থিক	বাস্তব (%)
(ক) রাজস্ব:					
১	সম্মানী	থোক	৫.০০	০.৭০	-
২	বিবিধ	থোক	৫.০০	০.০৬	-
উপমোট (রাজস্ব)			১০.০০	০.৭৬	-
(খ) মূলধন:					
৩	হকি টার্ফ স্থাপন	৫৯৪০ ব: মি:	১১৫০.০০	১১৪৭.২২	১০০%
৪	সিনথেটিক এ্যাথলেটিক ট্র্যাক প্রতিস্থাপন	৮০৬৫ ব:মি:	১২৭৫.০০	১২৭৪.১১	১০০%
উপমোট (মূলধন)			২৪২৫.০০	২৪২১.৩৩	-
মোট (রাজস্ব + মূলধন)			২৪৩৫.০০	২৪২২.০৯	-

৬.৯ কাজ অসমাপ্ত থাকলে তার বিবরণ:

প্রকল্পের আওতায় সমুদয় কাজ সমাপ্ত হয়েছে মর্মে পিসিআর হতে জানা যায়।

৬.১০ ক্রয় সংক্রান্ত তথ্যাদি:

প্রকল্পের আওতায় কার্য হিসেবে মোট ২টি প্যাকেজের আওতায় ক্রয়/সংগ্রহ কার্যক্রম সম্পন্নের পরিকল্পনা ডিপিপিতে অর্ন্তভুক্ত রয়েছে। প্রকল্পের আওতায় সম্পাদিত ক্রয় কার্যক্রমের বিস্তারিত তথ্যাদি নিম্মে প্রদত্ত হল:

Description of procurement (goods/works/Consultancy) as per bid document	Tender/Bid/Proposal Cost (in crore Taka)		Tender/Bid/Proposal		Date of Completion of works/services and supply of goods	
	As per RDPP	Contracted value	Invitation date	Contract singing/I.C operning date	As per contract	Actual
1	2	3	4	5	6	7
Installation of Hockey Turf (5940.00 sqm)	1150.00 Lac Taka	1145.51	01-02-2017	20-03-2017	30-06-2018	30-04-2018
Replacement synthetic athletic track (8065.00 sqm)	1275.00 Lac Taka	1270.52	01-02-2017	21-03-2017	30-06-2018	30-04-2018

৭। পরিদর্শত এলাকা:

সমাপ্ত এ প্রকল্পের বাস্তবায়িত কার্যক্রম পর্যালোচনার জন্য এ বিভাগের সংশ্লিষ্ট উপপরিচালক (সামাজিক-৩) কর্তৃক গত ২৩/০১/২০১৯ তারিখে প্রকল্প এলাকার (বিকেএসপি, জিরানি, সাভার) বাস্তবায়িত কার্যক্রম সরেজমিনে পরিদর্শন করা হয। পরিদর্শনের সময় আলোচ্য প্রকল্পের সর্বশেষ প্রকল্প পরিচালক, বিকেএসপি'র নির্বাহী প্রকৌশলী, সংশ্লিষ্ট ইঞ্জিনিয়ার এবং বিকেএসপি'র সংশ্লিষ্ট অন্যান্য কর্মকর্তারা উপস্থিত ছিলেন।

৮। পরিদর্শন পর্যবেক্ষণ:

নিম্নে পরিদর্শিত এলাকায় প্রকল্পের আওতায় বাস্তবায়িত ও সম্পাদিত প্রধান প্রধান কার্যক্রমের সংক্ষিপ্ত বর্ণনা ও বাস্তবায়ন সমস্যা প্রদত্ত হল:

৮.১ হকি টার্ফ স্থাপন:

আন্তর্জাতিক মানদন্ড অনুযায়ী হকি খেলার প্রশিক্ষণ প্রদানের লক্ষ্যে বিকেএসপিতে ১৯৯০ সালে প্রথমবারের মত সিনথেটিক হকি টার্ফ স্থাপন করা হয়। স্থাপিত এ হকি মাঠে বিকেএসপি'র ৬০ জন দীর্ঘমেয়াদি প্রশিক্ষণার্থী এবং ৪০

জন তৃণমূল পর্যায় হতে অন্বেষিত প্রতিভাবানসহ মোট ১০০ জন প্রশিক্ষণার্থীরা একসাথে প্রশিক্ষণ নিতে হয়। এছাড়া সারা বছরব্যাপি আর্মি হকি টিম এবং ১ম শ্রেণির বিভিন্ন হকি টিম তাদের টুর্নামেন্টের আগে এ মাঠে অনুশীলন করে থাকে। ফলে প্রশিক্ষণার্থীদের জন্য প্রশিক্ষণের বরাদ্দকৃত সময় প্রয়োজনের তুলনায় অত্যন্ত অপ্রতুল হত। ঐ প্রেক্ষাপট বিবেচনায় এবং আন্তর্জাতিক নিয়মানুযায়ী যে কোন টুর্নামেন্টের জন্য একটি ওয়ার্ম-আপ মাঠ এবং একটি কম্পিটিশন মাঠের আবশ্যকতার পরিপ্রেক্ষিতে আলোচ্য প্রকল্পের আওতায় ৫৯৪০ ব:মি: আয়তনের হকি টার্ফ স্থাপন খাতে মোট ১১৫০.০০ লক্ষ টাকার সংস্থান রাখা হয়েছে। এর মধ্যে ব্যয় করা হয়েছে ১১৪৭.২২ লক্ষ টাকা যা বরাদ্দকৃত অর্থের ৯৯.৭৬%। উল্লেখ্য, ইতিপূর্বে ২০১৩-২০১৪ অথবছরে সমাপ্ত ১টি প্রকল্পের মাধ্যমে বিকেএসপিতে ১টি সিনথেটিক হকি টার্ফ স্থাপন করা হয়েছে।

পরিদর্শনকারে হকি মাটে প্রশিক্ষণার্থীদের প্রশিক্ষণ অনুশীলন করতে দেখা গেছে। বর্তমানে হকি ডিসিপ্লিনে মোট ১০০ জন (নির্ধারিত লক্ষ্যমাত্রার ১০০%) ছাত্র বিদ্যমান রয়েছে। বিকেএসপি'র হকি খেলার কোচ অবহিত করেন যে, জাতয়ি হকি দলের সব খেলোয়অড় (১০০%) বিকেএসপি হতে সংগৃহীত। তিনি আরও উল্লেখ করেন যে, বিকেএসপি হল বাংলাদেশের একমাত্র প্রতিষ্ঠান যেখানে আন্তর্জাতিক মানদন্ড অনুযায়ী হকি খেলার জন্য সিনথেটিক হকি টার্ফের ওপর চাপ কমেছে এবং প্রশিক্ষার্থীরা প্রশিক্ষণের পর্যাপ্ত সুবিধা ও সময় পাচ্ছেন। এসব সুবিধা বৃদ্ধির কারণে আঞ্চলিক কেন্দ্রগুলোতে হকি খেলার প্রয়োজনীয় অবকাঠামো /সুবিধাদি সৃষ্টি করা হলে বিকেএসপি'র আঞ্চলিক কেন্দ্রগুলোতে হকি খেলার প্রয়োজনীয় অবকাঠামো/সুবিধাদি সৃষ্টি করা হলে বিকেএসপি'র মুল কেন্দ্রে প্রশিক্ষণের চাপ তুলনামূলক হ্রাস পেত এবং হকি খেলার প্রসারতা বৃদ্ধি পেত।

৮.২ সিনথেটিক এ্যাথলেটিক টার্ফ প্রতিস্থাপন:

বাংলাদেশে এ্যাথলেটিক খেলার গুণগত মানোন্নয়ন প্রসারতার লক্ষ্যে সিনথেটিক ট্র্যাকে প্রশিক্ষণ ও প্রতিযোগিতা আয়োজনের নিমিত্ত বিকেএসপিতে ১৯৯২ সালে সিনথেটিক এ্যাথলেটিক ট্র্যাক স্থাপন করা হয়েছে। পরবর্তীতে ২০০৪ সালে বিদ্যমান টার্ফটি প্রতিস্থাপন করা হয়। বিকেএসপি'র প্রশিক্ষণার্থী ছাড়াও বাংলাদেশ ন্যাশনাল টিম, জুনিয়র ন্যাশনাল টিম সার্ভিসেস এ্যাথলেটরা নিয়মিতভঅবে এ ট্র্যাকে অনশীলন করে আসছে। দীর্ঘ ১১ বছর ব্যবহারের পর ট্র্যাকের বহিঃ অংশ ব্যাপকভাবে ক্ষতিগ্রস্থ হওয়ায় একটি প্রশিক্ষণের জন্য অনুপযোগি হয়ে পড়েছে যার পরিপ্রেক্ষিতে আলোচ্য প্রকল্পের মোট ৮০৬৫ ব:মি: আয়তনবিশিষ্ট সিনথেটিক এ্যাথলেটিক ট্র্যাক স্থাপনের জন্য প্রকল্পের আওতায় সংস্থানকৃত ১২৭৫.০০ লক্ষ টাকার মধ্যে ব্যয় হয়েছে ১২৭৪.১১ লক্ষ টাকা যা বরাদ্দকৃত অর্থের ৯৯.৯৩%।

পরিদর্শনকালে এ্যাথলেট প্রশিক্ষণার্থীদের প্রশিক্ষণের প্রস্তুতি নিতে দেখা গেছে। তবে উপস্থিতির সংখ্যা কম পরিলক্ষিত হওয়ার কারণ জিজ্ঞাসান্তে জানা যায় যে, আগত এস.এস.সি পরিক্ষার প্রস্তুতির কারণে নির্ধারিত উপস্থিতির সংখ্যা কিছুটা কম। বর্তমানে বিকেএসপিতে এ্যাথলেট প্রশিক্ষণার্থী মোট ৫০ জন বিদ্যমান রয়েছে। প্রকল্পটি বাস্তবায়নের মাধ্যমে আন্তর্জাতিক মানদন্ড অনুযায়ী সৃষ্ট অবকাঠামোর মাধ্যমে প্রশিক্ষণ প্রদান করার ফলে প্রশিক্ষণের গুণগত মান অনেক বৃদ্ধি পেয়েছে মর্মে তিনি অভিমত ব্যক্ত করেন।

৮.৩ অন্যান্য পর্যবেক্ষণ:

(ক) পিসিআর প্রকল্পের আওতায় অডিট কার্যক্রম সংক্রান্ত কোন তথ্য সংযোজন করা হয়নি। জিওবি অর্থের সদ্ব্যবহার নিশ্চিতকরণের লক্ষ্যে বাস্তবায়িত প্রকল্পের এক্সটারনাল অডিট কার্যক্রম দ্রুত সম্পাদন করার লক্ষ্যে প্রয়াজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে এবং এ বিষয়ে গৃহীত কার্যক্রম সম্পর্কে সংশ্লিষ্ট দপ্তরে অবহিত করতে হবে।

(খ) প্রকল্পটি বাস্তাবয়নের ফলে হকি খেলোয়াড় ও এ্যাথলেটদের অনুশীলন ও প্রশিক্ষণে অবদান রাখবে। এজন্য দক্ষ ও অভিজ্ঞ প্রশিক্ষক নিয়োগ নিশ্চিত করতে হবে।

(গ) ডিপিপিতে সংযুক্ত সময়াবদ্ধ কর্মপরিকল্পনা (ডিপিপি পৃ: ২৫) অনুযায়ী হকি টার্ফ স্থাপন এ এ্যাথলেটিক ট্র্যাক স্থাপন কার্যক্রম প্রদর্শিত সময় (মে, ২০১৮) এর পূর্বে সম্পাদন করা হয়েছে (অর্থ্যাৎ এপ্রিল. ২০১৮) যা প্রসংশনীয়। প্রকল্প প্রণয়ন ও বাস্তবায়ন পর্যায়ে যথাযথভাবে পরিকল্পনার (টাইম ওভার রান/ ওভার রান না হওয়া) মাধ্যমে গুণগত মান নিশ্চিতপূর্বক নির্ধারিত সময়ের মধ্যে প্রকল্পের কার্যক্রম সমাপ্তির ধারাবাহিকতার উদ্যেঅগ বিকেএসপিসহ যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের আওতাধীন সকল সংস্থার বাস্তবায়নাধীন/বাস্তবায়িতব্য অন্যান্য প্রকল্পের ক্ষেত্রে অনুসরণীয় হতে পারে।

(ঘ) স্থাপিত সিনথেটিক হকি টার্ফ এবং এ্যাথলেটিক টার্ফ এর দীর্ঘমেয়াদি স্থায়িত্ব নিশ্চিতকল্পে এর পরিচালনা এবং রক্ষণাবেক্ষণের জন্য প্রযোজ্যমতে প্রয়োজনীয় ব্যবস্থা (বরাদ্দ, জনবল এবং ব্যবহারের মাত্রা ইত্যাদি) নিশ্চিত করতে হবে।

৯. প্রকল্পের উদ্দেশ্য ও অর্জন:

ক্র:নং	প্রকল্পের উদ্দেশ্য	অর্জন
১	বিকেএসপিতে সিনথেটিক হকি টার্ফ স্থাপন এবং বিদ্যমান সিনথেটিক এ্যাথলেটিক ট্র্যাক প্রতিস্থাপনের মাধ্যমে দেশের সম্ভাব্য ও প্রতিভাবান হকি ও এ্যাথলেটদের পাশাপাশি জাতীয় দলের খেলোয়াড়দের নিয়মিত বিজ্ঞানসম্মত প্রশিক্ষণ প্রদানের সুযোগ সৃষ্টি করা যাতে তারা পরবর্তীতে জাতীয় ও আন্তর্জাতিক ক্রীড়াঙ্গনে ভূমিকা রাখতে পারে।	বিকেএসপিতে ৫৯৪০ ব:মি: আয়তনবিশিষ্ট সিনথেটিক হকি টার্ফ এবং ৮০৬৫ ব:মি: আয়তনের বিদ্যমান সিনথেটিক এ্যাথলেটিক ট্র্যাক প্রতিস্থাপনের মাধ্যমে সম্ভাব্য ও প্রতিভাবান হকি ও এ্যাথলেটদের নিয়মিত বিজ্ঞানসম্মত প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে এবং এসব ডিসিপ্লিনের জাতীয় টিমসহ ১ম শ্রেণির অন্যান্য টিমের অনুশীলনের সুযোগ সৃষ্টির মাধ্যমে জাতীয় ও আন্তর্জাতিক ক্রীড়ায় ভুমিকা রাখছে।

১০. উদ্দেশ্য পুরোপুরি অর্জিত না হলে উহার কারণ:

যে উদ্দেশ্যে প্রকল্পটি গ্রহণ করা হয়েছিল তা যথাযথভাবে অর্জিত হয়েছে মর্মে প্রাপ্ত পিসিআর, তথ্য-উপাত্ত বিশ্লেষণ এবং সরেজমিনে পরিদর্শন হতে জানা যায়।

১১. পর্যবেক্ষণ ও বাস্তবায়ন সমস্যা:

১১.১ বাংলাদেশে হকি ও এ্যাথলেটদের সম্ভাবনা থাকলেও জেলা ও উপজেলা পর্যায়ে অনুশীলনের জন্য প্রয়োজনীয় অবকাঠামো উন্নয়নের পাশাপাশি অনুশীলন /চর্চার জন্য প্রয়োজনীয় উপকরণের (প্রশিক্ষণ, খেলার সামগ্রী ইত্যাদি) সংস্থান খুবই সীমিত থাকার কারণে এ খেলাগুলোর প্রসারতা চাহিদানুযায়ী বৃদ্ধি পাচ্ছেনা।

১১.২ জাতীয় হকি দলের সব খেলোয়াড় (১০০%) বিকেএসপি হতে সংগৃহিত মর্মে জানা যায়। বিকেএসপি হল বাংলাদেশের একমাত্র প্রতিষ্ঠান যেখানে আন্তর্জাতিক মানদন্ড অনুযায়ী হকি খেলার জন্য সিনথেটিক টার্ফ স্থাপন করা হয়েছে এবং প্রশিক্ষণীর্থী /শিক্ষার্থীরা আন্তর্জাতিক মানের অবকাঠামো ব্যবহারের পর্যাপ্ত সুবিধা ও সময় পাচ্ছেন। হকি ও এ্যাথলেট খেলোয়াড় তৈরিতে বিকেএসপি'র পাশাপাশি ফেডারেশনগুলোকেও কার্যকর উদ্যোগ গ্রহণ করতে হবে। শুধুমাত্র জাতীয় পর্যায়ে টুর্নামেন্ট আয়োজনের মধ্যে সীমাবদ্ধ না থেকে ফেডারেশনের উদ্যোগ আন্ত:বিভাগীয় টুর্নামেন্ট আয়োজন করা যেতে পারে।

১১.৩ প্রকল্পের ডিপিপিতে প্রণীত লগফ্রেম অনুযায়ী প্রতি বছর ২০০ জন হকি এবং এ্যাথলেটদের প্রশিক্ষণের পাশাপাশি ২৫ জন কোচের প্রশিক্ষণ প্রদান করার লক্ষ্যমাত্রা নির্ধারিত রয়েছে। কিন্তু সীমিত বরাদ্দের কারণে হকি ও এ্যাথলেটিক্সে খেলোয়াড় ও কোচদের আন্তর্জাতিক মানদন্ড অনুযায়ী প্রশিক্ষণ প্রদানের লক্ষ্যে ভালমানের আন্তর্জাতিক প্রশিক্ষক /কোচ নিয়োগ করা যাচ্ছে না। এ লক্ষ্যে সাময়িকভাবে আন্তর্জাতিক কোচ নিয়োগের লক্ষ্যে রাজস্ব খাতে প্রয়োজনীয় অর্থ বরাদ্দের সংস্থান রাখা আবশ্যক।

১১.৪ ভৌগোলিক অবস্থানগত কারণে তুলনামূলকভাব কৌশল প্রয়োগকারি ক্রীড়াঙ্গনে বাংলাদেশের অবদান/অবস্থান গৌরবান্বিত করার সম্ভাবনা অনেক বেশি । বর্তমানে জাতীয় এবং আন্তর্জাতিক পর্যায়ে হকি এবং এ্যাথলেটিক্স খেলায় উল্লেখযোগ্য সাফল্য প্রতিফলিত না হওয়ায় এ ধরণের খেলায় আগ্রহীদের সংখ্যা তুলনামূলক কম প্রতীয়মান হয়। ফলে স্বল্পমেয়াদি প্রশিক্ষণ/দীর্ঘমেয়াদি প্রশিক্ষণ সাময়িকভাবে ফলপ্রসূ হলেও ভবিষ্যতের সুযোগ/সুবিধার কথা চিন্তা করে এসব খেলোয়াড়দের খেলায় স্থিতি/অবস্থান দীর্ঘমেয়াদি/টেকসই হয়নি।

১১.৫ খেলাধুলার সাথে সম্পৃক্ত থাকার কারণে এসব খেলোয়াড়দের একাডেমিক ফলাফল তুলনামূলক ভাল হয়না। ফলে খেলাধুলায় উল্লেখযোগ্য অবস্থান না থাকলে পরবর্তীতে এ জাতীয় কাজের সাথে সম্পৃক্ত চাকরির সুবিধা অনেক সীমিত থাকায় তারা হতাশাগ্রস্থ হয়ে পড়ে। এ লক্ষ্যে সর্বাগ্রে খেলোয়াড়দের ভবিষ্যৎ নিশ্চিতের লক্ষ্যে কেন্দ্রীয় হস্তক্ষেপের মাধ্যমে প্রাথমিকভাবে বিভাগীয়/জেলা পর্যায়ে কোচ/প্রশিক্ষক হিসেবে সম্পৃক্তকরণের প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করা যেতে পারে। এর ফলে খেলোয়ার তৈরির প্রচেষ্টার/সফল খেলোয়াড় তৈরিতে প্রতি খেলোয়াড়ের পিছনে সরকারের বিনিয়োগকৃত অর্থের সদ্ব্যবহার নিশ্চিত হবে, দেশব্যাপি খেলোয়াড় তৈরিতে প্রতি খেলোয়াড়ের পিছনে সরকারের বিনিয়োগকৃত অর্থের সদ্ব্যবহার নিশ্চিত হবে, দেশব্যাপি খেলাধুলার চর্চা বৃদ্ধি পাবে এবং পাশাপাশি তৃণমূল পর্যায় হতে প্রতিভাবান খেলোয়াড় অন্বেষণ কার্যক্রম আরো ফলপ্রসূ হবে।

১১.৬ হকি এবং এ্যাথলেটিক্স ডিপিপ্লিনে অংশগ্রহণকারি খেলোয়াড়দের নিয়মিত প্রশিক্ষণের প্রয়োজন হয়। পাশাপাশি তাদের খেলা উপযোগি ফিজিক্যাল ফিটনেস নিশ্চিতকল্পে একজন পুষ্টিবিদের সার্বক্ষণিক তত্ত্বাবধান আবশ্যক।

১১.৭ প্রকল্পটি জিওবি অর্থায়নে বাস্তবায়িত এবং সরকারের অর্থের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণে অডিট কার্যক্রম সম্পন্ন করা আবশ্যক । কিন্তু প্রকল্পের আওতায় কোন ইন্টারনাল ও এক্সটারনাল অডিট কার্যক্রম সম্পন্ন হয়নি।

১২. মতামত/সুপারিশ:

১২.১ বাংলাদেশ হকি ও এ্যাথলেঠদের সম্ভাবনা থাকলেও এ খেলাগুলোর প্রসারতা চাহিদানুযায়ী বৃদ্ধির লক্ষ্যে পর্যায়ক্রমে জেলা ও উপজেলা পর্যায়ে অনুশীলনের জন্য প্রয়োজনীয় অবকাঠামো উন্নয়নের পাশাপাশি অনুশীলন/চর্চার জন্য প্রয়োজনীয় উপকরণের (প্রশিক্ষণ, খেলার সামগ্রী, ইত্যাদি) সংস্থানের লক্ষ্যে ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে (অনু ১১.১)।

১২.২ হকি ও এ্যাথলেট খেলোয়াড় তৈরিতে বিকেএসপি'র পাশাপাশি ফেডারেশনগুলোকেও কার্যকর উদ্যোগ গ্রহণ করতে হবে। এ লক্ষ্যে শুধুমাত্র জাতীয় পর্যায়ে টুর্নামেন্ট আয়োজনের মধ্যে সীমাবদ্ধ না থেকে সংশ্লিষ্ট ফেডারেশনের উদ্যোগে আন্তঃজেলা/আন্তঃবিভাগীয় পর্যায়ে টুর্নামেন্ট আয়োজন করার লক্ষ্যে সংশ্লিষ্টদের অগ্রণী ভূমিকা নিতে হবে (অনু ১১.২)।

১২.৩ প্রকল্পের ডিপিপিতে প্রণীত লগফ্রেম অনুযায়ী প্রতি বছর ২০০ জন হকি এবং এ্যাথলেটদের প্রশিক্ষণের পাশঅপাশি ২৫ জন কোচের প্রশিক্ষণ প্রদান করার নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের লক্ষ্যে এবং হকি ও এ্যাথলেটিক্সে খেলোয়াড় ও কোচদের আন্তর্জাতিক মানদন্ড অনুযায়ী প্রশিক্ষণ প্রদানের লক্ষ্যে ভালমানের আন্তর্জাতিক প্রশিক্ষণ/কোচ নিয়োগের লক্ষ্যে (সামায়িকভাবে) রাজস্ব খাতে প্রয়োজনীয় অর্থ বরাদ্দের সংস্থান রাখতে হবে (অনু ১১.৩)।

১২.৪ ভৌগোলিক অবস্থানগত কারণে কৌশল প্রয়োগকারি ক্রীড়াঙ্গনে বাংলাদেশের অবদান/অবস্থান গৌরবান্বিত করার সম্ভাবনা অনেক বেশি থাকা সত্ত্বেও এ ধরণের খেলায় আগ্রহীদের সংখ্যা বৃদ্ধির লক্ষ্যে খেলোয়াড়দের খেলায় স্থিতি /অবস্থান দীর্ঘমেয়াদি/টেকসইকরণের নিমিত্ত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে (অনু ১১.৪)।

১২.৫ সফল খেলোয়াড় তৈরির প্রচেষ্টায়/সফল খেলোয়াড় তৈরিতে প্রতি খেলোয়াড়ের পিছনে সরকারের বিনিয়োগকৃত অর্থের সদ্ব্যবহার নিশ্চিতকরণ, দেশব্যাপি খেলাধুলার চর্চা বৃদ্ধিকরণ এবং পাশাপাশি তৃণমূল পর্যায় হতে প্রতিভাবান খেলোয়াড় অন্বেষণ কার্যক্রম আরো ফলপ্রসূকরণের লক্ষ্যে সর্বাগ্রে খেলোয়াড়দের ভবিষ্যৎ সুনিশ্চিত করতে হবে। এ লক্ষ্যে কেন্দ্রীয় হস্তক্ষেপের মাধ্যমে প্রাথমিকভাব বিভাগীয়/জেলা পর্যায়ে কোচ/প্রশিক্ষক হিসেবে এদেরকে সম্পৃক্তকরণের প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণের বিষয়টি কর্তৃপক্ষ বিবেচনা করতে পারে (অনু ১১.৫)।

১২.৬ হকি এবং এ্যাথলেটিক্স ডিসিপ্লিনে অংশগ্রহণকারি খেলোয়াড়দের নিয়মিত প্রশিক্ষণের পাশাপাশি তাদের খেলা উপযোগি ফিজিক্যাল ফিটনেস নিশ্চিতকল্পে একজন পুষ্টিবিদের সার্বক্ষণিক তত্ত্বাবধান নিশ্চিত করতে হবে (অনু ১১.৬)।

১২.৭ প্রকল্প প্রণয়ন ও বাস্তবায়ন পর্যায়ে যথাযথভাবে পরিকল্পনার (টাইম ওভার রান/কষ্ট ওভার রান না হওয়া) মাধ্যমে গুণগত মান নিশ্চিতপূর্বক নির্ধারিত সময়ের মধ্যে প্রকল্পের কার্যক্রম সমাপ্তির ধারাবাহিকতার উদ্যেঅগ বিকেএসপিসহ যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের আওতাধীন সকল সংস্থার বাস্তবায়নাধীন /বাস্তবায়িতব্য অন্যান্য প্রকল্পের ক্ষেত্রে অনুসরণীয় হতে পারে (অনু ৮.৩ এর গ অংশে)।

১২.৮ স্থাপিত সিনথেটিক হকি টার্ফ এবং এ্যাথলেটিক টার্ফ এর দীর্ঘমেয়াদি স্থায়িত্ব নিশ্চিতকল্পে এর পরিচালনা এবং রক্ষণাবেক্ষণের জন্য বাস্তবায়নকারি সংস্থা/উদ্যোগী মন্ত্রণালয়ের (প্রযোজ্যমতে) কার্যকরী ও প্রয়োজনীয় ব্যবস্থা (বরাদ্দ, জনবল এবং ব্যবহারের মাত্রা ইত্যাদি) গ্রহণ নিশ্চিত করতে হবে (অনু ৮.৩ এর ঘ অংশে)।

১২.৯ প্রকল্পের অনুকূলে বরাদ্দকৃত অর্থের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণে এক্সটারনাল অডিট কার্যক্রম সম্পন্ন করে অডিট রিপোর্ট আইএমইডিসহ সংশ্লিষ্ট অন্যান্য দপ্তরে প্রেরণ করতে হবে(অনু ১১.৭)।

১২.১০ উপরোল্লিখিত সুপারিশসমূহের আলোকে সংশ্লিষ্ট মন্ত্রণালয় কর্তৃক গৃহীত ব্যবস্থাদি সম্পর্কে আগামী ২০ (বিশ) কার্যদিবসের মধ্যে এ বিভাগকে অবহিত করতে হবে।



চিত্রঃ বিদ্যমান হকি মাঠে প্রশিক্ষণরত শিক্ষার্থীরা।



চিত্রঃ হকি ডিসিপ্লিনে কর্মরত কোচবৃন্দের সহিত।



চিত্রঃ প্রকল্পের আওতায় স্থাপিত সিনথেটিক হকি টার্ফ।



চিত্রঃ প্রশিক্ষণের পূর্বে টার্ফের প্রস্তুতির অংশবিশেষ।





চিত্রঃ প্রকল্পের আওতায় স্থাপিত ৮০৬৫ বঃমিঃ আয়তনবিশিষ্ট সিনথেটিক এ্যাথলেটিক ট্র্যাকের অংশবিশেষ।

চট্টগ্রাম বিভাগীয় সদরে সুইমিংপুল নির্মাণ (সংশোধিত) শীর্ষক প্রকল্পের সমাপ্ত মূল্যায়ন প্রতিবেদন
(সমাপ্ত: জুন, ২০১৮)

১. প্রকল্পের নাম	:	"চট্টগ্রাম বিভাগীয় সদরে সুইমিংপুল নির্মাণ (সংশোধিত)"
২। উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ	:	যুব ও ক্রীড়া মন্ত্রণালয়।
৩। বাস্তবায়নকারী সংস্থা	:	জাতীয় ক্রীড়া পরিষদ
৪। প্রকল্পের অবস্থান	:	চট্টগ্রাম সদর উপজেলা
৫। প্রকল্প বাস্তবায়ন সময় ও ব্যয়	:	

(লক্ষ টাকায়)

প্রাক্কলিত ব্যয়		প্রকৃত ব্যয়	প্রকল্পের বাস্তবায়নকাল		প্রকল্পের প্রকৃত বাস্তবায়নকাল	অতিক্রান্ত ব্যয় (মূল প্রাক্কলনের %)	অতিক্রান্ত মেয়াদ (মূল বাস্তবায়নকালের %)
মূল	সংশোধিত		মূল	সংশোধিত			
১১৮০.০৯	১২৬৫.৬৯	১২৬৫.৬৮	ফেব্রুয়ারি, ২০১৬ হতে সেপ্টেম্বর, ২০১৭	ফেব্রুয়ারি, ২০১৬ হতে জুন, ২০১৮	ফেব্রুয়ারি, ২০১৬ হতে জুন, ২০১৮	৮৫.৬০ ৭.২৫%	৯ মাস (৪৭.৩৭%)

৬. সাধারণ পর্যবেক্ষণ:

৬.১ <u>প্রকল্পের উদ্দেশ্য:</u>

চট্টগ্রাম বিভাগীয় সদরে সুইমিং এর জন্য ক্রীড়া অবকাঠামোগত সুবিধাদি সৃষ্টি করা।

৬.২ প্রকল্প গ্রহণের পটভূমি:

দেশের ১৩টি জেলা সদরে সুইমিংপুল নির্মিত হলেও দেশের দ্বিতীয় বৃহত্তম মহানগর চট্টগ্রাম জেলা সদরে সাতার ও প্রশিক্ষণের জন্য মানসম্পন্ন সুইমিংপুল নির্মিত হয়নি। এ লক্ষ্যে এম.এ.আজিজ স্টেডিয়াম সংলগ্ন আউটার স্টেডিয়ামের জমিতে একটি সুইমিংপুল নির্মাণের নিমিত্ত ১১৮০.০৯ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে ফেব্রুয়ারি, ২০১৬ হতে সেপ্টেম্বর, ২০১৭ মেয়াদে বাস্তবায়নের জন্য আলোচ্য প্রকল্পটি গ্রহণ করা হয়েছে। পরবর্তীতে প্রকল্প ব্যয় ৮৫.৬০ লক্ষ টাকা বৃদ্ধিপূর্বক ১২৬৫.৬৯ লক্ষ টাকা নির্ধারণ করে এবং মেয়াদকাল ৯ (নয়) মাস বৃদ্ধি করে প্রকল্পটি যুব ও ক্রীড়া মন্ত্রণালয় কর্তৃক ১ম বার সংশোধন করা হয়।

৬.৩ প্রকল্পের অনুমোদন অবস্থা:

প্রকল্পটি ১১৮০.০৯ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে ফেব্রুয়ারি, ২০১৬ হতে সেপ্টেম্বর, ২০১৭ মেয়াদে বাস্তবায়নের জন্য গত ২৮/০৪/২০১৬ তারিখে মাননীয় পরিকল্পনা মন্ত্রী কর্তৃক অনুমোদন হয়। পরবর্তীতে যুব ও ক্রীড়া মন্ত্রণালয় কর্তৃক গত ১৫/০৫/২০১৬ তারিখে প্রকল্পের প্রশাসনিক অনুমোদন আদেশ জারি করা হয়। এরপর যুব ও ক্রীড়া মন্ত্রণালয় কর্তৃক ডিপিইসি সভার সুপারিশক্রমে প্রকল্পের ৯ (নয়) মাস বৃদ্ধি করে ফেব্রুয়ারি, ২০১৬ হতে জুন, ২০১৮ এবং প্রাক্কলিত ব্যয় ১২৬৫.৬৯ লক্ষ টাকা নির্ধারণ করে গত ০৫/১১/২০১৭ তারিখে প্রকল্পটির ১ম বার সংশোধনের প্রশাসনিক অনুমোদন আদেশ জারি করা হয়।

৬.৪ প্রকল্পের মূল কার্যক্রম ও অনুমোদিত আরডিপিপি অনুযায়ী প্রাক্কলিত ব্যয়:

প্রকল্পের আওতায় মূল কার্যক্রম এবং এর বিপরীতে অনুমোদিত আরডিপিপি অনুযায়ী ব্যয় প্রাক্কলন নিম্নে প্রদর্শিত হল:

ক্র: নং	অংগের বিবরণ	সংখ্যা/পরিমাণ	প্রাক্কলিত ব্যয় (ব্যয়ের %)
১.	ভূমি উন্নয়ন এবং সীমানা প্রাচীর নির্মাণ	থোক	৪০.৫৭ লক্ষ টাকা (৩.২১%)
২.	ডেকসহ সুইমিংপুল নির্মাণ (৫৯ মিঃ×২৮.৩৩মি:)	১৬৭২ ব:মি:	৪৫১.০৭ লক্ষ টাকা (৩৫.৬৪%)

ক্র: নং	অংগের বিবরণ	সংখ্যা/পরিমাণ	প্রাক্কলিত ব্যয় (ব্যয়ের %)
৩.	প্যাভিলিয়ন ভবনসহ সাধারণ গ্যালারি নির্মাণ (১১৮ মিঃ×৭.০২মি:)	থোক	৩৭৬.৭৩ লক্ষ টাকা (২৯.৭৬%)
৪.	ওয়াটার ট্রিটমেন্ট প্ল্যান্ট	থোক	২১৪.১৮ লক্ষ টাকা (১৬.৯২%)
৫.	রাজস্ব ব্যয়	থোক	২১.০০ লক্ষ টাকা (১.৬৬%)
৬.	অন্যান্য ব্যয় (সুইমিংপুল টাইলস ও সরঞ্জাম, পানি সরবরাহ ও ড্রেনেজ সিস্টেম, গভীর নলকূ প ৬, সারফেস ড্রেন, অভ্যন্তরীণ রাস্তা ও সংযোগ সড়ক, কেবলসহ ২৫০ কেভিএ সাব স্টেশন এবং বৈদ্যুতিক সংযোগ)	থোক	১৬২.১৪ লক্ষ টাকা (১২.৮১%)
		মোট	১২৬৫.৬৯ লক্ষ টাকা (১০০%)

৬.৫ প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্য:

ক্র: নং	কর্মকর্তার নাম ও পদবি	দায়িত্বের ধরণ	মেয়াদকাল
১.	জনাব নারায়ন চন্দ্র দেবনাথ পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন)	খন্ডকালিন	১৩/০৮/২০১৫ হতে ০৯/০৮/২০১৭
২.	জনাব শুকুর আলী পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন)	খন্ডকালিন	০৯/০৮/২০১৭ হতে ৩০/০৬/২০১৮

৬.৬ প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি:

প্রকল্পের অনুমোদিত মোট ব্যয় প্রাক্কলন ১২৬৫.৬৯ লক্ষ টাকার বিপরীতে মোট ১২৬৫.৬৮ লক্ষ টাকা ব্যয় হয়েছে যা অনুমোদিত মোট প্রকল্প ব্যয়ের ১০০% এবং বাস্তব কাজ ১০০% সম্পন্ন হয়েছে মর্মে পিসিআর হতে জানা যায়।

৬.৭ বছর ভিত্তিক আরএডিপি বরাদ্দ এবং এর বিপরীতে ব্যয়ের হিসাব:

অর্থ বছর	এডিপি/আরএডিপি বরাদ্দ			অর্থ ছাড়	ব্যয়			বাস্তব অগ্রগতি (%)
	মোট	টাকা	প্র:সা:		মোট	টাকা	প্র:সা:	
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯
২০১৬-১৭	৮৫২.০০	৮৫২.০০	-	৮৫২.০০	৮৫২.০০	৮৫২.০০	-	৬৮%
২০১৭-১৮	৪১৪.০০	৪১৪.০০	-	৪১৩.৬৯	৪১৩.৬৮	৪১৩.৬৮	-	৩২%
মোট:	১২৬৬.০০	১২৬৬.০০	-	১২৬৫.৬৯	১২৬৫.৬৮	১২৬৫.৬৮	-	১০০%

৬.৮ প্রকল্পের বিভিন্ন অংগের বাস্তবায়ন অগ্রগতি (পিসিআর এ প্রদত্ত তথ্যের ভিত্তিতে) :

সংশ্লিষ্ট মন্ত্রণালয় থেকে প্রাপ্ত পিসিআর এর ভিত্তিতে প্রকল্পটির অঙ্গভিত্তিক বরাদ্দ ও বাস্তবায়ন অগ্রগতি নিম্নে দেয়া হল

sl.no	Name of Components	Unit	As per approved DPP		Progress	
			Quantity	Amount (in Lakh)	Quantity/Physical (%)	Amount (in akh)
1	2	3	4	5	6	7
1	Land development (deep 1'-0 Av.)	cum	7450.00	19.74	100%	19.74
2	Boundary wall with barbed wire	Rm	270.00	20.83	100%	20.83
	sub-total			40.57		40.57

sl.no	Name of Components	Unit	As per approved DPP		Progress	
			Quantity	Amount (in Lakh)	Quantity/Physical (%)	Amount (in akh)
1	2	3	4	5	6	7
3	Swimming pool with Deck or.(59m×28.33m)					
	a) Founation	sqm	1672.00	123.61	100%	123.61
	b) khoa consolidation 2'6' height	cum	600.00	22.20	100%	22.20
	b. Superstructure	sqm	1672.00	305.26	100%	305.26
	Sub-Total=			451.07		451.07
4	Gerneral gallery with pavilion building or. (118m×6.25) Re/ (118m×7.02)					
	a) Foundation up to PL	sqm	828.00	71.03	100%	71.03
	b) Ground Floor	sqm	828.00	86.69	100%	86.69
	c) 1st Floor (120m×9.40 m)	sqm	1128.00	195.53	100%	195.53
	d) Sanitary and water supply	sqm	828.00	8.64	100%	8.64
	e) Internal electrical work	sqm	828.00	14.84	100%	14.84
	Sub-Total=			376.73		376.73
5	Swimming pool tiles and accessories	job	1.00	55.00	100%	55.00
6	Water supply and drainage	job	1.00	10.00	100%	10.00
7	Deep tube well6 dia	job	1.00	40.00	100%	40.00
8	surface drain	Rm	220.00	5.15	100%	5.15
9	Connercting road and internal Rcc road	Sqm	560.00	14.11	100%	14.11
10	Water treatment plant					
	a) Filtration plant	L.S	1.00	104.93	100%	104.93
	b) Ultra violet plant	L.S	1.00	40.00	100%	40.00
	c) Iron Removal plant	L.S	1.00	69.25	100%	69.25
	Sub-Total=			214.18		214.18
11	250KVA Sub-station with Cables	L.S	1.00	33.88	100%	33.88
12	Main Electric connection	L.S	1.00	4.00	100%	3.99
	Total (1 to 2)			1244.69		1244.68
13	Consultancy	moe	10	10.00	100%	10.00

sl.no	Name of Components	Unit	As per approved DPP		Progress	
			Quantity	Amount (in Lakh)	Quantity/Physical (%)	Amount (in akh)
1	2	3	4	5	6	7
	(Services for surveydesigning drawing etc)	mont				
14	stationary, computer accessories etc	L.S		5.00	100%	5.00
15	Tender preparation, advertisement bill etc	L.S		2.00	100%	2.00
16	Honourium	L.S		4.00	100%	4.00
	Total (13-16)=			21.00		21.00
	Grand Total=			1265.69		1265.68

৬.৯ কাজ অসমাপ্ত থাকলে তার বিবরণ:
প্রকল্পের আওতায় সমুদয় কাজ সমাপ্ত হয়েছে মর্মে পিসিআর হতে জানা যায়।

৬.১০ ক্রয় সংক্রান্ত তথ্যাদি:

প্রকল্পের আওতায় কার্যহিসেবে মোট ২টি প্যাকেট এবং সেবা হিসেবে ১টি প্যাকেজের আওতায় ক্রয় /সংগ্রহ কার্যক্রম সম্পন্নের পরিকল্পনা আরডিপিপিতে অর্ন্তভূক্ত রয়েছে। তবে প্রকল্পের আওতায় সম্পাদিত ক্রয় কার্যক্রমের মধ্যে ১০০.০০ লক্ষ টাকার মধ্যে সম্পাদিত প্যাকেজের বিস্তারিত তথ্যাদি সংযোজনী 'ক' তে প্রদত্ত হল।

৭। পরিদর্শিত এলাকা:

সমাপ্ত এ প্রকল্পের বাস্তবায়িত কার্যক্রম পর্যালোচনার জন্য এ বিভাগের সংশ্লিষ্ট উপপরিচালক (সামাজিক-৩) কর্তৃক গত ১৯/০৬/২০১৯ তারিখে প্রকল্প এলাকার (চট্টগ্রাম সদর) বাস্তবায়িত কার্যক্রম সরেজমিনে পরিদর্শন করা হয়। পরিদর্শনকারে জাতীয় ক্রীড়া পরিষদের সংশ্লিষ্ট ইঞ্জিনিয়ার, সংশ্লিষ্ট জেলা ক্রীড়া সংস্থার প্রতিনিধিবৃন্দ এবং অন্যান্য সংশ্লিষ্ট ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন।

৮। পরিদর্শন পর্যবেক্ষণ:

৮.১। নিম্নে পরিদর্শন এলাকায় প্রকল্পের আওতায় বাস্তবায়িত ও সম্পাদিত প্রধান প্রধান কার্যক্রমের সংক্ষিপ্ত বর্ণনা ও পরিদর্শন পর্যবেক্ষণ প্রদত্ত হল:

ক্র:নং	অনুমোদিত কর্মপরিকল্পনা	বাস্তবায়নের অবস্থা
১.	ভূমি উন্নয়ন কাটাতারসহ সীমানা প্রাচীর নির্মাণ	সংশোধিত ডিপিপিতে ৭,৪৫০ কিউবিক মিটার ভূমি উন্নয়নের জন্য ১৯.৭৪ লক্ষ টাকা বরাদ্দের বিপরীতে ব্যয় ১০০% করা হয়। পরিদর্শনের সময় ভূমি উন্নয়ন কাজ ১০০% সম্পন্ন হয়েছে বলে পরিলক্ষিত হয়। প্রকল্পের আওতায় ২৭০ রানিং মি: কাটাতারসহ সীমানা প্রাচীর নির্মাণ খাতে বরাদ্দকৃত ২০.৮৩ লক্ষ টাকা ব্যয় হয় এবং বাস্তব কাজ ১০০% সম্পন্ন হয়েছে।
২.	ডেকসহ সুইমিং পুল নির্মাণ	অনুমোদিত সংশোধিত ডিপিপিতে সুইমিং পুলে সাইজ ৫৯ মিটার × ২৮.৩৩ মিটার ধরা হয়েছে। এ খাতের মোট ব্যয় নির্ধারণ করা হয় ৪৫১.০৭ লক্ষ টাকা যার সম্পূর্ণটাই ব্যয় হয়ে গেছে। পরিদর্মনের সময় সুইমিংপুলের পানি দীর্ঘদিন ব্যবহার না করার কারণে অপরিষ্কার পরিলক্ষিত হয় এবং পুলের টাইলসে শ্যাওলা জমে থাকতে দেখা যায়।
৩.	প্যাভিলিয়ন ভবনসহ সাধারণ গ্যালারি নির্মাণ	এ খাতে ফাউন্ডেশনসহ দ্বিতল ভবন নির্মাণ, পয় নিষ্কাশন ও পানি সরবরাহ এবং অভ্যন্তরীণ বৈদ্যুতিক কাজ অর্ন্তভুক্ত রয়েছে। এ খাতের সংস্থানকৃত

ক্র:নং	অনুমোদিত কর্মপরিকল্পনা	বাস্তবায়নের অবস্থা
		৩৭৬.৭৩ লক্ষ টাকার সম্পূর্ণটাই ব্যয় হয়ে গেছে মর্মে উল্লেখ করা হয়। প্যাভিলিয়ন ভবনসহ সাধারণ গ্যালারি নির্মাণ কাজ ১০০% সম্পন্ন মর্মে পরিলক্ষিত হয়।
৪.	সুইমিং পুল টাইলস এন্ড এক্সেসরিজ	সুইমিং পুল টাইলস এন্ড এক্সেসরিজ খাতে ৫৫.০০ লক্ষ টাকা ব্যয় প্রাক্কলনের বিপরীতে সম্পূর্ণটাই ব্যয় করা হয়েছে। তবে পরিদর্শনের সময় সুইমিং পুল টাইলস কোথাও ভাঙ্গা/ক্ষতিগ্রস্থ পরিলক্ষিত হয়নি।
৫.	ওয়াটার সাপ্লাই এবং ড্রেনেজ সিস্টেম, ৬ ডায়াবিশিষ্ট ডিপ টিউবওয়েল স্থাপন, সারফেস ড্রেন নির্মাণ এবং সংযোগ টিউবওয়েল স্থাপন, সারফেস ড্রেন নির্মাণ এবং সংযোগ সড়ক ও অভ্যন্তরীণ আরসিসি	ওয়াটার সাপ্লাই এবং ড্রেনেজ সিস্টেম খাতে ১০.০০ লক্ষ টাকা, ৬ ডায়াবিশিষ্ট ডিপ টিউবওয়েল স্থাপন খাতে ৪০.০০ লক্ষ টাকা, ২২০ রানিং মিটারবিশিষ্ট সারফেস ড্রেন নির্মাণ খাতে ৫.১৫ লক্ষ টাকা বরাদ্দের বিপরীতে এসব খাতের সংস্থানকৃত সম্পূর্ণ অর্থই ব্যয় দেখানো হয়েছে। মিটারবিশিষ্ট সারফেস ড্রেন নির্মাণ খাতে ৫.১৫ লক্ষ টাকা বরাদ্দের বিপরীতে এসব খাতের সংস্থানকৃত সম্পূর্ণ অর্থই ব্যয় দেখানো হয়েছে। অন্যদিকে ৫৬০ ব:মি: আয়তনবিশিষ্ট সংডোগ সড়ক ও অভ্যন্তরীণ আরিসসি রাস্তা নির্মাণ খাতে সংস্থানকৃত ১৪.১১ লক্ষ টাকার সম্পূর্ণ অর্থই ব্যয় হয়ে গেছে মর্মে উল্লেখ করা হয়। তবে পরিদর্শনে সংযোগ সড়ক ও অভ্যন্তরীণ আরসিসি রাস্তা নির্মাণ কার্যক্রম বাস্তবায়নকালে বৃষ্টির কারণে ক্ষতিগ্রস্থ পরিলক্ষিত হয়।
৬	ফিলট্রেশন প্লান্ট, ইউভি প্লান্ট এবং আয়রণ রিমুভাল প্লান্ট নির্মাণ	অনুমোদিত আরডিপিপিতে ফিলট্রেশন প্লান্ট খাতে ১০৪.৯৩ লক্ষ, ইউভি প্লান্ট খাতে ৪০.০০ লক্ষ এবং আয়রণ রিমুভাল প্লান্ট নির্মাণ খাতে ৬৯.২৫ লক্ষ টাকার সংস্থান রাখা হয়েছে। এসব খাতের ব্যয় ১০০% এবং কার্যক্রম বাস্তবায়ন ১০০% সম্পন্ন হয়েছে।
৭	কেবলসহ ২৫০ কেভিএ সাব-স্টেশন নির্মাণ এবং প্রধান বৈদ্যুতিক সংযোগ স্থাপন	কেবলসহ ২৫০ কেভিএ সাব-স্টেশন নির্মাণ খাতে ৩৩.৮৮ লক্ষ টাকায় উন্নীত হয়েছে এবং প্রধান বৈদ্যুতিক সংযোগ স্থাপন খাতে ৪.০০ লক্ষ টাকাসহ মোট ৩৭.৮৮ লক্ষ টাকা সংস্থানের বিপরীতে ৩৭.৮৭ লক্ষ টাকা ব্যয় হয়েছে।
৮	পরামর্শক নিয়োগ ও অন্যান্য রাজস্ব ব্যয়	প্রকল্পের আওতায় রাজস্ব খাতে স্টেশনারি,টেন্ডার প্রক্রিয়াকরণ এবং বিভিন্ন কমিটির সম্মানি বাবদ আরডিপিপিতে ১১.০০ লক্ষ টাকার সংস্থান রয়েছে। অন্যদিকে, সুইমিং পুলের সার্ভে ডিজাইন এবং ড্রয়িং এর জন্য ১০ জন মাসের জন্য ১০.০০ লক্ষ টাকার পরামর্শক নিয়োগ করা হয়েছে । এ দুটি খাতে সম্পূর্ণ অর্থ ব্যয়সহ ১০০% কাজ বাস্তবায়ন সম্পন্ন হয়েছে মর্মে উল্লেখ করা হয়।

৮.৩ অন্যান্য পর্যবেক্ষণ:

(ক) প্রকল্পের আওতায় অডিট কার্যক্রম সংক্রান্ত প্রদত্ত তথ্যে উল্লেখ রয়েছে জাতীয় ক্রীড়া পরিষদের পরিচালক (অর্থ) কর্তৃক আলোচ্য প্রকল্পের ইন্টারনাল অডিট সম্পন্ন করা হয়েছে কিন্তু এক্সটারনাল অডিট সম্পন্ন হয়নি। সরকারি অর্থের যথাযথ ব্যবহার নিশ্চতকল্পে বাস্তবায়িত প্রকল্পের এক্সটারনাল অডিট কার্যক্রম দ্রুত সম্পাদন করার লক্ষ্যে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করা যেতে পারে।

(খ) প্রকল্পটি সমাপ্ত হওয়ার পর কোন টুর্নামেন্ট আয়োজনের লক্ষ্যে নির্মিত এ অবকাঠামোটি অদ্যাবধি ব্যবহৃত হয়নি। এছাড়া এর পরিচালন ও রক্ষণাবেক্ষণের জন্য প্রয়োজনীয় জনবল নিয়োগ প্রক্রিয়াধীন রয়েছে মর্মে পরিদর্শনকালে জানা যায়। অতি সত্বর প্রয়াজনীয় জনবল নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন পূর্বক সুইমিংপুলটি সচল ও ব্যবহার উপযোগি রাখার লক্ষ্যে টুর্নামেন্ট আয়োজনসহ প্রশিক্ষণ কার্যক্রম চালু করার উদ্যোগ গ্রহণ করতে হবে।

(গ) পরিদর্শনের সময় নির্মিত ভবনের দু'এক জায়গায় এবং সীমানা প্রাচীরের এক জায়গায় হেয়ার ক্র্যাক পরিলক্ষিত হয়। এছাড়া সুইমিংপুলের পানি উপচে পড়ে পুল সংলগ্ন কলাপসিবল গেটে দীর্ঘদিন জমে থাকার কারণে সেখানে হালকা মরিচা পরিলক্ষিত হয়। এসব পরিলক্ষিত ত্রুটি/বিচ্যুতি সহ বিদ্যমান অন্যান্য সমস্যা (যদি থাকে) সমাধানকল্পে অতি দ্রুত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

(ঘ) জেলা স্টেডিয়াম এবং রাস্তা সংলগ্ন এতবড় নির্মিত অবকাঠামো কিসের তা বাইরে থেকে বোঝা যায়না। কেননা এ অবকাঠামোর কোন নাম ফলক স্থাপন করা হয়নি।এ অবকাঠামো নামফলক দৃশ্যমান এমন জায়গায় স্থাপন করা প্রয়োজন যাতে সাতার প্রশিক্ষণে আগ্রহী/ইচ্ছুকদের আকৃষ্ট করতে পারে এবং নির্মিত অবকাঠামোর ব্যভহার উপযোগিতা বৃদ্ধি পাবে। তবে সুইমিংপুলের অবস্থানগত সুবিধার কারণে সাতার প্রশিক্ষণে আগ্রহ/চাহিদা অনেক বেশি বলে জেলা ক্রীড়া সংস্থার যা প্রশসংনীয়। এ উদ্যোগের পাশাপাশি প্রতিষ্ঠানের কার্যকর ব্যবহারও নিশ্চিত করতে হবে যাতে প্রকল্পের উদ্দেশ্য ও আউটকাম অর্জিত হয়।

৯। প্রকল্পের উদ্দেশ্য ও অর্জন:

ক্র:নং	প্রকল্পের উদ্দেশ্য	অর্জন
১	চট্টগ্রাম বিভাগীয় সদরে সুইমিং এর জন্য ক্রীড়া অবকাঠামোগত সুবিধাদি সৃষ্টি করা।	চট্টগ্রাম বিভাগীয় সদরে সুইমিং এর জন্য ক্রীড়া অবকাঠামোগত সুবিধাদি সৃষ্টিকরণের লক্ষ্যে ৫০ মিটার আয়তনবিশিষ্ট ৮ লেনের ডেকসহ সুইমিংপুল এবং সাধারণ গ্যালরি সহ প্যাভিলিয়ন ভবন নির্মাণ করা হয়।

১০। উদ্দেশ্যে পুরোপুরি অর্জিত না হলে উহার কারণ:

যে উদ্দেশ্যে প্রকল্পটি গ্রহণ করা হয়েছিল প্রকল্প সমাপ্তির ১ (এক) বছর পরও পরিদর্শনকালে এর যথাযথ ব্যবহার পরিলক্ষিত হয়নি মর্মে প্রতীয়মান হয়।

১১। বাস্তবায়ন সমস্যা:

১১.১ যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের রাজস্ব বাজেটের আওতায় পরিচালন ও রক্ষণাবেক্ষণ ব্যয়ের জন্য পর্যাপ্ত বরাদ্দ প্রাপ্তি নিশ্চিত হয়না। নির্মিত অবকাঠামোর পরিচালন ও রক্ষণাবেক্ষণ খাতে খুব অল্প পরিমাণে বাৎসরিক বরাদ্দ প্রদান করা হয়ে থাকে যা দিয়ে প্রয়োজনীয় সংস্কার ও মেরামত কার্যক্রম সম্পন্ন করা সম্ভব হয় না।

১১.২ প্রকল্পটি সমাপ্ত হওয়ার ১ (এক) বছর পরও কোন টুর্ণামেন্ট আয়োজন/প্রশিক্ষণের লক্ষ্যে নির্মিত এ অবকাঠামোটি (সুইমিংপুল) অদ্যাবধি ব্যবহৃত হয়নি।

১১.৩ প্রকল্পের আওতায় নির্মিত সুইমিংপুল সহ অবকাঠামো রক্ষণাবেক্ষণের জন্য প্রয়োজনীয় সংখ্যক জনবল প্রয়োজন। বর্তমানে সংশ্লিষ্ট জেলা ক্রীড়া সংস্থার পর্যাপ্ত জনবল নেই/নিয়োগ প্রক্রিয়াধীন বিধায় প্রয়োজনীয় পরিষ্কার পরিচ্ছন্নতা কার্যক্রম পরিচালিত হয়নি।

১১.৪ মোট ১২৬৫.৬৯ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয় সম্বলিত প্রকল্পের কার্যক্রম বাস্তবায়নের সময় /সমাপ্তির পর নির্মিত এ অবকাঠামোয় কোন নামফলন স্থাপন করা হয়নি।

১১.৫ পরিদর্শনের সময় সুইমিংপুলের পানি দীর্ঘদিন ব্যবহার না করার কারণে অপরিষ্কার পরিলক্ষিত হয় এবং পুলের টাইলসে শ্যাওলা জমে থাকতে দেখা যায়। এছাড়া সুইমিংপুলে দীর্ঘদিন পানি সংরক্ষণের কারণে ফিলট্রেশন প্লান্টের সমস্যা হতে পারে।

১১.৬ প্রকল্পের আওতায় নির্মিত ভবনের দু'এক জায়গায় এবং সীমানা প্রাচীরের এক জায়গায় হেয়ার ক্র্যাক পরিদর্শনের সময় পরিলক্ষিত হয়। এছাড়া সুইমিংপুলের পানি উপচে পড়ে পুল সংলগ্ন কলাপসিবল গেটে দীর্ঘদিন পানি জমে থাকার কারণে সেখানে হালকা মরিচা পরিলক্ষিত হয়।

১১.৭ প্রকল্পটি জিওবি অর্থায়নে বাস্তবায়িত এবং সরকারের অর্থের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণে অডিট কার্যক্রম সম্পন্ন করা আবশ্যক। কিন্তু প্রকল্পের আওতায় কোন ইন্টারনাল ও এক্সটারনাল অডিট কার্যক্রম সম্পন্ন হয়নি।

১২। মতামত/সুপারিশ:

১২.১ যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের আওতায় নির্মিত অবকাঠামোর প্রয়োজনীয় সংস্কার ও মেরামতের লক্ষ্যে রাজস্ব বাজেটের আওতায় পরিচালন ও রক্ষণাবেক্ষণ ব্যয়ের জন্য পর্যাপ্ত বরাদ্দ প্রাপ্তি নিশ্চিত করতে হবে। এক্ষেত্রে প্রতিষ্ঠানের নিজস্ব আয়ের বিষয়টিও বিবেচনায় নিতে হবে;

১২.২ টুর্নামেন্ট আয়োজন/প্রশিক্ষণের লক্ষ্যে নির্মিত এ অবকাঠামোটি (সুইমিংপুল) প্রকল্প সমাপ্ত হওয়ার ১ (এক) বছর পরও অদ্যাবধি কেন ব্যবহৃত হয়নি এ বিষয়ে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক আইএমইডিকে অবহিত করতে হবে;

১২.৩ প্রকল্পের আওতায় নির্মিত সুইমিংপুল সহ অবকাঠামো রক্ষণাবেক্ষণ এবং প্রয়োজনীয় পরিষ্কার পরিচ্ছন্নতার জন্য সংশ্লিষ্ট জেলা ক্রীড়া সংস্থা কর্তৃক অতি সত্ত্বর প্রয়োজনীয় সংখ্যক জনবল নিয়োগ প্রক্রিয়া সম্পন্নপূর্বক প্রতিষ্ঠানটির নিয়মিত কার্যক্রম পরিচালনার উদ্যোগ গ্রহণ করতে হবে;

১২.৪ বাস্তবায়িত এ প্রকল্পের মাধ্যমে নির্মিত অবকাঠামোর দৃশ্যমান কোন জায়গায় নামফলক স্থাপনের লক্ষ্যে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে;

১২.৫ প্রকল্পের মাধ্যমে স্থাপিত ফিলস্ট্রেশন প্লান্টের কার্যকারিতা বৃদ্ধির লক্ষ্যে এবং পুলের ব্যবহারকারিদের স্বাস্থ্য সুরক্ষা নিশ্চিতকল্পে সুইমিংপুলে নির্দ্দিষ্ট সময়ের পর পানি পরিবর্তন করতে হবে। সুইমিংপুলটি সচল রাখা এবং এর প্রয়োজনীয় রক্ষণাবেক্ষণ ব্যয় নির্বাহের লক্ষ্যে সংশ্লিষ্ট জেলা ক্রীড়া সংস্থার বিশেষ উদ্যোগ নিতে হবে;

১২.৬ প্রকল্পের আওতায় নির্মিত ভবনের দু'এক জায়গায় এবং সীমানা প্রাচীরের এক জায়গায় পরিদর্শিত হেয়ার ক্র্যাক এবং সুইমিংপুলের পানি পানি উপচে পড়ে পুল সংলগ্ন কলাপসিবল গেটে দীর্ঘদিন পানি জমে থাকার কারণে সেখানে পরিলক্ষিত হালকা মরিচা নিরসনসহ অন্যান্য সমস্যা (যদি থাকে) সমাধানকল্পে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে;

১২.৭ জাতীয় ক্রীড়া পরিষদ কর্তৃক নির্মিত অবকাঠামোর (স্টেডিয়াম, ইনডোর স্টেডিয়াম, সুইমিংপুল, ক্রীড়া কমপ্লেক্স) যথাযথ ব্যবহার নিশ্চিতকরণে টুর্নামেন্ট আয়োজন, প্রশিক্ষণ ক্যালেন্ডার প্রণয়ন এবং প্রয়োজনীয় সংখ্যক জনবল নিয়োগের মাধ্যমে অবকাঠামো সচল রাখাসহ সার্বিক বিষয়ে যুব ও ক্রীড়া মন্ত্রণালয় কর্তৃক প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করা যেতে পারে; এবং

১২.৮ প্রকল্পটি জিওবি অর্থায়নে বাস্তবায়িত এবং সরকারের অর্থের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণে দ্রুত অডিট কার্যক্রম সম্পন্ন করে অডিট রিপোর্ট এ বিভাগে প্রেরণ নিশ্চিত করতে হবে।

সংযোজনী 'ক'

Procurement of goods, Works and Consultancy Services:
Goods & Works of the Project Costing above TK. 100.00 lakh and Consultancy above TK 100.00 lakh.

Description of procurement (goods/works/Consultancy) as per bid document	Tender/Bid/Proposal Cost (in crore Taka)		Tender/Bid/Proposal		Date of Completion of works/services and supply of goods	
	As per RDPP	Contracted value	Invitation date	Contract singing/I.C operning date	As per contract	Actual
1	2	3	4	5	6	7
W-1 Construction of Swimming pool in/c filtration plant, supply & installation testing & commissioningof deep tube well and 250KVA sub-station under the project for construction of swimming pool of Chittagong Dvisional Head Quarter	1244.69	1244.69	18-09-2016	15-02-2017	30-06-2018	27-06-2018

সংযোজনী 'খ'

পরিদর্শনের সময় ধারণকৃত স্থির চিত্রের অংশবিশেষঃ





চিত্রঃ পরিদর্শনের সময় সংশ্লিষ্ট জেলা ক্রীড়া সংস্থার প্রতিনিধির সংগে এবং সংশ্লিষ্ট জেলা ক্রীড়া সংস্থার নিজস্ব উদ্যোগে কৃত সৌন্দর্যবর্ধনমূলক কার্যক্রম।





চিত্রঃ পরিদর্শনের সময় পরিলক্ষিত অসঙ্গতির কিয়দংশ।





চিত্রঃ নির্মিত সুইমিংপুলে দীর্ঘদিন ধরে সংরক্ষিত পানির বর্তমান অবস্থা।

বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠানে নতুন অন্তর্ভুক্ত ৫টি গেমের অবকাঠামো ও ক্রীড়া সুবিধাদির উন্নয়ন (সংশোধিত) শীর্ষক প্রকল্পের সমাপ্ত মূল্যায়ন প্রতিবেদন

(সমাপ্ত: জুন, ২০১৮)

১. প্রকল্পের নাম	:	"বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠানে নতুন অন্তর্ভুক্ত ৫টি গেমের অবকাঠামো ও ক্রীড়া সুবিধাদির উন্নয়ন (সংশোধিত)"
২। উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ	:	যুব ও ক্রীড়া মন্ত্রণালয়।
৩। বাস্তবায়নকারী সংস্থা	:	বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান (বিকেএসপি),
৪। প্রকল্পের অবস্থান	:	বিকেএসপি, জিরানী, সাভার
৫। প্রকল্প বাস্তবায়ন সময় ও ব্যয়	:	

(লক্ষ টাকায়)

প্রাক্কলিত ব্যয়		প্রকৃত ব্যয়	প্রকল্পের বাস্তবায়নকাল		প্রকল্পের প্রকৃত বাস্তবায়নকাল	অতিক্রান্ত ব্যয় (মূল প্রাক্কলনের %)	অতিক্রান্ত মেয়াদ (মূল বাস্তবায়নকালের %)
মূল	সংশোধিত		মূল	সংশোধিত			
২৪৪০.১৮	২৪২৭.১৮	--	জানুয়ারি ২০১৬ হতে জুন, ২০১৮	জানুয়ারি ২০১৬ হতে জুন, ২০১৮	জানুয়ারি ২০১৬ হতে জুন, ২০১৮	-	-

৬. সাধারণ পর্যবেক্ষণ:

৬.১ <u>প্রকল্পের উদ্দেশ্য:</u>

- বিকেএসপিতে নতুনভাবে অর্ন্তভুক্ত ৫টি গেম (টেবিল টেনিস, তায়কোয়ানডো, কারাতে, উশু এবং ভলিবল) এর প্রশিক্ষণার্থীদের উন্নতমানের প্রশিক্ষণের সুবিধাদি সৃষ্টি করে বিজ্ঞানভিত্তিক প্রশিক্ষণের ব্যবস্থা করা ; এবং
- প্রতিভাবান খেলোয়াড়দের বিজ্ঞানভিত্তিক উন্নত প্রশিক্ষণের ব্যবস্থা করে জাতীয় ও আন্তর্জা তিক প্রতিযোগিতায় সাফল্য অর্জন করা।

৬.২ <u>প্রকল্প গ্রহণের পটভূমি:</u>

১৯৭১ সালে বাংলাদেশ স্বাধীন হওয়ার পর সরকার অন্যান্য সামাজিক, সাংস্কৃতিক ও বিনোদন খাতের মতো ক্রীড়া খাতের প্রাতিষ্ঠানিক অবকাঠামো স্থাপনের প্রয়োজনীয়তা উপলব্ধি করে। সে অনুযায়ী ক্রীড়া খাতে চাহিদা পূরণে এবং বাংলাদেশের ক্রীড়া ও খেলার মান বাড়াতে সরকার বিকেএসপিতে ১০০ একর জমির উপর জনপ্রিয় খেলাধুলার জন্য ক্রীড়া সুবিধা স্থাপনের জন্য ১৯৭৬ সালে একটি মহাপরিকল্পনা গ্রহণ করেছিল। সে অনুযায়ী ১৯৭৬-২০১৪ সালের মধ্যে ১২০.৯০ কোটি টাকা ব্যয়ে ৪ পর্যায়ে ক্রীড়া অবকাঠামোর ৯০% বাস্তবায়িত হয়েছে। নিয়মিত প্রশিক্ষণার্থীদের পাশাপাশি জাতীয় দলের ব্যবহারের জন্য ক্রীড়া সুবিধা বিকেএসপিতে রয়েছে। বিশ্বব্যাপী ক্রীড়া সুবিধার আধুনিকায়নের সাথে খাপ খাওয়াতে বিকেএসপি'র বিজ্ঞানভিত্তিক প্রশিক্ষণের উন্নয়ন প্রয়োজন। বিদ্যমান সীমিত সম্পদ ও প্রশিক্ষণ সুবিধা দিয়ে দেশের খেলোয়াড়/প্রশিক্ষণার্থী জাতীয়, আঞ্চলিক ও আন্তর্জাতিক প্রতিযোগিতায় অংশ নিয়ে দেশের জন্য সম্মান বয়ে আনছে। বিকেএসপিতে নতুনভাবে ৫টি খেলা গেম (টেবিল টেনিস, তায়কোয়ানডো, কারাতে, উশু এবং ভলিবল) অন্তর্ভুক্তসহ বিকেএসপি'র মানোন্নয়নের লক্ষ্যে ২৪৪০.১৮ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে জানুয়ারি, ২০১৬ হতে জুন, ২০১৮ মেয়াদে বাস্তবায়নের জন্য আলোচ্য প্রকল্পটি গ্রহণ করা হয়।

৬.৩ <u>প্রকল্পের অনুমোদন অবস্থা:</u>

মূল প্রকল্পটি সম্পূর্ণ জিওবি অর্থায়নে ২৪৪০.১৮ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে জানুয়ারি, ২০১৬ হতে জুন, ২০১৮ মেয়াদে বাস্তবায়নের লক্ষ্যে গত ১১/০৪/২০১৬ তারিখে মাননীয় পরিকল্পনা মন্ত্রী কর্তৃক অনুমোদিত হয়। পরবর্তীতে প্রকল্পের মালামালের দর ও পরিমাণের পরিবর্তনসহ আসবাবপত্র ও ক্রীড়া যন্ত্রপাতির পরিবর্তনের কারণে প্রকল্পটির মেয়াদ অপরিবর্তিত রেখে ব্যয় হ্রাসপূর্বক (অনুমোদিত মূল প্রকল্প ব্যয়ের তুলনায় ০.৫৩%) ২৪২৭.১৮ লক্ষ টাকা নির্ধারণ করে গত ২৮/০৩/২০১৮ তারিখে যুব ও ক্রীড়া মন্ত্রণালয় কর্তৃক প্রকল্পটি ১ম বার সংশোধন করা হয়।

৬.৪ প্রকল্পের মূল কার্যক্রম ও অনুমোদিত আরডিপিপি অনুযায়ী প্রাক্কলিত ব্যয়:
প্রকল্পের আওতায় মূল কার্যক্রম এবং এর বিপরীতে অনুমোদিত আরডিপিপি অনুযায়ী ব্যয় প্রাক্কলন নিম্নে প্রদর্শিত হল।

ক্র:নং	অংগের বিবরণ	সংখ্যা/পরিমাণ	প্রাক্কলিত ব্যয় (ব্যয়ের %)
১	খেলাধূলার যন্ত্রপাতি ও সরঞ্জাম	৯৪৯টি	১৬৭.০০ (৬.৮৮%)
২	আসবাবপত্র	৫২৬টি	৪৬.৩০ (১.৯১%)
৩	ইলেকট্রনিক সরঞ্জামাদি	৪৩৬৬টি	৯১.৩৩ (৩.৭৬%)
৪	গার্লস হোস্টেল নির্মাণ	১০৪০ ব:মি:	৪৪২.৬৬ (১৮.২৪%)
৫	মাল্টি স্পোর্টস ইনডোর নির্মাণ	৭২৫০ ব:মি:	৮৫৫.০০ (৩৫.২৩%)
৬	সিনথেটিক টার্ফ স্থাপন	৭২৫০ ব:মি:	৭৯৭.৩৯ (৩২.৮৫%)
৭	রাজস্ব ব্যয়	থোক	২৭.৫০ (১.১৩%)
		সর্বমোট:	**২৪২৭.১৮**

৬.৫ প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্য:

ক্র:নং	কর্মকর্তার নাম ও পদবি	দায়িত্বের ধরন	দায়িত্বের মেয়াদকাল	
			আরম্ভ	সমাপ্তি
১	এ.বি.এম রুহুল আজাদ পরিচালক (প্রশাসন ও অর্থ)	অতিরিক্ত দায়িত্বে	১১/০৮/২০১৬	২৫/০৩/২০১৮
২	হাওলাদার মোঃ রাকিবুল বারি, পরিচালক (প্রশাসন ও অর্থ)	অতিরিক্ত দায়িত্বে	২৫/০৩/২০১৮	প্রকল্প মেয়াদ সমাপ্তি পর্যন্ত

৬.৬ <u>প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি:</u>

প্রকল্পের অনুমোদিত মোট ব্যয় প্রাক্কলন ২৪২৭.১৮ লক্ষ টাকার বিপরীতে মোট ২৩৮১.৩৬ লক্ষ টাকা ব্যয় হয়েছে যা অনুমোদিত মোট প্রকল্প ব্যয়ের ৯৮.১১% এবং বাস্তব কাজ ১০০% সম্পন্ন হয়েছে মর্মে পিসিআর হতে জানা যায়।

৬.৭ বছর ভিত্তিক আরএডিপি বরাদ্দ এবং এর বিপরীতে ব্যয়ের হিসাব:

অর্থবছর	এডিপি/আরএডিপি বরাদ্দ			অর্থ ছাড়	ব্যয়			বাস্তব অগ্রগতি (%)
	মোট	টাকা	প্র:সা:		মোট	টাকা	প্র:সা:	
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯
২০১৬-১৭	১৫২৭.০০	১৫২৭.০০	-	১৫২৭.০০	১৫১৯.৫২	১৫১৯.৫২	-	৬২.৯২%
২০১৭-১৮	৯০০.০০	৯০০.০০	-	৮৮০.৪১	৮৬১.৮৪	৮৬১.৮৪	-	৩৭.০৮%
মোট:	**২৪২৭.০০**	**২৪২৭.০০**	**-**	**২৪০৭.৪১**	**২৩৮১.৩৬**	**২৩৮১.৩৬**	**-**	**১০০%**

৬.৮ প্রকল্পের বিভিন্ন অংগের বাস্তবায়ন অগ্রগতি (পিসিআর এ প্রদত্ত তথ্যের ভিত্তিতে):

সংশ্লিষ্ট মন্ত্রণালয় থেকে প্রাপ্ত পিসিআর এর ভিত্তিতে প্রকল্পটির অঙ্গভিত্তিক বরাদ্দ ও বাস্তবায়ন অগ্রগতি নিম্নে দেয়া হল:

(লক্ষ টাকায়)

ক্র:নং	ডিপিপি অনুযায়ী অঙ্গের বিবরণ	ডিপিপি অনযায়ী পরিকল্পিত লক্ষ্যমাত্রা		প্রকৃত অগ্রগতি	
		পরিমাণ	টাকা	আর্থিক	বাস্তব (%)
(ক) রাজস্ব:					
১	পরামর্শক	থোক	১৩.৫০	১৩.৫০	
২	সম্মানী	থোক	৭.০০	২.২৭	-
৩	বিবিধ	থোক	৭.০০	৫.৯৮	-
উপমোট (রাজস্ব)		--	২৭.৫০	২১.৭৫	-
(খ) মূলধন:					
৪	খেলাধূলার যন্ত্রপাতি ও সরঞ্জাম	১৯৬টি	১৬৭.০০	১৬৪.৬৮	১৯৬টি
৫	আসবাবপত্র	৭৫০টি	৪৬.৩০	৪৩.৬০	৭৫০টি
৬	ইলেকট্রনিক সরঞ্জামাদি	৪৩৬৬টি	৯১.৩৩	৮১.৯৬	৪৩৬৬টি
৭	গার্লস হোস্টেল নির্মাণ	১০৪০ ব:মি:	৪৪২.৬৬	৪২০.২৮	১০৪০ ব:মি:
৮	মাল্টি স্পোর্টস ইনডোর নির্মাণ	৭২৫০ ব:মি:	৮৫৫.০০	৮৫২.১৩	৭২৫০ ব:মি:
৯	সিনথেটিক টার্ফ স্থাপন	৬০০০ ব:মি:	৭৯৭.৩৯	৭৯৭.০০	৬০০০ ব:মি:
উপমোট (খ) মূলধন:		--	২৩৯৯.৬৮	২৩৫৯.৬৫	--
সর্বমোট:		**--**	**২৪২৭.১৮**	**২৩৮১.৪০**	**--**

৬.৯ কাজ অসমাপ্ত থাকলে তার বিবরণ:

প্রকল্পের আওতায় সমুদয় কাজ সমাপ্ত হয়েছে মর্মে পিসিআর হতে জানা যায়।

৬.১০ ক্রয় সংক্রান্ত তথ্যাদি:

প্রকল্পের আওতায় কার্য হিসেবে মোট ৩টি প্যাকেজ, কার্য হিসেবে মোট ২টি এবং সেবা হিসেবে ১টি প্যাকেজের আওতায় ক্রয়/সংগ্রহ কার্যক্রম সম্পন্নের পরিকল্পনা ডিপিপিতে অর্ন্তভুক্ত রয়েছে। প্রকল্পের আওতায় সম্পাদিত ক্রয় কার্যক্রমের বিস্তারিত তথ্যাদি নিম্মে প্রদত্ত হল:

Description of procurement (goods/works/Consultancy) as per bid document	Tender/Bid/Proposal Cost (in crore Taka)		Tender/Bid/Proposal		Date of Completion of works/services and supply of goods	
	As per RDPP	Contracted value	Invitation date	Contract singing/I.C operning date	As per contract	Actual
1	2	3	4	5	6	7
Electric Goods	167.00	164.64	25/02/2018	22/03/2018	25/06/2018	25/06/2018
Constriction of girls Hostel	442.66	420.28	27/12/2016	09/03/2017	12/02/2018	12/02/2018
Constriction of Multi Sports Indoor	855.00	852.13	27/12/2016	05/03/2017	10/06/2018	10/06/2018
Installation of Synthetic turf	797.39	797.00	27/12/2016	05/03/2017	10/06/2018	10/06/2018

৭। পরিদর্শত এলাকা:

সমাপ্ত এ প্রকল্পের বাস্তবায়িত কার্যক্রম পর্যালোচনার জন্য এ বিভাগের সংশ্লিষ্ট উপপরিচালক (সামাজিক-৩) কর্তৃক গত ২৩/০১/২০১৯ তারিখে প্রকল্প এলাকার (বিকেএসপি, জিরানি, সাভার) বাস্তবায়িত কার্যক্রম সরেজমিনে পরিদর্শন করা হয। পরিদর্শনের সময় আলোচ্য প্রকল্পের সর্বশেষ প্রকল্প পরিচালক, বিকেএসপি'র সংশ্লিষ্ট ইঞ্জিনিয়ার এবং বিকেএসপি'র সংশ্লিষ্ট অন্যান্য কর্মকর্তারা উপস্থিত ছিলেন।

৮। পরিদর্শন পর্যবেক্ষণ:

নিম্নে পরিদর্শিত এলাকায় প্রকল্পের আওতায় বাস্তবায়িত ও সম্পাদিত প্রধান প্রধান কার্যক্রমের সংক্ষিপ্ত বর্ণনা ও বাস্তবায়ন সমস্যা প্রদত্ত হল:

৮.১ মাল্টি স্পোর্টস ইনডোর (স্টিল স্ট্রাকচার) নির্মাণ:

শীত, বর্ষা এবং প্রতিকূল পরিবেশে প্রশিক্ষণ কার্যক্রম অব্যাহত রাখার লক্ষ্যে ৭,২৫০ বর্গমিটার আয়তনবিশিষ্ট স্টিল স্ট্রাকচারের মাল্টি স্পোর্টস ইনডোর নির্মাণের লক্ষ্যে সংস্থানকৃত ৮৫৫.০০ লক্ষ টাকার মধ্যে ব্যয় হয়েছে ৮৫২.১৩ লক্ষ টাকা। মাল্টি স্পোর্টস ইনডোরে টেবিল টেনিস, কারাতে , উশু, তায়কোয়ানদো ও ভলিবল খেলার সুযোগ রয়েছে। সংশ্লিষ্ট খেলার সাথে সামঞ্জস্য রেখে ডিসিপ্লিনের চাহিদা অনুযায়ী স্থান সংকুলান করা হয়েছে এবং খেলা উপযোগি প্রয়োজনীয় খেলার সামগ্রী ও সরঞ্জামাদি সরবরাহ করা হয়েছে । পরিদর্শনের সময় প্রশিক্ষণার্থীদের প্রশিক্ষণ প্রদান কার্যক্রম চলমান পরিলক্ষিত হয়।

৮.২ সিনথেটিক এ্যাথলেটিক টার্ফ প্রতিস্থাপন:

মাল্টি জিমের ফ্লোরে সিনথেটিক ফ্লোর ম্যাট (৩০০ ফুট বাই ২৬০ ফুট) স্থাপন কাজ সম্পন্নের লক্ষ্যে বরাদ্দকৃত ৭৯৭.৩৯ লক্ষ টাকার মধ্যে ব্যয় হয়েছে ৭৯৭.০০ লক্ষ টাকা। মাল্টি জিমের ফ্লোরে ব্যবহারের জন্য স্থাপিত সিনথেটিক ফ্লোর ম্যাটটি জার্মানি থেকে সংগৃহিত । এছাড়া সংশ্লিষ্ট গেমের চাহিদা অনুযায়ী অতিরিক্ত আলাদা ম্যাট ব্যবহার করা হয়।

৮.৩ গার্লস হোস্টেল নির্মাণ:

প্রকল্পের আওতায় ১,০৪০ বর্গমিটার আয়তনের ১০ তলা ভিতের ওপর দ্বিতলবিশিষ্ট ছাত্রী হোস্টেল নির্মাণ কার্যক্রম সমাপ্ত হয়েছে। দ্বিতলবিশিষ্ট ছাত্রী হোস্টেলের অবকাঠামো নির্মাণ সংক্রান্ত কাজে বরাদ্দকৃত ৪৪২.৬৬ লক্ষ টাকার মধ্যে ৪২০.২৮ লক্ষ টাকা ব্যয় হয়েছে। নির্মিত ছাত্রী হোস্টেলের নিচ তলায় অফিস কক্ষ, ডাইনিং সুবিধাসহ অন্যান্য সুবিধাদি বিদ্যমান রয়েছে। ছাত্রীরা দোতলায় অবস্থান করছে। ছাত্রী হোস্টেলের সব কক্ষে ছাত্রীরা অবস্থান করছেন মর্মে পরিদর্শনের সময় জানা যায়।

৮.৪ খেলাধুলার যন্ত্রপাতি ও সরঞ্জাম সরবরাহ , ইলেকট্রিক্যাল সরঞ্জামাদি এবং আসবাবপত্র:

অনুমোদিত আরডিপিপিতে ৫টি ডিসিপ্লিনের টেবিল টেনিস, কারাতে , উশু, তায়কোয়ানদো ও ভলিবল এর জন্য মোট ১৯৬টি খেলাধূলার যন্ত্রপাতিও সরঞ্জাম সামগ্রী ক্রয় খাতে বরাদ্দকৃত ১৬৭.০০ লক্ষ টাকার মধ্যে ১৬৪.৬৮ লক্ষ, ৪৩৬৬টি ইলেকট্রিক্যাল সরঞ্জামাদি খাতে ৯১.৩৩ লক্ষ টাকার মধ্যে ৮১.৯৬ লক্ষ এবং ৭৫০টি আসবাবপত্র সংগ্রহ খাতে ৪৬.৩০ লক্ষ টাকার মধ্যে ৪৩.৬০ লক্ষ টাকা ব্যয় হয়েছে। প্রশিক্ষণ চলাকালিন সময়ে প্রশিক্ষকের সাথে আলাপকালে জানা যায়, আন্তর্জাতিক মানদন্ড অনুযায়ী নবীন প্রশিক্ষণার্থীদের প্রশিক্ষণ সুবিধা প্রদানের লক্ষ্যে চাহিদানুযায়ী খেলাধূলার যন্ত্রপাতি ও সরঞ্জাম সামগ্রী, ইলেকট্রিক্যাল সরঞ্জামাদি এবং প্রয়োজনীয় আসবাবপত্র সরবরাহ করা হয়েছে এবং সরবরাহকৃত সামগ্রী দিয়ে যথাযথভাবে প্রশিক্ষণ কার্যক্রম চলমান রয়েছে।

৮.৫ অন্যান্য পর্যবেক্ষণ:

(ক) পিসিআর প্রকল্পের আওতায় অডিট কার্যক্রম সংক্রান্ত কোন তথ্য সংযোজন করা হয়নি। বাস্তবায়িত প্রকল্পের এক্সটারনাল অডিট কার্যক্রম দ্রুত সম্পাদন করার লক্ষ্যে প্রয়াজনীয় উদ্যোগ গ্রহণ যেতে পারে।

(খ) প্রকল্পের আওতায় ২০১৬-২০১৭ অর্থবছরে ৭.৪৮ লক্ষ এবং ২০১৭-২০১৮ অর্থবছরে ১৮.৫৭ লক্ষ টাকা অব্যয়িত অর্থ যথানিয়মে সরকারি কোষাগারে জমা প্রদান করা হয়েছে। এ সংক্রান্ত চালানের সংশ্লিষ্ট কপিদ্বয় পিসিআরের সাথে সংযুক্ত করা হয়েছে।

(গ) অনুমোদিত আরডিপিপিতে অত্যাধুনিক স্টিল স্ট্রাকচারের নির্মিত অবকাঠামোর আকস্মিক দূর্ঘটনা এড়ানোর জন্য প্রাথমিক পর্যায়ের প্রয়োজনীয় কোন ফায়ার ফাইটিং ইক্যইপমেন্টের সংস্থান নেই। ভবিষ্যতে এ জাতীয় অবকাঠামো

নির্মাণসহ বড় আকারের অবকাঠামো নির্মাণে ফায়ার সার্ভিস ও ডিফেন্স অধিদপ্তরের পরামর্শক্রমে আকস্মিক দুর্ঘটনা এড়ানোর জন্য প্রাথমিক পর্যায়ের অত্যাবশ্যকীয় ফায়ার ফাইটিং ইক্যুইপমেন্টের সংস্থান রাখতে হবে।

(ঘ) মূল অনুমোদিত প্রকল্পটি বাস্তবায়নের সময় পরিলক্ষিত/উদ্ভুত সমস্যা অসুবিধা হতে পরিত্রাণের লক্ষ্যে প্রকল্পটি একবার সংশোধন করা হলেও নির্ধারিত মেয়াদে এবং মূল প্রাক্কলনের তুলনায় হ্রাসকৃত ব্যয়ে কার্যক্রম সম্পন্ন হয়েছে। এছাড়া প্রকল্প বাস্তবায়ন মেয়াদে প্রকল্প পরিচালক হিসেবে ২ (দুই) জন কর্মকর্তা অতিরিক্ত দায়িত্বে নিয়োজিত ছিলেন। প্রকল্প বাস্তবায়ন কার্যক্রমের মনিটরিং ও সুপারভিশন কাজের জন্য নিয়োজিত পরামর্শকের পাশাপাশি বিকেএসপি'র ইঞ্জিনিয়ারিং সেলের সংশ্লিষ্ট কর্মকর্তারা সম্পৃক্ত ছিলেন। নির্ধারিত সময়ে প্রকল্প বাস্তবায়নের এ ধরণের ধারাবাহিকতা বিকেএসপি'র বাস্তবায়নাধীন অন্যান্য প্রকল্পসহ যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের বাস্তবায়নাধীন সব প্রকল্পের ক্ষেত্রে অনুসরণীয় হতে পারে।

৯. প্রকল্পের উদ্দেশ্য ও অর্জন:

ক্র:নং	প্রকল্পের উদ্দেশ্য	অর্জন
১	বিকেএসপিতে নতুন অন্তর্ভুক্ত ৫টি গেম টেবিল টেনিস, কারাতে , উশু, তায়কোয়ানদো ও ভলিবল এর প্রশিক্ষণার্থীদের উন্নতমানের প্রশিক্ষণের সুবিধাদি সৃষ্টি করে বিজ্ঞানভিত্তিক প্রশিক্ষণের ব্যবস্থা করা।	ধর্ম-বর্ণ নির্বিশেষে দেশের সকল স্তরের জনগণের জন্য বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান (বিকেএসপি)-তে নতুন অন্তর্ভুক্ত ৫টি গেম (টেবিল টেনিস , তায়কোয়ানডো, কারাতে, উশু এবং ভলিবল) এর বিজ্ঞানসম্মত খেলাধুলা প্রশিক্ষণের সুযোগ সৃষ্টির লক্ষ্যে এবং জাতীয় এবং আর্ন্তজাতিক মানদন্ড অনুযায়ী দক্ষ খেলোয়াড় তৈরির লক্ষ্যে বিকেএসপিতে উন্নতমানের সিনথেটিক টার্ফসহ মাল্টি স্পোর্টস ইনডোর নির্মা ণ করা হয়েছে এবং এ সংশ্লিষ্ট প্রয়োজনীয় উপকরণ সংগ্রহ করা হয়েছে
২	প্রতিভাবান খেলোয়াড়দের বিজ্ঞানভিত্তিক উন্নত প্রশিক্ষণের ব্যবস্থা করে জাতীয় ও আন্তর্জাতিক প্রতিযোগিতায় সাফল্য অর্জন করা।	বিকেএসপি-তে নতুন অন্তর্ভুক্ত ৫টি গেম (টেবিল টেনিস, তায়কোয়ানডো, কারাতে, উশু এবং ভলিবল) এ প্রতি বছর ২০০ জনকে প্রশিক্ষণ প্রদান করার লক্ষ্যমাত্রার কথা উল্লেখ থাকলেও এ লক্ষ্যমাত্রা পর্যায়ক্রমে পূরণ করা হবে মর্মে উপস্থিত সিনিয়র কোচ অবহিত করেন।

১০. <u>উদ্দেশ্য পুরোপুরি অর্জিত না হলে উহার কারণ:</u>

যে উদ্দেশ্যে প্রকল্পটি গ্রহণ করা হয়েছিল তা যথাযথভাবে অর্জিত হয়েছে মর্মে প্রতীয়মান হয়।

১১. <u>পর্যবেক্ষণ ও বাস্তবায়ন সমস্যা:</u>

১১.১ বিকেএসপি'র রাজস্ব বাজেটের আওতায় প্রত্যেক বছর তৃণমূল পর্যায় হতে ক্রীড়া প্রতিভাবানদের অন্বেষণপূর্বক স্বল্পমেয়াদি প্রশিক্ষণ প্রদানের লক্ষ্যে কার্যক্রম বাস্তবায়িত হচ্ছে। এর মাধ্যমে প্রতি বছর বিকেএসপিতে নতুনভাবে অন্তর্ভুক্ত ৫টি গেম (টেবিল টেনিস, তায়কোয়ানডো, কারাতে, উশু এবং ভলিবল) এ সম্ভাবনাময় প্রশিক্ষণার্থী (সীমিত আকারে) অন্তর্ভুক্ত হচ্ছে। তবে এ ৫টি গেমের ক্রীড়া অবকাঠামোগত সুবিধাদি এবং প্রশিক্ষণের সুবিধাদি বিকেএসপি 'র আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্রে/অন্যান্য ক্রীড়া সংগঠন না থাকা/খুবই সীমিত আকারে থকার কারণে সম্ভাবনাময় প্রতিভাবান প্রশিক্ষণার্থী/আগ্রহীর সংখ্যা তুলনামূলক অনেক কম পরিলক্ষিত হচ্ছে।

১১.২ বিকেএসপিতে নতুনভাবে অন্তর্ভুক্ত ৫টি গেম (টেবিল টেনিস, তায়কোয়ানডো, কারাতে, উশু এবং ভ লিবল) এ প্রতি বছর ২০০ জনকে প্রশিক্ষণ প্রদান করার লক্ষ্যমাত্রার কথা প্রকল্পের আরডিপিপিতে প্রণীত লগফ্রেমে উল্লেখ থাকলেও প্রকল্প সমাপ্তির এ পর্যায়েও তা পূরণ হয়নি। বাস্তবায়নকারি সংস্থা কর্তৃক প্রদত্ত তথ্য অনুযায়ী টেবিল টেনিস -৩৭ জন, তায়কোয়ানডো-৩০ জন, কারাতে -২৮ জন, উশু-৩৬ জন এবং ভলিবল -৩৪ জন প্রশিক্ষণার্থী বিদ্যমান রয়েছে। বিদ্যমান প্রশিক্ষণার্থীদের অধিকাংশ অর্থ্যাৎ ৭৪-৮০% তৃণমূল পর্যায় হতে প্রতিভা অন্বেষণ কার্যক্রম হতে সংগৃহীত।

১১.৩ বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান (বিকেএসপি)-তে নতুনভাবে অর্ন্তভুক্ত ৫টি গেম (টেবিল টেনিস, তায়কোয়ানডো, কারাতে, উশু এবং ভলিবল) এর বিজ্ঞানসম্মত খেলাধুলা প্রশিক্ষণের সুযোগ সৃষ্টির লক্ষ্যে এবং আন্তর্জাতিক মানদন্ড

অনুযায়ী দক্ষ খেলোয়াড় তৈরির লক্ষ্যে আন্তর্জাতিক কোচ আবশ্যক। কিন্তু প্রয়োজনীয় অর্থ বরাদ্দের সুযোগ সীমিত থাকার কারণে আন্তর্জাতিক কোচ নিয়োগ করা সম্ভব হয়না।

১১.৪ বিকেএসপি-তে নতুনভাবে অর্ন্তভুক্ত ৫টি গেম (টেবিল টেনিস, তায়কোয়ানডো, কারাতে, উশু এবং ভলিবল) দেশব্যাপি বহুল প্রচলিত/জনপ্রিয় খেলা না হওয়ায় এবং তৃণমূল পর্যায়ে এগুলোর চর্চা /প্রসারতার সুযোগ না থাকায় তৃণমূল পর্যায় হতে ক্রীড়া প্রতি ভা অন্বেষণ কার্যক্রম যেমন একদিকে ফলপ্রসূ হয়না , অন্যদিকে অভিভাবাকরা তাদের সন্তানদের ভবিষ্যত বিবেচনায় এসব খে লায় সন্তানদের প্রশিক্ষণ গ্রহণে উৎসাহিত হন না। এছাড়া জেলা /উপজেলায় স্কুল পর্যায়ে বিভিন্ন ক্রীড়া প্রতিযোগিতা/টুর্নামেন্ট আয়োজনের সুযোগ থাকলে এ ধরণের প্র তিভা আরো ব্যাপকভাবে বিস্তৃত/বিকশিত হত।

১১.৫ অনুমোদিত আরডিপিপিতে অত্যাধুনিক স্টিল স্ট্যাকচারের নির্মিত অবকাঠামোর আকস্মিক দুর্ঘটনা এড়ানোর জন্য প্রাথমিক পর্যায়ের প্রয়োজনীয় কোন ফায়ার ফাইটিং ইক্যুইপমেন্টের সংস্থান ছিল না।

১১.৬ প্রকল্পটি জিওবি অর্থায়নে বাস্তবায়িত এবং সরকারের অর্থের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণে অডিট কার্যক্রম সম্পন্ন করা আবশ্যক । কিন্তু প্রকল্পের আওতায় কোন ইন্টারনাল ও এক্সটারনাল অডিট সম্পন্নের তথ্য পিসিআরে সংযোজন করা হয়নি।

১১.৭ খেলাধুলায় প্রশিক্ষণ গ্রহণের পর জাতীয় পর্যায়ে/১ম শ্রেণিভুক্ত খেলোয়াড় হতে না পারলে এসব প্রশিক্ষণার্থী/শিক্ষার্থীদের ভবিষ্যৎ প্রায় অনিশ্চিত হয়ে পড়ে। এছাড়া এদের একাডেমিক ফলাফলও স্বাভাবিকভাবে আশানুরূপ না হওয়ার কারণে চাকরিক্ষেত্রে তারা তেমন সফল হতে পারেন না। ফলে পরবর্তীতে তাদের জীবিকা নির্বাহসহ জীবনাযাপন অনেক দূর্বিষহ হয়ে পড়ে।

১২. মতামত/সুপারিশ:

১২.১ বিকেএসপিতে নুতনভাবে অর্ন্তভুক্ত ৫টি গেম (টেবিল টেনিস, তায়কোয়ানডো, কারাতে, উশু এবং ভলিবল) সহ বিদ্যমান ১৭টি ডিসিপ্লিনে সম্ভাবনাময় প্রতিভাবান প্রশিক্ষণার্থী/শিক্ষার্থীর সংখ্যা বৃদ্ধির লক্ষ্যে রাজস্ব বাজেটের আওতায় প্রতি বছর তৃণমূল পর্যায় হতে ক্রীড়া প্রতিভাবানদের অন্বেষণের নিমিত্ত স্বল্পমেয়াদি প্রশিক্ষণ প্রদান কার্যক্রমের পাশাপাশি অন্যান্য ফলপ্রসূ কার্যক্রম (স্কুল/কলেজে প্রচারণামূলক কার্যক্রমের মাধ্যমে উদ্বুদ্ধকরণ কর্মসূচি, বিকেএসপি'র আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্রে/অন্যান্য ক্রীড়া সংগঠনে সীমিত আকারে প্রশিক্ষণ সুবিধাদি সৃষ্টিকরণ ইত্যাদি) বাস্তবায়নের কার্যকরি উদ্যোগ গ্রহণ করা যেতে পারে (অনু ১১.১);

১২.২ বিকেএসপি-তে নতুন অর্ন্তভুক্ত ৫টি গেম (টেবিল টেনিস, তায়কোয়ানডো, কারাতে, উশু এবং ভলিবল) এ প্রতি বছর ২০০ জনকে প্রশিক্ষণ প্রদান করার লক্ষ্যমাত্রা অর্জনের পাশাপাশি গুণগত এবং টেকসই প্রশিক্ষণ প্রদানের লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের ওপর আরো বেশি গুরুত্বারোপ করতে হবে (অনু ১১.২);

১২.৩ প্রয়োজনীয় অর্থ বরাদ্দের সুযোগ সীমিত থাকার কারণে দীর্ঘমেয়াদি কোচ নিয়োগ সম্ভব না হলে সাময়িকভাব আন্তর্জাতিক কোচ নিয়োগ করা হলে আর্ন্তজাতিক মানদন্ড অনুযায়ী দক্ষ খেলোয়াড় তৈরি এবং বিজ্ঞানসম্মত খেলাধুলা প্রশিক্ষণের সুযোগ সৃষ্টির সম্ভাবনার দ্বার উম্মোচিত হবে। এর মাধ্যমে দেশিয় প্রশিক্ষকদেরও রিফ্রেশমেন্ট প্রশিক্ষণের সৃযোগ সৃষ্টি হবে। এ লক্ষ্যে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের উদ্যোগ নিতে হবে (অনু ১১.৩);

১২.৪ তৃণমূল পর্যায় হতে ক্রীড়া প্রতিভা অন্বেষণ কার্যক্রম কায়করি ও ফলপ্রসূ করার লক্ষ্যে এবং প্রতিভাবান/উপযুক্ত ফিজিক্যাল ফিটনেসধারীদের অভ ভাবকদের উৎসাহিত করতে জেলা/উপজেলায় স্কুল পর্যায়ে বিভিন্ন ক্রীড়া প্রতিযোগিতা/নিয়মিত টুর্নামেন্ট আয়োজনের সুযোগ সৃষ্টি/বৃদ্ধির লক্ষ্যে শিক্ষা মন্ত্রণালয়ের সহযোগিতায়/সমন্বয়ে যুব ও ক্রীড়া মন্ত্রণালয় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে (অনু ১১.৪);

১২.৫ খেলাধুলায় প্রশিক্ষণ গ্রহণের পর জাতীয় পর্যায়/১ম শ্রেণিভুক্ত খেলোয়াড় হতে না পারলে প্রশিক্ষণার্থী/শিক্ষার্থীদের ভবিষ্যৎ প্রায় অনিশ্চিত হয়ে পড়ে। এসব প্রশিক্ষণার্থী/শিক্ষার্থীদের ভবিষ্যৎ কেন্দ্রীয়ভাবে উদ্যোগ গ্রহণের মাধ্যমে নিশ্চিত করা গেলে শিক্ষার্থীদের আগ্রহ/অভিবাবকদের উৎসাহ আরো বৃদ্ধি পেত । এ বিষয়ে সংশ্লিষ্ট মন্ত্রণালয় প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে পারে ।

১২.৬ ভবিষ্যতে স্টিল স্টাকচারের অবকাঠামো নির্মাণসহ বড় আকারের অবকাঠামো নির্মাণে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের পরামর্শক্রমে আকস্মিক দুর্ঘটনা এড়ানোর জন্য প্রাথমিক পর্যায়ের অত্যাবশ্যকীয় ফায়ার ফাইটিং ইক্যুইপমেন্টের সংস্থান রাখতে হবে (অনু ১১.৫);

১২.৭ প্রকল্পের অনুকূলে বরাদ্দকৃত অর্থের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণে এক্সটারনাল অডিট কার্যক্রম সম্পন্ন করে অডিট রিপোর্ট আইএমইডিসহ সংশ্লিষট অন্যান্য দপ্তরে প্রেরণ করতে হবে (অনু ১১.৬);

১২.৮ নির্ধারিত মেয়াদে ও অনুমোদিত প্রাক্কলিত ব্যয়ের মধ্যে প্রকল্প সমাপ্তির ধারাবাহিকতা গুড প্র্যাকটিস হিসেবে যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের বাস্তবায়নাধীন অন্য সব প্রকল্পের ক্ষেত্রে অনুসরণীয় হতে পারে (অনু ৮.৫ এর ঘ অংশ)

১২.৯ উপরোল্লিখিত সুপারিশসমূহের আলোকে সংশ্লিষ্ট মন্ত্রণালয় কর্তৃক গৃহীত ব্যবস্থাদি সম্পর্কে আগামী ২০ (বিশ) কার্যদিবসের মধ্যে এ বিভাগকে অবহিত করতে হবে।



চিত্রঃ প্রকল্পের আওতায় নির্মিত বিকেএসপি'র মাল্টি স্পোর্টস কমপ্লেক্স।



চিত্রঃ টেবিল টেনিস প্রশিক্ষণের জন্য সংগৃহীত ক্রীড়া সামগ্রীর একাংশ।



চিত্রঃ ৫টি গেমের মধ্যে উশু প্রশিক্ষণে প্রশিক্ষণরতদের একাংশ।



চিত্রঃ তায়কোয়ানদো প্রশিক্ষণে কলাকৌশলরত প্রশিক্ষণার্থীবৃন্দ।



চিত্রঃ প্রকল্পের ৫টি গেমের মধ্যে কারাতে প্রশিক্ষণের অংশবিশেষ।



চিত্রঃ নির্মিত দ্বিতলবিশিষ্ট ছাত্রী হোস্টেলের একাংশ।